১৬ পাতার সংখ্যা

কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 38 ■ Issue No. 29 ■ 19th July 2025 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

JADAVPUR UNIVERSITY
School of Environmental Studies, Jadavpur University Main Campus
188, Raja S.C. Mallick Road, Kolkata-32, Ph: +916291440741
Admission to Advanced Diploma in Industrial Safety & Environmental Management (18 months)
Last date: 30-7-25
Qualification ; B.Sc (PCM) / BE/ B.Tech / B.Arch/B.Pharm/Diploma
No age bar, Seat : 40, Fees: 50,000/-, Date of Interview : 16-8-25 & 17-8-25
For details click this link : https://jadavpuruniversity.in/notifications/admission-to-advanced-diploma-in-industrial-safety-environmental-management-2025-26/

প্রার্থী বাছাই পরীক্ষা হবে কলকাতায়

ইন্টেলিজেন্স ব্যুরোয় ৩,৭১৭ অফিসার

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন ইন্টেলিজেন্স ব্যুরো 'অ্যাসিস্ট্যান্ট সেন্ট্রাল ইন্টেলিজেন্স অফিসার, গ্রেড-।। /এক্সিকিউটিভ' পদে ৩,৭১৭ জন ছেলেমেয়ে নিচ্ছে।

যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১০-৮-২০২৫'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলা ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রতিবন্ধীরা আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। শূন্যপদ: ৩,৭১৭টি (জেনাঃ ১,৫৩৭, ও.বি.সি. ৯৪৬, তঃজাঃ ৫৬৬, তঃউঃজাঃ ২২৬, ই.ডব্লু.এস. ৪৪২)। চাকরি হবে নন-গেজেটেড, নন মিনিস্ট্রিয়াল পদে, ভারতের যেকোনো জায়গায়।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। পরীক্ষা হবে দু'টি পর্যায়ে (টায়ারে)। প্রথম পর্যায়ে (প্রথম টায়ারে) ১০০ নম্বরের ৬০ মিনিটের পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৫টি বিষয়ে : কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল স্টাডিজ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, রিজনিং /লজিক্যাল অ্যাপ্টিটিউড, ইংলিশ। প্রতি পার্টে ২০টি প্রশ্ন থাকবে ও প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

দ্বিতীয় পর্যায়ে (দ্বিতীয় টায়ারে) ৫০ নম্বরের ৬০ মিনিটের পরীক্ষায় ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : প্রবন্ধ লেখা (২০ নম্বর), ইংরিজি

এরপর ৪ পাতায়

LL.B (3 Yrs)
Direct Admission
যোগ্যতা : যেকোন বয়সে এবং যেকোন University-র গ্র্যাজুয়েট ও 45% নম্বর, SC/ST - 40%
LL.B (5 Yrs), LL.M
'ল' পয়েন্ট
9830132343, 6290760935
১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা-৭০০০০৯

প্রতিরক্ষা সংস্থায় ১,০৯৭ চার্জম্যান

নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন নৌবাহিনীর ইস্টার্ণ ন্যাভাল কমান্ড, ওয়েস্টার্ণ ন্যাভাল কমান্ড, সাউদার্ন ন্যাভাল কমান্ডে কাজের জন্য ট্রেডসম্যান মেট, চার্জম্যান (ন্যাভাল অ্যাভিয়েশন), চার্জম্যান (অ্যামিউনিশন

এরপর ১২ পাতায়

স্কুল সার্ভিসে দরখাস্ত করার শেষ তারিখ বেড়ে ২১ জুলাই হল, পরীক্ষা সেপ্টেম্বরেই

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশনের 2nd SLST পরীক্ষার অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ২১ জুলাই হয়েছে।

মাধ্যমিক স্কুল ও উচ্চমাধ্যমিক স্কুলের নবম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ২৩,২১ ২টি আর একাদশ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১২৫১৪টি শূন্যপদের জন্য 2nd SLST'র মাধ্যমে অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছিল ১৬ জুন থেকে ১৪ জুলাই বেলা ৫টা পর্যন্ত। টেকনিক্যাল ত্রুটি ও সার্ভার সংক্রান্ত সমস্যা আর ও.বি.সি.

এরপর ১৫ পাতায়

রেলে ৩৭৪ অ্যাপ্রেন্টিস

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রকের অধীন, বেনারস লোকোমোটিভ ওয়ার্ক্স 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩৭৪ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, কার্পেন্টার,

এরপর ১৪ পাতায়

দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ডের মাধ্যমে ২,১০৯ শিক্ষক ও ওয়ার্ডার

নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি : দিল্লি সরকারের অধীন সংস্থা দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার' পদে ২,১০৯ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদে আবেদনের যোগ্য :

পোস্ট কোড 01/25 : ম্যালেরিয়া ইন্সপেক্টর। মাধ্যমিক পাশরা স্যানিটারি ইন্সপেক্টর বা, ম্যালেরিয়া ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। মশা নিয়ন্ত্রণ সংক্রান্ত ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। শূন্যপদ :

এরপর ১৬ পাতায়

সঠিক পথে স্কুলে চাকরির সেরা পথ প্রদর্শক
সাফল্য
SLST'র বিষয়ভিত্তিক পরীক্ষার নির্বাচিত প্রশ্নোত্তরের প্র্যাক্টিস সেট অনুশীলন করলে সাফল্য নিশ্চিত
সঙ্গে পাবেন
স্কুলের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পরীক্ষার সাফল্যের উপযোগী প্রশ্নোত্তর
যোগাযোগ
6291684943

বিমানবাহিনীতে এয়ারম্যান

নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি : ভারতীয় বিমানবাহিনী 'গ্রুপ-'Y' (নন-টেকনিক্যাল) ক্যাটেগরিতে 'মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট' ও 'মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ডিপ্লোমা/বি.এসসি. ইন ফার্মাসি)' ট্রেডে 'এয়ারম্যান' (Airmen Intake 02/2026) পদে কিছু ছেলে নিচ্ছে।

মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট : ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে অন্তত ৫০%নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারবেন। ওইসব বিষয় নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরাও ওই শতকরা

এরপর ৬ পাতায়

AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে ২১,৩৩২ চাকরি

শুরুতেই মাইনে বছরে ২.৪০ থেকে ৩ লাখ টাকা

কলকাতা ও হায়দরাবাদে

সৈকত হালদার, সল্টলেক : সম্প্রতি বিখ্যাত আই টি প্রযুক্তি সংস্থা IBM এর সিইও অরবিন্দ কৃষ্ণা ঘোষণা করেন, তাঁর সংস্থায় গত ৩ মাসে ৭,২২১ জন চাকরি পেয়েছেন। তারমধ্যে প্রায় ৩,৫০০ জন চাকরি পেয়েছেন শুধুমাত্র ডিজিটাল

এরপর ১৫ পাতায়

কর্মসংস্থান পত্রিকার উদ্যোগে এবার কল্যাণীতে

কেরিয়ার ফেয়ার

১৮ ও ১৯ জুলাই (শুক্র ও শনিবার)

নিজস্ব প্রতিনিধি, কল্যাণী : এবছর যাঁরা মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন, তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে ভালো কেরিয়ার তৈরি করা যাবে, অথবা

এরপর ১৪ পাতায়

কোস্ট গার্ডে ১৪০ অফিসার

নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের ভারতীয় উপকূলরক্ষী বাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড), গ্রুপ 'এ' গেজেটেড অফিসার পদমর্যাদার 'অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট' (ব্যাচ নং ২০২৭) পদে ১৪০ জন

এরপর ৬ পাতায়

৫২ জার্নিম্যান

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড 'জার্নিম্যান' পদে ৫২ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য : জার্নিম্যান (স্ট্রাকচারাল ফিটার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই.

এরপর ১২ পাতায়

এয়ারপোর্টে ৩৪ অ্যাপ্রেন্টিস

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার কলকাতা অফিস গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ও আই.টি.আই. ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে ৩৪

এরপর ১২ পাতায়

GENEX SUPTENNDU GROUP
সায়েন্স নেই? আমরা আছি তোমার পাশে!!
এখন আর্টস ও কমার্সের ছাত্রছাত্রীরাও নার্সিং ও ফার্মেসি করার সুযোগ পাবে।
GENEX PRIVATE ITI
Affiliated by NCVT & SCVT
ELECTRICIAN, WELDER FITTER, COSMETOLOGY
মাত্র 25 হাজার টাকা কোর্স ফি
GENEX NURSING INSTITUTE (Male)
I.N.C স্বীকৃত ও W.B.N.C. অনুমোদিত
GNM & B.Sc.
GNM কোর্স ফি 3 লক্ষ টাকা
Lakshmi Pharmacy Institute
(PCI স্বীকৃত ও WBSCTVE & SD অনুমোদিত)
D.PHARMA
1.10 লাখ টাকা কোর্স ফি
5 minute from Chuchura Station, Sugadha, Hooghly
6290094671 / 9748305453

কর্মসংস্থান
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

স্কুল-কলেজ-শিক্ষা

NIOS রবীন্দ্র BOSSE
MP, HS, UG, PG, Nursing, B.Ed, D.Pharm অন ডিমান্ডে 70% গ্যারান্টি। হুগলি- 7003156422
R

ফিজিওথেরাপি, অপ্টোমেট্রি, ECG, প্যাথোলজি (DMLT), X-Ray, নার্সিং, Diet কোর্সে ভর্তি চলছে। CBMC, 32 সূর্য সেন স্ট্রীট, কলি-9, 7980637213
CM

'আর্ট অফ আর্নিং' শেয়ার/অপশন মার্কেট - বইটি বাংলাতে পড়ুন ও অন/অফ লাইন ট্রেনিং নিয়ে আয় করুন- Contact : 8910472295
K

কর্মসংস্থান
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆ : 7890135514

স্কুল-কলেজ-শিক্ষা

Regular/Distance/Online Mode-এ আপনার মূল্যবান ডিগ্রি অর্জন করুন এবং কর্মক্ষেত্রে সুবিধা নিন — ভর্তি চলছে UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে B.A, M.A, M.Sc, LLB, B.Ed, M.Ed, M.B.A, Diploma, B.Tech, M.Tech, P.Hd – Bright Future, আরামবাগ, বর্ধমান, কোলকাতা-8373010007
S

Admission Going on
B.Ed. & D.El.Ed. (2025-27) Binita Mohanta College of Education. Regd by NCTE, Hooghly (M) : 9143288787
SH

কর্মখালি

Blue Airways - গ্রাউন্ড স্টাফ, ট্রলি বয়, হাউসকিপিং, রিশেপসনিস্ট, Peon, Checking, ব্যাক অফিস পুরুষ-মহিলা চাই। বেতন : 18K–65K. ESI, PF, OT. Mob : 9038103014.
SP

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

কর্মখালি

WBSEDCL – কন্ট্রাক্টরের অধীনে নিজের জেলায় আর্জেন্ট জব। স্যালারি : 28K–86K, মোট আসন : 3586, PF, ESI, বোনাস। M/F নিয়োগ। যোগ্যতা : 8th–স্নাতক। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 8961450518
SA

বরোদা Bank DSA-তে
জেলাভিত্তিক যোগ্যতানুযায়ী পুরুষ ও মহিলা কর্মী নিয়োগ চলছে। বেতন- 19K–45K+ বোনাস, ESI, PF, Ex-আর্মি SC, ST-দের বিশেষ সুবিধা। M : 9564392790
SA

নিয়োগ বিজ্ঞপ্তি
এয়ারপোর্ট-এ যোগ্যতানুযায়ী বিভিন্ন অফিসিয়াল পদে ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। বেতন : 21700–68900. যোগ্যতা : MP–স্নাতক ও উর্দ্ধে। OT-সহ থাকা ও খাওয়া ফ্রী। যোহগাযোগ : M : 7890235547
SA(A)

কর্মখালি

AXIS BANK DSA-তে
21টি জেলায় নিয়োগ। যোগ্যতা : SF–উর্দ্ধে, বেতন : (22K–48K), ইনসেনটিভ, ইনক্রিমেন্ট, T.A, ST, SC, OBC-দের ছাড় আছে। বিশদ জানতে ফোন করুন : 9002976419
SP

বন্ধন ব্যাঙ্কে DSA আর্জেন্ট জব। যোগ্যতা : 8th–স্নাতক। সরাসরি নিয়োগ। মোট 980 জন। বেতন : 24K–82K. বয়স : 18–56. PF, ESI, বোনাস। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 8584079561
SA

ব্যাঙ্কে পার্মানেন্ট জব নিজ জেলায় পোস্টিং
প্রাইভেট ব্যাঙ্কে নিজের জেলায় যোগ্যতা অনুযায়ী পার্মানেন্ট চাকরির সুবর্ণ সুযোগ। 10 পাশ + যোগ্যতায় মোট 198 জন M/F নেওয়া হবে। বেতন : 22400+. প্রমোশন আছে। PF, ESI পাবে। যোগাযোগ M : 9547413841
SA

বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা বা, বিজ্ঞাপন সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

I.T.I Training করে বিভিন্ন Industry তে চাকরি করুন
National Council for Vocational Training N.C.V.T (Govt. Of India) দ্বারা অনুমোদিত & D.I.T (Govt. of West Bengal)

রবীন্দ্র পাঠ ভবন®
ITI
Skill India
100% চাকুরির সহায়তা | সরাসরি ভর্তি চলছে

Electrician Fitter
Civil Draughtsman Surveyor
BELGHARIA, 24 PGS. (N), KOL- 49

সরকারি Teachers Training
মন্তেশ্বরি বেস প্রাইমারি ও প্রি-প্রাইমারি
N.C.V.T, Govt. of India অনুমোদিত
English Medium School এ চাকুরির ব্যবস্থা
Belgharia, Kalyani, Arambagh, Burdwan, Rishra

সরকারি ITI-এ ভর্তির সুযোগ
Govt. ITI কলেজে Management Seats
সরাসরি ভর্তি চলছে
Arambagh Government ITI (Hooghly)
Gorubathan Government ITI (Kalimpong)
• SC, ST, OBC Scholarship • Education Loan
• Hostel Facility • Course Fees অন্যান্য ITI থেকে কম
8335047935
9007760530
Web : rabindrapathbhabantechnical.com

Admission in Government Recognised Paramedical Courses 2025-26

DIPLOMA COURSE

- Diploma in Medical Laboratory Technology
- Diploma in Radiology & Imaging Technology
- Diploma in Operation Theatre Technology
- Diploma in Physiotherapy
- Diploma in Neurology Technician

ELIGIBILITY
H.S (12th pass) / [Preferably with Physics, Chemistry & Biology]
AGE
Minimum 17 years
DURATION
24 months + 6 months Internship covering 3,000 hours.

CERTIFICATE COURSE

- PHARMA SALES EXECUTIVE
- MEDICAL LABORATORY ASSISTANT
- GENERAL DUTY ASSISTANT (GDA) with CRITICAL CARE

2025-26 সেশনে ভর্তির বিজ্ঞপ্তি

●ELIGIBILITY : Class 10 / EQUIVALENT ●Age- MINIMUM 16 ●Duration : 6 months +3 months Internship ON JOB TRAINING

Validity of Certificate : ■ All diploma certificate are valid for Central / State Government job including all private sector hospitals /diagnostic centres & laboratories. ■ **Hospital Practical** - During 2 years class room training we provide 1,000 hours intensive in renowned hospitals /clinics/ diagnostic centers which is helpful to get internship (T & C Applicable). ■ **Internship** - 6 months internship in Govt. Medical Colleges for Diploma Holders / Multi Speciality Hospital & Diagnostic Centres ■ **Infrastructure** - Air condition laboratories with ultra modern equipments. ■ **Class room**- All air conditioned, Digital Class rooms. ■ **Library** - Well maintained library with all subject Books, Magazine, Journals. ■ **Faculty**- Post Graduate faculty in relevant field & renowned retired Professors from Medical Colleges. ■ **Placement**- Job assistance up to 1 year through our job portal. Our placement track record shows above 80% in Government sponsored and market led programme. *Apply For Affiliation.
* (T & C applicable)

SCHOOL OF MEDICAL TECHNOLOGY
Contact: 92315 20480 / 98747 60012 / 86978 72304 / 033 22272310
Address : 24, Girish Chandra Bose Road, 3rd Floor, Entally (Above Entally SBI Bank) Kolkata : 700014
Website: www.ssmtskill.com

পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত

ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভর্তি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাস এ রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভারতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির এপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েকহাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ ছাত্র- ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুন বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এক্ষনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881 ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

কাজের উপযোগী সরকার স্বীকৃত নানান প্যারামেডিক্যাল কোর্স করে চাকরির সুযোগ

বিশেষ প্রতিনিধি, কলকাতা : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজিতে হেলথকেয়ার ও প্যারামেডিকেল কর্মমুখী সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স করানো হয়। এই প্রতিষ্ঠানটি স্থাপিত হয় ১৯৯২ সালে। পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয় ও পশ্চিমবঙ্গ কারিগরি সংসদ এর অধীনে এই প্রতিষ্ঠানটির প্যারামেডিকেল কোর্সের প্রশিক্ষণ শুরু হয় ২০০৩ সাল থেকে। ২০১৫ সালে এই প্রতিষ্ঠানটি দক্ষতা বৃদ্ধি প্রকল্প রূপায়ণে ভারত সরকারের মিনিস্ট্রি অফ স্কিল ডেভেলপমেন্ট অধীন ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে মৌ-চুক্তি স্বাক্ষরিত হয়।

এই কোর্সগুলি করে যেহেতু সরকারি ও বেসরকারি ক্ষেত্রে চাকরি পাওয়া যায়, তাই কোর্সগুলির বেশিরভাগটাই হয় প্র্যাকটিক্যাল ভিত্তিক। এখানে রয়েছে অত্যন্ত উন্নতমানের সর্বাধুনিক পরিকাঠামো ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, যারা নিরলস পরিশ্রম করে ছাত্র ছাত্রীদের পেশাদার ও দক্ষ টেকনিশিয়ান করে তুলতে সাহায্য করেন। এছাড়াও এই প্রতিষ্ঠানটির রাজ্যব্যাপী ৩০টির বেশি হাসপাতালের সঙ্গে মৌ-চুক্তি রয়েছে। প্রশিক্ষণের শেষে দক্ষতার বিচারে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগ হয় এবং সম্পূর্ণ দক্ষ কর্মীরাই এইসব প্রতিষ্ঠানে চাকুরি পেয়ে থাকেন। প্রতিটি বিষয়ে দক্ষ ও পেশাদার কর্মী তৈরি করার কারিগর আমরা। ভারত সরকারের এবং পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধি প্রকল্পে একটি অগ্রগামী প্রতিষ্ঠানরূপে সাফল্যের প্রমাণ রাখতে পেরেছে। এখান থেকে পাস করা ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন প্রদেশে সরকারি ও বেসরকারি হাসপাতালে ও ডায়াগনস্টিক সেন্টারে কর্মরত। ২০২৫-২৬ শিক্ষাবর্ষে নিম্নলিখিত কোর্সে ভর্তি চলছে — ডিপ্লোমা কোর্স (যোগ্যতা ঃ উচ্চ মাধ্যমিক / কিছু বিষয়ে বিজ্ঞান অগ্রগণ্য) : Duration : ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ — ১) মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি; ২) অপারেশন থিয়েটার টেকনোলজি; ৩) ফিজিওথেরাপি টেকনোলজি; ৪) রেডিওলজি অ্যান্ড ইমেজিং টেকনোলজি; ৫) নিউরোলজি টেকনিশিয়ান। সার্টিফিকেট কোর্স (যোগ্যতা ঃ মাধ্যমিক / সমতুল্য) Duration : ৬ মাস — ১) অ্যাসিস্ট্যান্ট জিডিএ-ক্রিটিক্যাল কেয়ার (Nursing); ২) মেডিকেল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট। কোর্স ফিস আপনার সাধ্যের মধ্যে। যোগাযোগ : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কোলকাতা- ৭০০০১৪ মোবাইল ঃ ৯২৩১৫২০৪৮০ / ৯৮৭৪৭৬০০১২ / ০৩৩-২২২৭২৩১০ । Website : www.ssmtskill.com

প্রগতি ITI-এ ভর্তি বহরমপুর ও কৃষ্ণনগরে

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৫ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

All India Institute of Local Self Government, Mumbai অনুমোদিত ও সরকার স্বীকৃত

Sanitary Inspector

ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে

(যোগ্যতা : SI (H.S & Computer Basic))

শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — স্বাস্থ্যমন্ত্রক, রেল, Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, ও অন্যান্য ক্ষেত্রে।

(এখানে CMS & ED কোর্স করানো হয়)

সদ্য বেরনো মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষায় ১৯টি পদে বেশিরভাগ সফল IIHT এর প্রার্থীরা

IIHT www.iiht.in (11 AM to 4 PM)
225 B. B. Ganguly Street Bowbazar. Kol-12
9836396734, 7003224427
9051260924. 9831774517

Clinical Research Centre (CRC), JU

Kolkata – 700 032

In Collaboration with Manipal Hospital Ltd., Kolkata announces Certificate Course in **"Dialysis Technician".**

Duration : 9 months,
Eligibility : H.S (Science) and Above.
Last Date of Application 21 August 2025.
100% Job Assistance.
Cont. : **9088401354**

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি.এফ. ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কোলকাতা-৭০০০৬৪

বিনা ব্যয়ে নার্সিং ট্রেনিং

(General Duty Assistant - Healthcare)

তপশিলী জাতি সম্প্রদায়ভুক্ত যুবক/যুবতীদের স্ব-নির্ভরতার লক্ষ্যে বিনা ব্যয়ে General Duty Assistant - Healthcare কোর্স করার সুযোগ।

যোগ্যতা : মাধ্যমিক পাস। বয়স: ১৮ থেকে ৩৫ বছর। পরিবারের বার্ষিক আয় অনুর্ধ ৩,০০,০০০/-

প্রশিক্ষন কেন্দ্র

(১) শান্তিপুর (নদিয়া) : ৯৮০০২০৫৪৬৬, (২) আলিপুরদুয়ার টাউন (আলিপুরদুয়ার) : ৯৭৭৫১৪১২২২, (৩) বালুরঘাট (দক্ষিণ দিনাজপুর) : ৮৯৬৭০৬২৯৫৭, (৪) চাঁচল (মালদা) : ৯৪৩৪৬৮৩৬৭৩, (৫) আহিরণ (মুর্শিদাবাদ) : ৯০০২৪১৫১৭১, (৬) ঝাড়গ্রাম (ঝাড়গ্রাম) : ৯৪৩৪৬০০৩২৩, (৭) খড়িবাড়ি (দার্জিলিং) : ৯৬১৪৬২২৭৯০, (৮) হলদিবাড়ি (কোচবিহার) ৮৯৭২৪৮০০৯৭, (৯) কোচবিহার টাউন (কোচবিহার) : ৯৯৩২৩০৭৯২৫।

প্রকল্প রূপায়নে PRAGATI | Head Office: 73/1 Swarnamoyee Road, Berhampore, Murshidabad. M 9475878353

ছায়া প্রকাশনী
Infinite learning

CAREER BOOKS

2ND SLST

100% PRACTICE SETS



₹ 165
Assistant Teacher (XI–XII)
Education (PG)



₹ 175
Assistant Teacher (IX–X + XI–XII)
History (GRAD + PG)



₹ 175
Assistant Teacher (XI–XII)
Political Science (Hons. + PG)



₹ 175
Assistant Teacher (IX–X + XI–XII)
Geography (GRAD + PG)

Chapter-wise Practice Papers
Suggestive Mock Papers
100% Hint & Explanation
OMR Sheet for Practice

2025-26 EDITION
60 MARKS

BE EXAM READY WITH 100% PRACTICE

সবচেয়ে কম কোর্স ফী'তে সবচেয়ে বেশি মাইনের চাকরি দিয়ে নজির গড়ল BNG হোটেল ম্যানেজমেন্ট

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়নের একটি সার্ভে রিপোর্টে দেখা গেছে, উচ্চমাধ্যমিক পাশের পর সবচেয়ে বেশি যে সেক্টরে লোক নিয়োগ হয়, সেটি হল হোটেল ও ট্যুরিজম সেক্টর। কারণ, প্রতি মাসে সারা দেশে ৩০ থেকে ৪০টি নতুন হোটেল তৈরি হচ্ছে। অর্থাৎ এই সেক্টরে সারা দেশে প্রতি ৩ মাসে ৫০ থেকে ৬০ হাজার নিয়োগ হয়। এই বিপুল সংখ্যক নিয়োগের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে? রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট এর চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল এর উত্তরে জানালেন, "দেখুন, আমাদের দেশের সবচেয়ে গ্রোয়িং সেক্টর হল হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট। এখানে সারা বছর ধরে নিয়োগ লেগেই থাকে। কিন্তু ঠিকঠাক প্রফেশনালসদের অভাব সবসময় রয়েছে। কারণ আমাদের রাজ্যে খুব কম প্রতিষ্ঠানই আছে যেখান থেকে ট্রেনিং নিলে দেশ বা বিদেশের যেকোনো বড়ো ব্র্যান্ডের হোটেলে সহজেই চাকরি পাবে।" আর এই ধরনের কোয়ালিটি প্লেসমেন্ট দেওয়ার ব্যাপারে অনন্য নজির গড়ল কলকাতার নিউটাউনের কাছে থাকা BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। এখান থেকে পাশ করে সবচেয়ে বেশি মাইনের চাকরি হয় দেশের অন্যতম সেরা হোটেল গ্রুপ Taj, Hyatt Regency, Fairflied, Hillton, ITC, Park Inn, The Lalit, Ibis, The Oberoi Group, Marriot, Radisson, Trident, The Leela, Sheraton-এ। এটি এমন একটি প্রতিষ্ঠান যেখানে অ্যাডমিশনের প্রথম দিন থেকেই ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে ট্রেনিংয়ের (৬ মাস থেকে ১ বছরের) মাধ্যমে আয় করে। এখানে সার্টিফিকেট, ডিপ্লোমা, ভোকেশনাল ও হোটেল ম্যানেজমেন্টের ওপর বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স পড়ানো হয়। ন্যূনতম যোগ্যতা উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। এখান থেকে পড়ে সবাই চাকরি পায়। কীভাবে? উত্তরে কলেজের চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল জানালেন যে, 'আমাদের কোর্স পাশ করে কেউ বসে থাকে না। চাকরি পাবেই। কারণ : (১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রির সেরা রুম মেনটেন্যান্স ল্যাব, মডার্ন হাউসকিপিং, ফাইভ স্টার রিসেপশন সেট আপ, (২) হোটেল ম্যানেজমেন্টে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞ ফ্যাকাল্টি, (৩) কোর্সের প্রথম দিনেই এখানকার ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে পাঠানো হয় যাতে অন জব ট্রেনিং (OJT) এমন ভাবে হয় যে, সেখান থেকেই তারা সরাসরি চাকরির অফার পেয়ে যায়, (৪) প্রত্যেকটি কোর্সের ক্ষেত্রে ভরতির সময় জব বন্ড লেটার আবশ্যিক, (৫) কোর্স শুরুর ১ সপ্তাহের মধ্যে কলকাতার সেরা সেরা পাঁচতারা হোটেলে এখানকার ছেলেমেয়েরা ইন্টার্নশিপ করে। এই সময় স্টাইপেন্ড হিসাবে মাসে ৫,০০০ থেকে ১০,০০০ টাকা পাওয়া যায়। (৬) ন্যাশনাল ও ইন্টারন্যাশনাল হোটেলিয়ারদের সাথে কাস্টমাইজড ইন্ডাস্ট্রিয়াল ব্রিজিং যাতে এখানকার ছেলেমেয়েরা মুম্বই, পুনে, ব্যাঙ্গালোর, ম্যাঙ্গালোর, হায়দরাবাদ, কলকাতা সহ গ্রেড-এ শহরের সেরা হোটেল ব্র্যান্ডে খুব সহজেই প্লেসড হতে পারে। দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি দেশে ইন্টারন্যাশনাল প্লেসমেন্টের জন্য আলাদা সেল, (৭) এখান থেকে পাশ করে শুরুতেই মাইনে হয় বছরে ২,১০,০০০ টাকা থেকে ২,২০,০০০ টাকা পর্যন্ত — যা এই সেক্টরে অত্যন্ত বিরল। (৮) সমাজে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের সহজ কিস্তিতে কোর্স ফি দেওয়ার সুবিধা, (৯) গ্যারান্টার ছাড়া ব্যাঙ্ক লোনের সুবিধা। এছাড়াও স্কলারশিপের ব্যবস্থাও আছে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে চুপচাপ ঘরে বসে না থেকে, দেশের সেরা সেরা হোটেলে বিভিন্ন পদে চাকরি পেয়ে নিজেদের ভবিষ্যৎ নিজের হাতে গড়ার ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 8777468438 / 9674062259 অথবা চলে আসুন সরাসরি এই ঠিকানায় : BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, সেক্টর-৫, কলকাতা।

উচ্চ মাধ্যমিক যোগ্যতায় ১১ মাসের মধ্যে বছরে ২,১০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি ৬ মাসে এই সেক্টরে কলকাতায় ৫,০০০ থেকে ৬,০০০ চাকরি হয়।

BNG HOTEL MANAGEMENT INSTITUTE

ইন্টেলিজেন্স ব্যুরোয় ৩,৭১৭ অফিসার

১ পাতার পর

কমপ্রিহেনশন (১০ নম্বর), কারেন্ট অ্যাফেয়ার্স, অর্থনীতি, সোশিও পলিটিক্যাল ইস্যু নিয়ে ২টি প্রশ্ন (২০ নম্বর)। পরীক্ষা হবে কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। পরীক্ষা কেন্দ্র হিসাবে ৫টি কেন্দ্র বাছতে পারবেন। প্রথম পার্টের পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে কাট অফ নম্বর জেনারেল প্রার্থীদের বেলায় ৩৫, ও.বি.সি. প্রার্থীদের বেলায় ৩৪, ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ৩৫, তপশিলী প্রার্থীদের বেলায় ৩৩ পেতে হবে। এই নম্বর পেলে তবে দ্বিতীয় পার্টের উত্তরপত্র মূল্যায়ন করা হবে। প্রথম পার্টে পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীর নাম ধরে দ্বিতীয় পার্টের উত্তরপত্র দেখা হবে। দ্বিতীয় পার্টে ৫০ নম্বরের মধ্যে ন্যূনতম ১৭ নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। প্রথম ও দ্বিতীয় পার্টে পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ১০০ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ইন্টারভিউয়ে সাইকোমেট্রিক বা, অ্যাপ্টিটিউড টেস্ট হবে।

টায়ার-I, টায়ার-II ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা তৈরি হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ জুলাই থেকে ১০ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mha.gov.in, www.ncs.gov.in এজন্য বৈধ ১টি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ও রিক্রুটমেন্ট প্রসেসিং চার্জ বাবদ ৫৫০ টাকা অর্থাৎ, মোট ৬৫০ (তপশিলী, মহিলা ও প্রাঃসঃকঃ হলে ৫৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিং কিংবা এস.বি.আই. চালানে জমা দেবেন। অনলাইনে টাকা জমা দেবেন ১০ আগস্টের মধ্যে আর এস.বি.আই. চালানে টাকা জমা দেবেন ১২ আগস্টের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটেই পাবেন।

AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু

নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।



INC, WBUHS ও WBNC স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. এছাড়া ভরতির জন্য সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

এই প্রতিষ্ঠানের ১০৭ শয্যাবিশিষ্ট নতুন মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবছর চালু হচ্ছে। এখানকার নার্সরা তাই প্রথম থেকেই সুপার স্পেশালিটি হাসপাতালে কাজ করার সুযোগ পাবে — যা অন্য কোথাও নেই।

জর্জ ইনস্টিটিউট অফ ইন্টেরিয়র ডিজাইনের সমাবর্তন উৎসব

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : ১২ জুলাই কলকাতার ভারতীয় ভাষা পরিষদে জর্জ টেলিগ্রাফ গ্রুপের জর্জ ইনস্টিটিউট অফ ইন্টেরিয়র ডিজাইনের সমাবর্তন উৎসব আর সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। স্বাগত ভাষণের পর ছিল ছাত্রীদের গনেশ বন্দনা নৃত্য। এরপর ইন্টেরিয়র ডিজাইনের বিভাগীয় প্রধান অদিতি বসু অডিও ভিজ্যুয়াল উপস্থাপনার মাধ্যমে ইনস্টিটিউটের পরিচয় করান। অনুষ্ঠানে ছিলেন সুব্রত দত্ত (জর্জ গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর), মনিকা খোসলা ভার্গব (প্রধান অতিথি, প্রখ্যাত আর্কিটেক্ট ও ডিজাইনার), ইন্দ্রনীল দে (ডিরেক্টর, জর্জ ইনস্টিটিউট অফ ইন্টেরিয়র ডিজাইন), গোরা দত্ত (প্রিন্সিপ্যাল, দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট) ও আরো অনেকে। জর্জ গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর সুব্রত দত্ত বলেন, জর্জ টেলিগ্রাফ ছাত্রছাত্রীদের জীবন গড়ার পথ দেখায়। নতুন নতুন বৃত্তিমূলক ও পেশাদার কোর্সের মাধ্যমে শিক্ষার্থীদের কেরিয়ারের পথ দেখায়। আজকের দিনে ইন্টেরিয়র ডিজাইন এক সম্ভাবনাময় পেশা। ১৯২০ সাল থেকে এখানে এই বিষয়ে পেশাদার কোর্স চালু হয়েছে। শিল্পের চাহিদা অনুযায়ী পেশাদার ফ্যাকাল্টিরা হাতে কলমে ট্রেনিং দেন। কোর্স শেষে প্লেসমেন্ট সাহায্য করা হয়।

প্রধান অতিথি মনিকা খোসলা ভার্গব তাঁর দীর্ঘদিনের অভিজ্ঞতায় জানান, 'সৃজনশীল ছেলেমেয়েদের এই মুহূর্তে সবচেয়ে আকর্ষণীয় কেরিয়ার ইন্টেরিয়র ডিজাইন। পেশাদার কোর্স করার পর চাকরি ছাড়াও পেশাদার কাজ করে স্বাধীনভাবে আয় করা যায়।' ইনস্টিটিউটের ডিরেক্টর তথা প্রখ্যাত ইন্টেরিয়র ডিজাইনার ইন্দ্রনীল দে জানান, 'ইন্টেরিয়র ডিজাইন এমন এক ক্রিয়েটিভ পেশা যার মাধ্যমে সব ধরনের স্বপ্ন সফল করা যায়। পেশাদার কাজের ক্ষেত্রে ক্লায়েন্টের বাজেট, রুচি ও চাহিদা অনুযায়ী কাজ করতে হয়। আর কোর্স করে কাউকে কাজের জন্য বসে থাকতে হয় না।' সমাবর্তন উৎসবে ৩৪ জন শিক্ষার্থীর হাতে সার্টিফিকেট তুলে দেন প্রধান অতিথি।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি
যোগাযোগ —
✆: 9830795430

চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এক্ষনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে। — সম্পাদক, কর্মসংস্থান।

হোটেল ম্যানেজমেন্ট পড়তে পড়তে নিশ্চিত চাকরির সুযোগ

নিজস্ব প্রতিনিধি, কল্যাণী : নিশ্চিত চাকরির উপযোগী 'হোটেল ম্যানেজমেন্ট'এর কোর্স পড়িয়ে উচ্চ বেতনের চাকরি দিচ্ছে ২০ বছরের বিশ্বস্ত প্রতিষ্ঠান কল্যাণীর গ্লোবাল স্কুল অফ ম্যানেজমেন্ট। নিশ্চিত চাকরির উপযোগী এইসব কোর্সে ভরতি চলছে : (১) হোটেল ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স। ৩ বছরের কোর্স। ফী ১,২০,০০০ টাকা। (২) হোটেল অপারেশনের সার্টিফিকেট কোর্স। ১৮ মাসের কোর্স। ফী ৬০,০০০ টাকা। (৩) সার্ভিস অ্যান্ড হাউসকীপিংয়ের সার্টিফিকেট কোর্স। ১ বছরের কোর্স। ফী ৩০,০০ টাকা। (৪) ফুড প্রোডাকশনের সার্টিফিকেট কোর্স। ১ বছরের কোর্স। ফী ৪০,০০০ টাকা। (৫) হোটেল অপারেশনের সার্টিফিকেট কোর্স। ৬ মাসের কোর্স। ফী ১০,০০০ টাকা।
ওপরের প্রতিটি কোর্স চলাকালীন মাসে ৪-৫ হাজার টাকা আয় করতে পারবেন। কোর্স শেষ হওয়ার আগেই চাকরি পাবেন। ২০২৩ ও ২০২৪ সালে আমাদের প্রতিষ্ঠান থেকে ওপরের ওইসব কোর্স করে দেশে ও বিদেশের বিভিন্ন পাঁচতারা হোটেল, অ্যাভিয়েশন কোম্পানিতে মাসে ৩০,০০০ থেকে ১,২০,০০০ টাকা বেতনের চাকরি পেয়ে নজির সৃষ্টি করেছে। আপনিও এই সুযোগ পেতে পারেন। এখান থেকে পাশ করলে দেশে ও বিদেশে যেমন চাকরির সুযোগ পাবেন, তেমনি নিজের রাজ্যেও উচ্চ বেতনে চাকরি পেতে পারেন। কোর্স ফী কিস্তিতে দিতে পারবেন। নামী হোটেল বা, রেস্তোরাতে প্র্যাক্টিক্যাল করার সুবিধা আছে। ক্যাম্পাস ইন্টারভিউ ব্যবস্থা আছে। ভরতির জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন এই ঠিকানায় : গ্লোবাল স্কুল অফ ম্যানেজমেন্ট, কল্যাণী, নদিয়া। ফোন : 9433947225, 9062269582.

সরকারি শিক্ষামূলক প্রজেক্ট থেকে আয়

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশন অ্যান্ড ট্রেনিং-এর আওতায় থাকা বিভিন্ন ধরনের শিক্ষামূলক প্রজেক্ট থেকে আয়ের সুযোগ রয়েছে। এরজন্য কোনো ধরনের ইনভেস্টমেন্টের দরকার নেই। বিশদে জানতে হোয়াটস্যাপ করুন : 8101878008.

বিধাননগর পুর নিগমে স্যানিটারি ইন্সপেক্টর পদে কীভাবে চাকরি পেলাম

দীপান্বিতা বাগচী

উত্তর ২৪ পরগনার বারাসাতের ত্রিকোণ পার্কের মেয়ে আমি। সরোজিনী নাইডু কলেজ থেকে ২০২০ সালে প্রাণীবিদ্যায় অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ করি। সরকারি চাকরির লক্ষ্যে ব্যাঙ্ক-সহ নানা ধরনের সরকারি চাকরির পরীক্ষা দিই। কিন্তু সফল হতে পারিনি। এরপর 'কর্মসংস্থান' পত্রিকা পড়ে স্যানিটারি ইন্সপেক্টর কোর্স সম্পর্কে জানতে পেরে ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেলথ ট্রেনিংয়ে (২২৬, বি বি গাঙ্গুলি স্ট্রিট, বহুবাজার, কলকাতা ৭০০০১৩) ১ বছরের স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্সে ভরতি হই। পূর্ব ভারতে একমাত্র এই প্রতিষ্ঠানে কেন্দ্রীয় সরকার স্বীকৃত ও অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ লোকাল সেল্ফগভর্নমেন্ট, মুম্বই স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টর-এর ডিপ্লোমা কোর্স পড়ানো হয়। ২০২৩ সালে স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাশ করি।

এ বছরের গোড়ায় বিধাননগর পুরনিগম স্যানিটারি ইন্সপেক্টর পদের জন্য লোক চাইলে আই.আই.এইচ.টি থেকে মেধার ভিত্তিতে আমাদের ১৩ জনের নাম পাঠানো হয়। প্রথমে হাওড়ার মন্দিরতলায় আমাদের নথিপত্র যাচাই করে দেখা হয়। এরপর ৩ মার্চ বিধাননগর পুরনিগমে ইন্টারভিউ নেন জয়েন্ট কমিশনার। জানতে চাওয়া হয় স্যানিটারি ইন্সপেক্টর পদের বাংলা মানে, এই পদের কাজ ও দায়িত্ব। এছাড়াও বিশ্ব পরিবেশ দিবস, ডব্লু.এইচ.ও নিয়ে প্রশ্ন করা হয়। মূলত দেখা হয়, এই বিষয়ে আমাদের ধারণা। এর ২ দিন পর আমাদের পোস্টিং অর্ডার হয়। আমার পোস্টিং হয় বিধাননগর পুরনিগমের হেড অফিসে। আমার কাজ ও দায়িত্ব বোরোর নানা ওয়ার্ড পরিদর্শন করে সলিড ওয়েস্ট। ম্যানেজমেন্টের বিষয়টা দেখা। তারপর জয়েন্ট কমিশন্যারের কাছে রিপোর্ট করা।

যদিও এর আগে একবার এই পদের জন্য মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষা দিয়েছিলাম। কিন্তু কোয়ালিফাই করতে পারিনি। তাই এই চাকরিটা পেয়ে আমি খুব খুশি। চাকরির জন্য কৃতজ্ঞতা জানাতে চাই ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেলথ ট্রেনিংয়ের অধ্যক্ষ রামনারায়ণ মণ্ডলকে। স্যার সব সময় আমাকে নানাভাবে গাইড করেছেন ও পরামর্শ দিয়েছেন।

এই মুহূর্তে জন স্বাস্থ্য পরিষেবায় স্যানিটারি ইন্সপেক্টর পদের গুরুত্ব ও সেইসঙ্গে চাকরির সুযোগ বাড়ছে। স্যানিটেশন হল স্বাস্থ্য রক্ষা করার বিজ্ঞান। স্যানিটেশন কথাটার মানে ক্লিন এনভায়রণমেন্ট অর্থাৎ পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশ। সারাদেশ জুড়ে প্রধানমন্ত্রীর স্বচ্ছতা অভিযান প্রকল্প চালু হওয়ার পর এই পদের গুরুত্ব আরো বেড়েছে।

সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাশ করার পর সরকারি/ আধা সরকারি সংস্থায় স্যানিটারি ইন্সপেক্টর/ হেলথ ইন্সপেক্টর/ ম্যালেরিয়া ইন্সপেক্টর পদে চাকরি হয়। চাকরি পাওয়া যায় এইসব সংস্থায়- ভারতীয় রেল, সি পোর্ট, এয়ারপোর্ট, ক্যান্টনমেন্ট বোর্ড, অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস, ন্যাশনাল সেন্টার ফর ডিজিজেস, পুরনিগম ও পুরসভায়। এছাড়াও স্বাস্থ্যপরিষেবা কেন্দ্র ও স্বেচ্ছাসেবী সংস্থায় চাকরি হয়। এই পদের মাইনে যেমন আকর্ষণীয়, তেমনি কাজের ক্ষেত্রে বৈচিত্র্য রয়েছে। পাশাপাশি সামাজিক দায়িত্ব পালন করা যায়।

সরকারি চাকরির কাউন্সেলিং কল্যাণী কেরিয়ার ফেয়ারে

নিজস্ব প্রতিনিধি, কল্যাণী : একঝাঁক ডব্লু.বি.সি.এস. অফিসারের তত্ত্বাবধানে সরকারি চাকরির প্রশিক্ষণ দিচ্ছে কলকাতার নামকরা প্রতিষ্ঠান 'চাকরি GB'. এখানে WBCS, SSC-CGL, SBI-PO, IBPS-PO কোর্সে ভর্তি চলছে। অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকাদের অধীনে ক্লাস করতে পারবেন। সঙ্গে বিভিন্ন চাকরির ফ্রী কাউন্সেলিংয়ের সুযোগ পাবেন। ৫০% পর্যন্ত স্কলারশিপের সুবিধা আছে। 'কর্মসংস্থান' পত্রিকা আয়োজিত ১৮ ও ১৯ জুলাই নদিয়া জেলার কল্যাণীতে যে 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে, সেখানে সরাসরি আমাদের স্টলে আসুন, চাকরি সংক্রান্ত কাউন্সেলিংয়ের জন্য। স্পট অ্যাডমিশনে বিশেষ ছাড় পাবেন। যোগাযোগ : চাকরি GB, ৪৯, এ.পি.সি. রোড, কলকাতা-৯ (জগৎ সিনেমার কাছে)। ফোন : 8902356967, 9830200210.

কেন্দ্রীয় সংস্থায় ৭ কর্মমুখী কোর্সে ভরতি

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টারে ২০২৫-'২৭ সেশনে এনসিভিটি স্বীকৃত এই ৭টি আইটিআই ট্রেডে ভরতি নিচ্ছে : ইলেকট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট, সার্ভেয়র, ড্রাফটসম্যান মেকানিক্যাল, টার্নার ও ওয়েল্ডার। প্রথম ৬টি ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। সব কোর্সের মেয়াদ ২ বছর। ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে যোগ্যতা দরকার এইট পাশ ও মেয়াদ ১ বছর। আধুনিক পরিকাঠামো, অভিজ্ঞ শিক্ষকরা পড়ান। সব ক্ষেত্রে অন জব ট্রেনিং ও ইন্ডাস্ট্রি ভিজিটের সুযোগ রয়েছে। চাকরির ক্ষেত্রে সাহায্য করা হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, জাপানিগেট, বাল্টিকুরি, হাওড়া-৭১১১১৩। ফোন- 8910394968, 9433048241, 8777828421. ওয়েবসাইট : https://www.nsic.co.in/NTSC/Howrah.

KR GROUP
Academy Reliable
NEET I IIT-JEE I CUET I FOUNDATION
(Online / Offline Classes)
Hooghly B.C Roy Pharmacy College - D-Pharm - 50000/- Per Year
Kalyani Reliable Paramedical Training Institute
DMLT, DPT, BPT, Lab-Tech, OT-Tech, Physiotheraphy etc.
GNM Nursing, PB.B.Sc Nursing, M.Sc Nursing
স্টুডেন্ট ক্রেডিট কার্ড, স্বামী বিবেকানন্দ স্কলারশিপ, প্রধানমন্ত্রী বিদ্যালক্ষ্মী যোজনা এছাড়া সমস্তরকম স্কলারশিপ গ্রহণযোগ্য।

আগামী ১৮ ও ১৯ শে জুলাই কর্মসংস্থান আয়োজিত ক্যারিয়ার ফেয়ার আমরা থাকছি কল্যাণী স্টেডিয়াম গ্রান্ড আরিয়ান হোটেলে। স্পট বুকিং-এ বিশেষ ছাড় আছে।
আপনার শহরে আমাদের ফ্রাঞ্চাইসির জন্য যোগাযোগ করুন
Contact : 6290427068
বিস্তারিত জানতে : কল্যাণী রিলায়েবেল
9007309541 / 7003007707
Any Query Only Whats App : 8017811251

স্টেট ব্যাঙ্ক ও IBPS পরীক্ষার মাধ্যমে

ব্যাঙ্কে ৫০ হাজার শূন্যপদ পূরণ হবে চলতি বছরেই

স্টেট ব্যাঙ্ক-সহ বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে চলতি আর্থিক বছরে প্রায় ৫০ হাজার শূন্যপদ পূরণ হবে। গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২০-৩০ বছর বয়স হলেই আবেদনের যোগ্য। ব্যাঙ্কে চাকরির প্রস্তুতি কোথায় নেবেন, কীভাবে টাইম ম্যানেজমেন্ট করবেন, কীভাবে পরিকল্পনা করবেন ইত্যাদি বিষয় নিয়ে দীর্ঘদিন ব্যাঙ্কে উচ্চপদে কর্মরত বিশেষজ্ঞের কিছু পরামর্শ দেওয়া হল —

সমীর কুমার পাল
প্রাক্তন মুখ্য অধিকর্তা, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
প্রধান উপদেষ্টা, আইআইবিএস

প্রশ্ন : এবছর গ্র্যাজুয়েট হয়েছি। ব্যাঙ্কে চাকরি করতে চাই। কোন কোন্ পদে নিয়োগ হয় ও যোগ্যতা কি লাগে?

উত্তর : রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে নিয়োগ করা হয় IBPS-এর মাধ্যমে। স্টেট ব্যাঙ্ক নিজেরাই ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে নিয়োগ করে। সব ক্ষেত্রে যোগ্যতা দরকার গ্র্যাজুয়েট। বয়স হতে হবে ক্লার্ক পদের বেলায় ২৮ বছরের মধ্যে আর প্রবেশনারি অফিসার পদে ৩০ বছরের মধ্যে। ফাইন্যাল ইয়ার ডিগ্রি / গ্র্যাজুয়েটরাই ভর্তির জন্য আবেদনের যোগ্য।

প্রশ্ন : উচ্চমাধ্যমিক যোগ্যতায় ব্যাঙ্কে চাকরি পাওয়া যায় কি?

উত্তর : না।

প্রশ্ন : ২০২৫-২০২৬ বর্ষে ব্যাঙ্কে নিয়োগের সম্ভাবনা কতটা?

উত্তর : সরকারি প্রকল্প ও বিভিন্ন আর্থিক প্রকল্পের জন্য প্রতিটি মানুষেরই ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকা দরকার। তাই গ্রামাঞ্চলে ব্যাঙ্কের শাখা বাড়ছে। ব্যাঙ্কে তথ্য অনুযায়ী চলতি বছরে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৫০ হাজার কর্মী নিয়োগ করা হবে (০৭.০৭.২০২৫ তারিখের বহুল প্রচারিত দৈনিক সংবাদপত্রে প্রকাশিত সূত্র থেকে)। স্টেট ব্যাঙ্কে ৫০৫টি প্রবেশনারি অফিসার পদের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। IBPS-এর প্রবেশনারি অফিসার পদে ৫,২০৮টি শূন্যপদে দরখাস্ত নেওয়া চলছে। স্টেট ব্যাঙ্কে জুনিয়র অ্যাসোসিয়েট পদের বিজ্ঞপ্তি বেরোবে। IBPS-এর মাধ্যমে ক্লার্ক ও গ্রামীণ ব্যাঙ্কের অফিসার আর অফিস অ্যাসিস্ট্যান্ট পদে খুব শিগগিরই দরখাস্ত নেওয়া শুরু হবে।

প্রশ্ন : বছরে কয়টা বিজ্ঞপ্তি প্রকাশিত হয়?

উত্তর : ব্যাঙ্ক চাকরির বিজ্ঞপ্তি গড়ে প্রতি দেড় মাস-২ মাস অন্তর প্রকাশিত হয়। ফলে অন্যান্য চাকরির থেকে ব্যাঙ্ক চাকরি পাওয়ার সুযোগ অনেক অনেক বেশি।

প্রশ্ন : ব্যাঙ্কের পরীক্ষা কি নিয়মিত হয়?

ব্যাঙ্কে চাকরির পরীক্ষা প্রতি বছরই নিয়ম করে হয়। সারা বছরই ব্যাঙ্কের চাকরির বিজ্ঞপ্তি বেরোয় ও নির্দিষ্ট সময়ে পরীক্ষা হয়, যা অন্যান্য অনেক পরীক্ষা এখন নিয়মিত হয় না।

প্রশ্ন : কতদিনের মধ্যে ব্যাঙ্কে চাকরি পাওয়া যায়?

উত্তর : বিজ্ঞপ্তি বেরোনোর দিন থেকে সিলেকশন প্রসেস কমপ্লিট করা পর্যন্ত প্রায় ৭-৮ মাস সময় লাগে। এককথায় অন্যান্য চাকরি থেকে এই চাকরি পাওয়া যায় অনেক কম সময়ের মধ্যে।

প্রশ্ন : ব্যাঙ্কের চাকরি কি স্থায়ী চাকরি?

উত্তর : হ্যাঁ, এটি স্থায়ী চাকরি।

প্রশ্ন : কীভাবে প্রস্তুতি নিতে হবে ও কতক্ষণ পড়াশোনা করতে হবে?

উত্তর : আগে ভালো করে সিলেবাস দেখে নিন। এবার প্রতিটি অধ্যায় ধরে ধরে প্র্যাকটিস করতে হবে। এজন্য ভালো কোচিং সেন্টারের গাইড নিতে হবে। প্রতিদিন ৫-৬ ঘন্টা পড়াশোনা করুন। তবে প্রতিটি অধ্যায় খুঁটিয়ে পড়তে হবে। ৫-৬ মাস টানা একভাবে পড়াশোনা করে থাকলে নিজের প্রতি কনফিডেন্স তৈরি হবে।

প্রশ্ন : স্যার ব্যাঙ্কে চাকরি করতে গেলে কি খুব মেধাবী হতে হয়?

উত্তর : না, একদমই না। একটা কথা আছে পরিশ্রমের বিকল্প নেই। যে কঠোর পরিশ্রম করবে সে ফল পাবেই। তাই সাধারণ মানের ছেলেমেয়েরাও ব্যাঙ্কে চাকরি পাচ্ছে।

প্রশ্ন : ব্যাঙ্কে পরীক্ষার ক্ষেত্রে টাইম ম্যানেজমেন্ট কীভাবে করব?

উত্তর : টাইম ম্যানেজমেন্ট একটি ফ্যাক্টর। যিনি যত বেশি প্র্যাক্টিস করবেন, তার ক্ষেত্রে সময় কম লাগবে। তাই নিয়মিত প্র্যাক্টিসের ফলেই টাইম ম্যানেজমেন্ট হবে, বাকিটা 'know-how' দেবে কোচিং সেন্টার।

অনন্য নজির

বিগত ৩-দশক ধরে IIBS থেকে পাশ করে ১৭,০০০ এর বেশি ছেলেমেয়ে ব্যাঙ্কে কর্মরত। সাফল্যের এই নজির সম্ভবত আর কোথাও নেই।

প্রশ্ন : ভালো গাইডের জন্য কোচিং সেন্টার কোথায় পাব?

উত্তর : কলকাতার বালিগঞ্জে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং অ্যান্ড সার্ভিসেস (IIBS) নামক কোচিং সেন্টারে ভর্তি হতে পারেন। অনেক বছরের পুরনো প্রতিষ্ঠান এটি। এখান থেকে বিগত বছরে প্রায় ১৭ হাজার ছেলেমেয়ে ব্যাঙ্কের ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে চাকরি পেয়ে আজ তাঁরা কর্মরত। এখানকার এক্সপার্ট টিচারদের তত্ত্বাবধানে ভালো গাইডেন্স পাবেন। নিমেষে অঙ্কের শর্টকাট মেথড শিখতে পারবেন।

প্রশ্ন : এখানকার প্রশিক্ষণের এত সুনাম কেন?

উত্তর : দেখুন, 'শর্টকাট' মেথডের জন্য IIBS বিখ্যাত। কম সময়ের মধ্যে অনেক বেশী প্রশ্নের উত্তর দেওয়ার কৌশল একমাত্র এখানেই যত্ন সহকারে শেখানো হয়। এছাড়া up-dated study package / orientation workshop lectures / examination procedure / art of interview ইত্যাদি অত্যাধুনিক পদ্ধতিগুলি এই প্রশিক্ষণের এক অনবদ্য সংযোজন। এককথায় এখানকার ছাত্রছাত্রীদের একেবারেই ঝকঝকে করে তবেই পরীক্ষা কেন্দ্রে পাঠানো হয়। যার ফল — কয়েকমাস পরেই ব্যাঙ্ক চাকরিতে নিয়োগ।

প্রশ্ন : পরীক্ষার কতদিন আগে থেকে ক্লাস করলে ব্যাঙ্কে নিশ্চিত চাকরি পাওয়া যায়?

উত্তর : দেখুন, বিজ্ঞপ্তি বেরনোর দিন থেকে পরীক্ষার দিনের ব্যবধান এখন অনেক কম থাকে। তাই এখনই ভর্তি হওয়া উচিত। কারণ, আগামী ৬ মাসের মধ্যেই অধিকাংশ ব্যাঙ্কেরই বিজ্ঞপ্তি প্রকাশিত হয়ে যাওয়ার সম্ভাবনা প্রবল।

প্রশ্ন : IIBS-এ নতুন ব্যাচ কবে থেকে শুরু হবে? এখনই কি ভর্তি হওয়া যাবে?

উত্তর : IIBS-এ নতুন ব্যাচ শুরু হবে আর কয়েকদিনের মধ্যে। এখন ভর্তি চলছে। যাঁরা সদ্য গ্র্যাজুয়েট বা, গ্র্যাজুয়েট হবেন, তাঁরা এখনই ভর্তি হয়ে ক্লাস শুরু করুন। ফী সাধ্যের মধ্যে। ইনস্টলমেন্টের সুবিধাও পাবেন। ঠিকানা : ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ ব্যাঙ্কিং এন্ড সার্ভিসেস (আইআইবিএস), ২০/১ বালিগঞ্জ স্টেশন রোড, কলকাতা-৭০০০১৯। বিস্তারিত জানতে ফোন করুন : ৯৮৩১৭ ৮৯৫৩৬, ৮৭৭৭৪ ০১৫৩৪

৪০ অফিসার

নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি : পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অফিসার গ্রেড-এ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার)' পদে ৪০ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার মাস্টার ডিগ্রি কোর্স পাশরা 'জেনারেল' স্ট্রিমের জন্য যোগ্য। আইন বা, ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও যোগ্য। বয়স হতে হবে ৩১-৭-২০২৫'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৫০০-৮৯,১৫০ টাকা। শূন্যপদ : ২৮টি (জেনাঃ১০, ইডব্লু.এস.৪, ও.বি.সি.৮, তঃজাঃ৪, তঃউঃজাঃ২)। প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। প্রথমে ফেজের পরীক্ষা হবে ৬ সেপ্টেম্বর ও দ্বিতীয় ফেজের পরীক্ষা হবে ৬ অক্টোবর। সফল হলে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন ৬ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.pfrda.org.in- এজন্য বৈধ ই-মেল আইডি. থাকতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কেন্দ্রীয় সংস্থায় ৭৪ চাকরি

নিজস্ব প্রতিনিধি, মুম্বই : রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স লিমিটেড 'অপারেটর (কেমিক্যাল) ট্রেনি, বয়লার অপারেটর গ্রেড-III, জুনিয়র ফায়ারম্যান গ্রেড-II, নার্স গ্রেড-II, টেকনিশিয়ান (ইন্সট্রুমেন্টেশন) ট্রেনি, টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল) ট্রেনি, টেকনিশিয়ান (মেকানিক্যাল) ট্রেনি পদে ৭৪ জন লোক নিচ্ছে। নিয়োগ হবে স্পেশাল রিক্রুটমেন্ট ড্রাইভে। কোন পদে কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি, শূন্যপদ ইত্যাদি পাবেন ওই ওয়েবসাইটে। এই পদের বিজ্ঞপ্তি নং : 04022025-R. দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rcfltd.com আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কোস্ট গার্ডে ১৪০ অফিসার

১ পাতার পর

ছেলে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (জেনারেল ডিউটি) : ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা আবেদন করতে পারেন। ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে ডিপ্লোমা কোর্স পাশের পর ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ২১ থেকে ২৫ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০১ থেকে ৩০-৬-২০০৫'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি (ত্রিপুরা, অসম ও গোর্খাদের বেলায় ১৫২সেমি), বুকের ছাতি সুসামঞ্জস্যপূর্ণ ও অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/ ৬ ও খারাপ চোখে ৬/ ৯ ও চশমা -সহ উভয় চোখে ৬/ ৬। মূল মাইনে : ৫৬১০০ টাকা। শূন্যপদ : ১৪০ টি (জেনাঃ ৪৬, ই.ডব্লু.এস. ১০, ও.বি.সি. ৩৫, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ২৪)।

অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (টেকনিক্যাল-মেকানিক্যাল / ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স) : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা, পাওয়ার ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেরা যোগ্য। ন্যাভাল আর্কিটেকচার, মেকানিক্যাল, মেরিন, অটোমেটিভ, মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন, মেটালার্জি, ডিজাইন, অ্যারোনটিক্যাল অ্যান্ড অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেরাও যোগ্য। সব ক্ষেত্রেই ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ২১ থেকে ২৫ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০১ থেকে ৩০-৬-২০০৫'র মধ্যে। শূন্যপদ : ৩০ টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ২)।

ওপরের সব ক্ষেত্রে ও.বি.সি.'রা ৩ বছর, তপশিলীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। এবছরের ফাইনাল বর্ষের প্রার্থীরাও আবেদনের যোগ্য। ট্রেনিং হবে কেরলের ইঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। এছাড়া আছে অন্যান্য সুযোগ-সুবিধা। খেলাধুলায় দক্ষতা বা, এন.সি.সি.'র সার্টিফিকেট থাকলে গুরুত্ব পাবেন। শিক্ষাগত যোগ্যতার পাওয়া নম্বরের শতকরা হার আর খেলাধুলা ও এন.সি.সি.'র সার্টিফিকেট দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইস্যাডমিট কার্ড দেওয়া হবে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কোস্ট গার্ড কমন অ্যাডমিশন টেস্ট (CGCAT) হবে। প্রথম ধাপের পরীক্ষা হবে ১৮ সেপ্টেম্বর, পূর্ব ভারতের কলকাতা, শিলংয়ে। কমন অ্যাডমিশন টেস্টে থাকবে ১০০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন এইসব বিষয়ে : ইংলিশ, রিজনিং অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, জেনারেল সায়েন্স, ম্যাথমেটিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল নলেজ। সময় থাকবে ২ ঘন্টা। সফল হলে দ্বিতীয় ধাপের পরীক্ষা হবে নভেম্বরে, তৃতীয় ধাপের পরীক্ষা হবে আগামী বছর জানুয়ারি থেকে অক্টোবরের মধ্যে, চতুর্থ ধাপের পরীক্ষা হবে আগামী বছর মার্চ-এপ্রিলে আর পঞ্চম ধাপের পরীক্ষা হবে আগামী বছর ডিসেম্বরে। দ্বিতীয় পর্যায়ের কগনিটিভ ব্যাটারি টেস্ট, পিকচার পার্সেপশন ও গ্রুপ ডিসকাশন, সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে নয়ডা, চেন্নাই ও কলকাতায়। সবশেষে ডাক্তারি পরীক্ষা হবে।

প্রথমে ২ সপ্তাহের 'প্রি-ন্যাভাক ওরিয়েন্টেশন ট্রেনিং প্রোগ্রাম' হবে নয়ডায়। সফল হলে বেসিক ট্রেনিং হবে ইঝিমালায়। তপশিলীরা পরীক্ষা দিতে যাতায়াতের রেল ভাড়া পাবেন। ২-৩ দিন থাকার প্রস্তুতি নিয়ে পরীক্ষা দিতে যাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : https://joinindiancoastguard.cdac.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার-সহ যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

বিমানবাহিনীতে এয়ারম্যান

১ পাতার পর

হারে নম্বর পেয়ে থাকলেও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২৭-২০০৫ থেকে ২৭-২০০৯'এর মধ্যে।

মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ডিপ্লোমা / বি.এসসি. ইন ফার্মাসি) : ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ বিবাহিত ও অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৫০%নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে অন্তত ৫০%নম্বর পেয়ে থাকলে আর সেইসঙ্গে রাজ্য ফার্মাসি কাউন্সিল বা, ভারতীয় ফার্মাসি কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০%নম্বর পেয়ে ফার্মাসির বি.এসসি. কোর্স পাশ কিংবা ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। অবিবাহিত প্রার্থীদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ২৭-২০০২ থেকে ২৭-২০০৭'এর মধ্যে। বিবাহিত প্রার্থীদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ২৭-২০০২ থেকে ২৭-২০০৫'এর মধ্যে।

শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২সেমি। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে প্রতি চোখে ৬/ ৩৬, যা চশমা পড়ে ৬/ ৯ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা থাকতে হবে CP-III.

৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনায় দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ২০ বছরের চাকরি, যা ৫৭ বছর বয়স পর্যন্ত বাড়তে পারে। শুরুতে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ১৪,৬০০ টাকা। সফল হলে মূল মাইনে ২৬,৯০০ টাকা পাবেন। এই পদ থেকে মাস্টার ওয়ারেন্ট অফিসার পদ পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাই পরীক্ষা : প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে, ২৫ সেপ্টেম্বর। তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা, অ্যাডাপটাবিলিটি টেস্ট-II ও ডাক্তারি পরীক্ষা হবে।

এরপর ১৪ পাতায়

আই.আই.এইচ.টি'র ১৬ প্রার্থী ১৬ পুরসভায় স্যানিটারি ইন্সপেক্টর পদে চাকরি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেল্থ ট্রেনিং থেকে স্যানিটারি ইন্সপেক্টর কোর্স করে ১৬ জন প্রার্থী রাজ্যের ১৬ পুরসভায় স্যানিটারি ইন্সপেক্টর পদে চাকরি পেল। পশ্চিমবঙ্গ সরকারের ডিরেক্টর অফ লোকাল বডিসের পক্ষ থেকে ১০ জুলাই এক বিজ্ঞপ্তিতে এই নিয়োগের অনুমোদনের খবর জানানো হয়।

ডিজিটাল মার্কেটিং জানা থাকলে আইটি সেক্টরে ভালো প্যাকেজের প্লেসমেন্ট সম্ভব

পারমিতা মিত্র ঘোষ, সল্টলেক : আজকের ডিজিটাল যুগে যেকোনো কোম্পানি সবচেয়ে বেশি খরচ করে ডিজিটাল মার্কেটিং-এ। বিখ্যাত রেটিং সংস্থা Ernst and Young এর সার্ভে অনুযায়ী আইটি ও সফটওয়্যার সম্পর্কিত সব কোম্পানি তার মার্কেটিং বাজেটের ৬৫% ডিজিটালি অ্যালোকেট করে। স্বভাবতই, সবচেয়ে বেশি নিয়োগ হয় ডিজিটাল মার্কেটিংয়ে। আবার তথ্য-প্রযুক্তি সেক্টর বলতেই আমাদের সামনে যে ছবিটা ভেসে ওঠে — তা হল ইঞ্জিনিয়ারিং ব্যাকগ্রাউন্ডের ছেলেমেয়েদের উজ্জ্বল ভবিষ্যতের হাতছানি। কিন্তু টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড না থাকলেও যে আজকের দিনে দাঁড়িয়ে সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা দেশের প্রথম সারির বিভিন্ন আইটি সংস্থায় রীতিমতো ভালো প্যাকেজের চাকরি পেতে পারেন — তা চোখে আঙুল দিয়ে দেখিয়েছে এই রাজ্যের অন্যতম সেরা আইটি রিসোর্স সংস্থা তথা ওয়েবস্কিটার্স আকাদেমি।

A National Award Winning Company

শুধুমাত্র ডিজিটাল মার্কেটিং ঠিকঠাক মতো জানলেই নন-টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নিয়ে একটি সাধারণ মেধার ছেলে বা মেয়ে কিভাবে ভালো মাইনের চাকরি পেতে পারে - তা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে এই প্রতিষ্ঠান। আমাদের রাজ্যে ৩০০ এর বেশি আইটি ও আইটি রিলেটেড সংস্থায় ডিজিটাল মার্কেটিং-এ প্রত্যেক মাসে কয়েক হাজার নিয়োগ হয়। তার মধ্যে বেশিরভাগই ডিজিটাল মার্কেটিং এর ওপর নন-টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড থেকে। এই যুগান্তকারী বিপ্লব সম্ভব হয়েছে যে সংস্থার জন্য সেটি হল 'ওয়েবস্কিটার্স আকাদেমি'। হাতে-কলমে 'ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং'এ গুরুত্ব দিয়ে শিল্প ও কাজের মধ্যে সেতুবন্ধন করেছে এঁরা। এই সাফল্যের রসায়ণ কি? উত্তরে সংস্থার ডিরেক্টর জানালেন, "দেখুন আমার এখানকার ছেলেমেয়েদের মধ্যে 'আমি পারব না' থেকে 'আমার চাকরি হয়ে গেছে' — এই ট্রান্সফর্মেশনটাই শেখানো হয়। যা ওঁদেরকে ইন্টারভিউ ক্র্যাক করতে প্রয়োজনীয় 'কনফিডেন্স' দেয়।" এই সংস্থার সবচেয়ে কৃতিত্ব যে বিষয়ে — তা হল এখান থেকে সাফল্যের সঙ্গে ৪,০০০ এর বেশি ছেলেমেয়েকে ট্রেনিং দেওয়া হয়েছে, আর যার মধ্যে এখনো পর্যন্ত ৩,৫০০ এর বেশি ছেলেমেয়েরা সরাসরি চাকরি পেয়েছেন। এছাড়াও ৩০০ এর বেশি (তার মধ্যে রয়েছে বহুজাতিক সংস্থা) আইটি ও সফটওয়্যার কোম্পানির সঙ্গে প্লেসমেন্ট টাইআপ রয়েছে এঁদের। ওয়েবস্কিটার্স আকাদেমি বিশ্বাস করে আইটি কেরিয়ার, শুধুমাত্র আইটি ক্ষেত্রে দক্ষ ছেলেমেয়েদের জন্য নয়। সেই লক্ষ্যে এখানকার কোর্সের ডিজাইন এমনভাবে করা হয়েছে যাতে নন-আইটি ছেলেমেয়েরাও কারিগরি ক্ষেত্রে দক্ষ হয়ে তথ্যপ্রযুক্তি শিল্পে নেতৃত্ব দিতে পারে। শিক্ষাক্রমে গুরুত্ব দেওয়া হয়েছে প্র্যাক্টিক্যাল, ইন্ডাস্ট্রি সম্পর্কিত ট্রেনিং। এখানকার ট্রেনিং সম্বন্ধে বলতে গিয়ে সংস্থার সিইও জানালেন — "ডিজিটাল মার্কেটিংয়ের কোর্স এখানে এমন ভাবে ডিজাইন করা হয়েছে, নন-টেকনিক্যাল ছেলেমেয়েরাও একেবারে শুরু থেকে বেসিকটা এমনভাবে শেখে, যাতে ভবিষ্যতে যেকোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের ছেলেমেয়ের সাথে একদম ঠিকঠাক 'কমপিট' করতে পারে। ডিজিটাল মার্কেটিং প্যানেল ওপন করে কীভাবে বিজ্ঞাপন ডিজিটালি তৈরি করা হয়, তারপর ওই বিজ্ঞাপন থেকে তৈরি লিড কীভাবে ট্র্যাকিং করে কনভার্ট করানো হয়, এমনকী ডিজিটালি স্পেন্ডিং স্ট্র্যাটেজি, সোশ্যাল মিডিয়া অপটিমাইজেশন, ডিজিটাল রিসার্চ ও ক্লায়েন্ট ব্যাকগ্রাউন্ড অ্যানালিসিসের মতো ডিজিটাল মার্কেটিংয়ের গুরুত্বপূর্ণ টুলস হাতে-কলমে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টদের দিয়ে এমনভাবে শেখানো হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা আইটি সেক্টরের সবচেয়ে ভালো প্যাকেজের চাকরি পায়। আমরা শুধুমাত্র 'Course' করাই না 'Career' তৈরিতে ছেলেমেয়েদের সম্পূর্ণভাবে সাহায্য করি।" এছাড়াও যদি কেউ নিজেকে আপস্কিল করতে চায় বা আরো ভালো সুযোগের জন্য কেরিয়ার বদলাতে চায়, তাঁদেরও আলাদাভাবে গাইড করা হয়। এই সংস্থার মোটো তাই — 'সবার জন্য তথ্য-প্রযুক্তি ক্ষেত্র'। একথা এখন মেনে নেওয়ার সময় হয়েছে, যে আমাদের দেশ এখন আর্থিক উন্নতির সঙ্গে সঙ্গে আগামী দিনে 'গ্লোবাল আইটি' হাব-ও হয়ে উঠবে। তাই আমাদের ছেলেমেয়েদের এখন থেকেই এই সুযোগের জন্য নিজেদেরকে তৈরি করে ফেলতে হবে। যাতে সারা বছর ধরে চলা এই বিপুল সংখ্যক নিয়োগের জন্য তাঁরা সহজেই আবেদন করতে পারেন। তাই এই আকাদেমির নিশ্চিত বিশ্বাস যে তাঁরা এই র‍্যাট রেসে তাদের ছেলেমেয়েদের কোনোভাবেই পিছিয়ে পড়তে দেবে না। তাইতো এই সংস্থা গর্বের সঙ্গে বলতে পারে — এখান থেকে পাশ করলে শুধুমাত্র ১টি নয় একসাথে ২ থেকে ৩টি অ্যাপয়েন্টমেন্ট লেটার পাওয়া যায়। তথ্য-প্রযুক্তির কোনো না কোনো ক্ষেত্রে দক্ষরা কাজ পাবেনই। এখানে সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকটি হল এখানকার ফ্যাকাল্টি বা মেন্টরেরা ইন্ডাস্ট্রির সঙ্গে সামঞ্জস্য রেখে এমনভাবে ট্রেনিং দেয় যাতে এখান থেকে পাশ করে কেউ বসে না থাকে। কোর্সে শিক্ষাক্রম এমনভাবে তৈরি করা হয়েছে যা টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল সব ছেলেমেয়েদের কাছে সমানভাবে পৌঁছাতে পারে। তাঁদের স্বপ্নপূরণ হতে পারে। তার জন্য নিচ্ছে নতুন নতুন পদক্ষেপ। চাকরির ক্ষেত্রে উপযুক্ত করে তুলতে শিক্ষার্থীদের দেওয়া হয় এইসব সুযোগ — মক ইন্টারভিউ, গ্রুমিং সেশন, রিজিউম-বিল্ডিং সেশন, কেরিয়ার কাউন্সেলিং, কর্পোরেট ট্রেনিং। এই ধরনের চাকরি, ঠিক কী ধরনের ট্রেনিং নিলে পাবেন তা বিশদে জানতে যোগাযোগ করুন এই নম্বরে : 7595880134 অথবা সরাসরি চলে যান এই ঠিকানায় : ওয়েবস্কিটার্স আকাদেমি, হলদিয়া পেট্রোকেমিক্যালস লিমিটেড, সপ্তম তল, ইউনিট নং- ৭ই, বেঙ্গল ইকো ইন্টেলিজেন্ট পার্ক, ইএম ব্লক, সেক্টর- ৫, কলকাতা- ৭০০০৯১।

নিজের রোজগারে ট্রেনিং নিয়ে দেশ-বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি চাকরি

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : কেন্দ্রীয় সরকার ও ISO স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান তথা Central Institute of Hotel and Hospitality Management College (CIHM) থেকে ছেলেমেয়েরা খুব সহজেই স্কলারশিপের মাধ্যমে কম খরচে নিজের রোজগারে পড়াশুনা করার পর স্পেশালাইজড ট্রেনিং নিয়ে দেশে ও বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি কাজ করতে পারবেন। সেলিব্রিটি শেফ সঞ্জীব কাপুরের হাত থেকে পাওয়া বিশেষ পুরস্কারে ভূষিত এই প্রতিষ্ঠান ভালো প্যাকেজের প্লেসমেন্টের ব্যাপারে এখন রাজ্যের অন্যতম সেরা। কারণ এখানকার প্লেসমেন্ট সেল সারা বছর জুড়ে দেশ ও বিদেশের প্রথম সারির পাঁচতারা হোটেল (Taj, Marriott, Hyatt, ITC ইত্যাদি) ও ক্রুজলাইনারদের সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করে রাখে যে এখান থেকে পাশ করার পরই ছেলেমেয়েরা ২ থেকে ৩টে অফার লেটার পায়। এই প্রতিষ্ঠানে অন্যতম বৈশিষ্ট্য হল ভরতির সময় '100% Job Bond Letter' চাকরির লিখিত গ্যারান্টি দেওয়া হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাশের পর সরাসরি এই কলেজে ভরতি হলে কোর্স ফি-র ওপর ৬০ শতাংশ 'অন স্পট স্কলারশিপ'এর ব্যবস্থা আছে। ভরতি হওয়ার আগে সবাইকে কেরিয়ার ওরিয়েন্টেড স্পেশালাইজড ফ্রি কাউন্সিলিং করানো হয়। বয়স হতে হবে: ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। এখানে যেসব কোর্স শিখিয়ে চাকরি দেওয়া হয় তা হল — (১) হসপিটালিটি ম্যানেজমেন্ট, (২) হোটেল ম্যানেজমেন্ট, (৩) হসপিটাল ম্যানেজমেন্ট, (৪) জাহাজের ট্রেনিং, (৫) রিসেপশনিস্ট, (৬) বার ট্রেন্ডিং, (৭) ফুড এন্ড বেভারেজ সার্ভিস, (৮) কুলিনারী আর্টস, (৯) হাউস কিপিং, (১০) অ্যাভিয়েশন, (১১) এয়ারপোর্ট। ওপরের সব কোর্সই কেন্দ্রীয় সরকার অনুমোদিত ও ন্যাশনাল কাউন্সিল VTE দ্বারা স্বীকৃত। সব কোর্সের বেলায় অ্যাডমিশন ফিজ মাত্র ২,০০০ টাকা। আসন সংখ্যা সীমিত। ভরতির জন্য যোগাযোগ করুন ৭দিনের মধ্যে। কারণ, প্রতিটি কোর্সেই ভর্তি প্রায় শেষের দিকে। তাই এই ধরনের চাকরিমুখী প্রফেশনাল কোর্সে ভর্তির ব্যাপারে বিশদ জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে — 6291365019, 9330364982, 9163453155. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস।

চাকরির উপযোগী সান্ধ্যকালীন কোর্স

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ইন্ডাস্ট্রিয়াল সেফটি ও এনভায়রণমেন্টাল ম্যানেজমেন্টের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি শুরু

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : যাদবপুর বিশ্বদ্যালয়ে ইন্ডাস্ট্রিয়াল সেফটি অ্যান্ড এনভায়রণমেন্টাল ম্যানেজমেন্ট'এর অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি শুরু হয়েছে। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে বি.এসসি. পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশরাও আবেদনের যোগ্য। ১৮ মাসের কোর্স। ফী ৫০,০০০ টাকা। বয়সের কোনো কড়াকড়ি নেই। সীট ৪০টি। ক্লাস শুরু ১ সেপ্টেম্বর। ক্লাস হবে সন্ধ্যা ৬টা থেকে রাত ৮.১৫ পর্যন্ত।

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ১৬ ও ১৭ আগস্ট, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এনভায়রণমেন্টাল স্টাডিজ বিভাগে। ভর্তির প্রথম তালিকা বেরোবে ১৯ আগস্ট, দ্বিতীয় তালিকা বেরোবে ২৫ আগস্ট। দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ জুলাইয়ের মধ্যে। সরাসরি দরখাস্ত করতে পারবেন এই লিঙ্কে ক্লিক করে : https://jadavpuruniversity.in/notifications/admission-to-advanced-diploma-in-industrial-safety-environmental-management-2025-26/ তখন অনলাইনে ৫০ টাকা ফী দিতে হবে। ভর্তির জন্য যোগাযোগ করুন এই ঠিকানায় : যাদবপুর বিশ্ববিদ্যালয়, স্কুল অফ এনভায়রণমেন্টাল স্টাডিজ, যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ১৮৮, রাজা এস.সি. মল্লিক রো, কলকাতা-৩২। ফোন : ৬২৯১৪৪০৭৪১।

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি.এফ. ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কোলকাতা-৭০০০৬৪

তপশিলী জাতি মহিলাদের জন্য বিনাব্যয়ে
বিউটিসিয়ান কোর্স
তপশিলী জাতি সম্প্রদায়ভুক্ত যুবতীদের স্ব-নির্ভরতার লক্ষ্যে বিনা ব্যয়ে Makeup Artist কোর্স করার সুযোগ।
যোগ্যতা : ক্লাস ১০ পাস। বয়স: ১৮ থেকে ৩৫ বছর। পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ ৩,০০,০০০/- টাকা

প্রশিক্ষণ কেন্দ্র :-
(১) ডোমকল (মুর্শিদাবাদ) : ৯৭৩৪৮০৯৯০৯, (২) নারসিংহপুর (মুর্শিদাবাদ) : ৮৩৮৮০০৮০৩০, (৩) ইটাহার (উত্তর দিনাজপুর) : ৯৭৭৫১৩৫০০০, (৪) কালিয়াগঞ্জ (উত্তর দিনাজপুর) : ৯১৫৩২১০২৪২, (৭) খড়িবাড়ি (দার্জিলিং) : ৯৬১৪৬২২৭৯০, (৬) দিনহাটা (কোচবিহার) : ৯৯৩২৩০৭৯২৫, (৭) শান্তিপুর (নদিয়া) ৯৮০০২০৫৪৪৬, (৮) কুমারগ্রাম (আলিপুরদুয়ার) : ৯৮৩২৩৮১০৬১, (৯) দুলমি (পুরুলিয়া) : ৮১০১৫৬৫৯৯৩।

প্রকল্প রূপায়নে PRAGATI
Head Office: 73/1 Swarnamoyee Road, Berhampore, Murshidabad M: 9475878353

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি.এফ. ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কোলকাতা-৭০০০৬৪

কম্পিউটার হার্ডওয়ার
দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন কর্মসূচী
তপশিলী জাতি সম্প্রদায়ভুক্ত যুবক/যুবতীদের স্ব-নির্ভরতার লক্ষ্যে বিনা ব্যয়ে Field Technician - Computing & Peripherals (কম্পিউটার হার্ডওয়ার) কোর্স করার সুযোগ।
যোগ্যতা : মাধ্যমিক পাস। বয়স: ১৮ থেকে ৩৫ বছর। পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ ৩,০০,০০০/-

প্রশিক্ষন কেন্দ্র
(১) বানেশ্বর (কোচবিহার) : ৯৭৩৩০৩৬৬৯৪, (২) সিতাই (কোচবিহার) : ৯৬১৪৫১৩৯৪৬, (৩) জিয়াগঞ্জ (মুর্শিদাবাদ) : ৯১৫৩২৬৯৫৩০, (৪) হেমতাবাদ (উত্তর দিনাজপুর) : ৭৯০৮৯৯৪৬৫১, (৫) কামাখ্যাগুড়ি (আলিপুরদুয়ার) : ৯৮৩২৩৮১০৬১, (৬) শ্মশানকালী (পূর্ব মেদিনীপুর) : ৯৭৩২৮৩৭২৯০, (৭) করিমপুর (নদিয়া) : ৯৬৪৭৪৯৫৭৮১, (৮) রানাঘাট (নদিয়া) ৯৮৫১২৩২৭২৭, (৯) করজনা (পূর্ব বর্ধমান) : ৯৫৬৪২১৮০৭৭, (১০) বিক্রমপুর (বাঁকুড়া) : ৯৭৪৯৪৮৩৫৭৮।

প্রশিক্ষন রূপায়নে ncsm
Head Office: 160/A Canal South Road, Kolkata Website: www.ncsm.co.in

সাম্প্রতিক তথ্যে ভরা

জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর-উল্লেখ করবেন।

স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের এস.এল.এস.টি. পরীক্ষার জন্য দরখাস্ত করার শেষ তারিখ কি বাড়বে? — কাজল বিশ্বাস, পূর্ব মেদিনীপুর। পিন্টু মাহাতো, মেদিনীপুর। পূবালী চক্রবর্তী, কুলপী, ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ২১ জুলাই করা হয়েছে।

■ *স্কুল সার্ভিস কমিশনের এস.এল.এস.টি.'র দরখাস্ত করার সময় ফটোতে সই না করে আপলোড করেছি। পরে এডিট করার সময় সই করা ফটো আপলোড করতে পারব কি? এখন কি করণীয়? — পার্বতী মাইতি, ঘাটাল, পূর্ব মেদিনীপুর।*

■■ স্কুল সার্ভিসের ফর্ম এডিট করার সুযোগ পাবেন। তবে কিছু ক্ষেত্রে এডিট করতে পারবেন না। ফটো, সিগনেচার, নাম, বাবার নাম ইত্যাদি ক্ষেত্রে। সেক্ষেত্রে অসুবিধায় পড়তে পারেন। তাই নতুন করে আরেকটি দরখাস্ত করতে পারেন।

■ *নবম-দশম শ্রেণির জন্য দরখাস্ত করেছি। ওই একই মোবাইল নম্বর আর ই-মেল আই.ডি. দিয়ে একাদশ-দ্বাদশ শ্রেণির জন্য দরখাস্ত করলে অসুবিধা হবে কি? — বিমল পটুয়া, দক্ষিণখণ্ড, সালার, মুর্শিদাবাদ।*

■■ না, অসুবিধা হবে না। তবে নতুনভাবে দরখাস্ত করতে হলে ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর দিয়ে দরখাস্ত করতে হবে।

■ *স্কুলসার্ভিসের একাদশ-দ্বাদশ শ্রেণির জন্য এস.এল.এস.টি.'তে দরখাস্ত করেছি। বি.এড.'এর শতকরা হার লিখতে ভুল করেছি। আরেকটি দরখাস্ত করতে পারব কি? দুটি দরখাস্তের জন্য বাতিল হবে কি? — সমাপ্তি ঘোষ, পূর্ব বর্ধমান।*

■■ হ্যাঁ, করতে পারবেন।

রেলে চাকরির

■ *রেলের এন.টি.পি.সি. (আন্ডার গ্র্যাজুয়েট) ক্যাটেগরির পরীক্ষা কবে হবে? — পায়েল চক্রবর্তী, হুগলি।*

■■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির (আন্ডার গ্র্যাজুয়েট) কম্পিউটার বেসড টেস্টের পরীক্ষা হবে ৭ আগস্ট থেকে ৮ সেপ্টেম্বর পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে।

■ *রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? — পার্থ গুহ, বনবনিয়া, হাবড়া, উত্তর ২৪ পরগনা। প্লাবন নস্কর, রানাঘাট, নদিয়া।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ *রেলের এন.টি.পি.সি. (আন্ডার গ্র্যাজুয়েট ক্যাটেগরি)'র পরীক্ষা কবে থেকে শুরু হবে? অ্যাডমিট কার্ড কবে থেকে ডাউনলোড করতে পারব? — বিকাশ গাইন, রাজবেড়িয়া, জাগুলিয়া, নদিয়া।*

■■ কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং ১/২০২৪'এর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের দ্বিতীয় পর্যায়ের যে কম্পিউটার বেসড টেস্ট ১৯ মার্চ, ২ মে আর ৬ মে হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের অ্যাপ্টিটিউড টেস্ট হবে ১৫ জুলাই থেকে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে।

পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশ আর রাজ্য পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা কবে হবে? — স্বপন মণ্ডল, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ *রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা কবে হবে? — রাজেন মাইতি, হুগলি।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর পদে নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — প্লাবন নস্কর, নদিয়া।*

■■ আপাতত কোনো খবর নেই।

পি.এস.সি.'র

■ *পি.এস.সি. ক্লার্কশিপের যে সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বেরিয়েছিল, তাতে বয়স কোন তারিখের হিসাবে গুণতে হবে? — অনুরঞ্জন দত্ত, ঘাটাল, পশ্চিম মেদিনীপুর।*

■■ বয়স গুণতে হবে যে বছর বিজ্ঞপ্তি বেরোবে, সেই বছর ১ জানুয়ারির হিসাবে। সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি যেহেতু ২০২৪ সালে বেরিয়েছে, তাই বয়স ১-১-২০২৪'এর হিসাবে ধরা হতে পারে।

■ *ফুডের সাব-ইন্সপেক্টর পদের যে পরীক্ষা গত বছর ১৬ ও ১৭ মার্চ হয়েছিল, সেই পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠেছে। এই পরীক্ষা কি বাতিল হবে? — সুজিত মাইতি, কুলপি, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এই পরীক্ষার প্রশ্ন ফাঁস হওয়ার অভিযোগে বিভিন্ন থানায় প্রায় ৬০টি এফ.আই.আর. হয়। কলকাতা হাই কোর্টের বিচারপতি রাজশেখর মান্থা ২৩ এপ্রিল রাজ্যের সি.আই.ডি.-কে প্রশ্ন ফাঁস হওয়ার অভিযোগের সত্যতা যাচাইয়ের জন্য তদন্তের নির্দেশ দিয়েছেন। সি.আই.ডি.'র রিপোর্ট আর আদালতের রায়ের ওপর নির্ভর করছে, এই পরীক্ষা বাতিল হবে কিনা।

■ *এবছর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার ফর্ম পূরণ হয়েছে? — দীপেন্দু, সিঙ্গুর, হুগলি।*

■■ না।

অন্যান্য চাকরির

■ *ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষা দিয়েছি। রাজ্য আর কেন্দ্রীয় সরকারের কোন কোন পদে এবছর দরখাস্ত করতে পারব? কোথায় চাকরির সব খবর পাব? — মিতালী চক্রবর্তী, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা।*

■■ উচ্চমাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল আর মাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারের এম.টি.এস. পদের জন্য এখন দরখাস্ত নেওয়া চলছে। কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের দরখাস্ত নেওয়া হয়ে গেছে। রাজ্য স্কুল সার্ভিসের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি শিগগিরই বেরোবে। এছাড়াও এবছর ডব্লু.বি.সি.এস., ক্লার্কশিপ, মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হবে। কেন্দ্রীয় আর রাজ্য সরকারের বিভিন্ন দফতরে লোক নিয়োগের বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান' পত্রিকায় পাবেন।

প্রাইমারি চাকরির

■ *একবার প্রাইমারি 'টেট' পাশ করেছি। আবার 'টেট' পাশ করে ইন্টারভিউ দিতে হবে, নাকি বারবার ইন্টারভিউ দিতে পারব? — যশোধরা সিনহা, বহরু, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ একবার 'টেট' পাশ করলে বারবার ইন্টারভিউ দিতে পারবেন।

কোর্স ও ট্রেনিং

■ *ডি.এল.এড. কোর্সে ভরতির বিজ্ঞপ্তি বেরিয়েছে কি? — রাখি বিশ্বাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, বেরিয়েছে। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ৪ জুলাই থেকে। চলবে ২০ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbbpe.org, https://wbbprimaryeducation.org

■ *ডিগ্রি কোর্স আর ডি.এল.এড. কোর্স একইসঙ্গে করা যায় কি? — রোহিনী দাস।*

■■ না। নিয়মানুযায়ী একইসঙ্গে দুটি রেগুলার কোর্স করা যায় না।

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

পদ	যোগ্যতা	শূন্যপদ	শেষ তারিখ	ওয়েবসাইট
PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক	মাধ্যমিক পাশ	-	-	https://wbpsc.gov.in
PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার	গ্র্যাজুয়েট	-	-	https://wbpsc.gov.in
PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক	গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট	-	-	https://wbpsc.gov.in
স্কুল সার্ভিসের মাধ্যমে নবম -দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা	গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট	৩৫,৭২৬	২১-৭-২৫	www.westbengalssc.com
সেনাবাহিনীর স্কুলে চাকরির অনলাইন স্ক্রিনিং টেস্টের দরখাস্ত নেওয়া শুরু	গ্র্যাজুয়েট	-	১৬-৮-২৫	www.awesindia.com
স্টাফ সিলেকশনের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার মাধ্যমে অফিসার	উচ্চমাধ্যমিক	৩,১৩১	১৮-৭-২৫	www.ssc.nic.in
স্টাফ সিলেকশন কমিশনের মাল্টি টাস্কিং স্টাফ পরীক্ষার মাধ্যমে অফিসার	মাধ্যমিক	৬,০০০ (প্রায়)	২৪-৭-২৫	www.ssc.nic.in
স্টাফ সিলেকশনের মাধ্যমে কেন্দ্রে জুনিয়র ইঞ্জিনিয়ার	ডিগ্রি ও ডিপ্লোমা	১,৩৪০	২১-৭-২৫	https://ssc.nic.in
অসম রাইফেলসে রাইফেলম্যান	মাধ্যমিক	৬৯	২১-৭-২৫	www.assamrifles.gov.in
PGIMER-এ নার্সিং অফিসার	গ্র্যাজুয়েট	৮২	৪-৮-২৫	www.pgimer.edu.in
ব্যাঙ্ক অফ বরোদায় লোকাল ব্যাঙ্ক অফিসার	গ্র্যাজুয়েট	২৫০০	২৪-৭-২৫	www.bankofbaroda.in
রেলে টেকনিশিয়ান	আই.টি.আই গ্র্যাজুয়েট	৬,১৮০	২৮-৭-২৫	সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট দেখুন
বিমানবাহিনীতে অগ্নিবীরবায়ু	উচ্চমাধ্যমিক	-	৩১-৭-২৫	https://agnipathvayu.cdac.in
IBPS-এর মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে স্পেশালিস্ট অফিসার	গ্র্যাজুয়েট	৮২৫	২১-৭-২৫	www.ibps.in
নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ অ্যাপ্রেন্টিস	ITI, ডিপ্লোমা গ্র্যাজুয়েট	৩৩৭	২১-৭-২৫	www.apprenticeshipindia.gov.in
IBPS-এর মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার	গ্র্যাজুয়েট	৫,২০৮	২১-৭-২৫	www.ibps.in
হেভি ভেহিক্যাল ফ্যাক্টরিতে জুনিয়র টেকনিশিয়ান	আই.টি.আই.	১,৮৫০	১৯-৭-২৫	https://oftr.formflix.org

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

পদ	পরীক্ষার তারিখ	ওয়েবসাইট
PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা	৭ সেপ্টেম্বর, ২০২৫	www.wbpsc.gov.in
PSC-Clerkship-23 পার্ট-।। পরীক্ষা	-	www.wbpsc.gov.in
PSC-Clerkship-24 পার্ট-। পরীক্ষা	২৮ ডিসেম্বর, ২০২৫	www.wbpsc.gov.in
PSC- মিসলেনিয়াস সার্ভিসেস -২০২৪ প্রিলিমিনারি পরীক্ষা	২৩ নভেম্বর ২০২৫	www.wbpsc.gov.in
PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেক) -২০২৪ পরীক্ষা	৯ নভেম্বর ২০২৫	www.wbpsc.gov.in
PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টেক) -২০২৪ পরীক্ষা	১৬ নভেম্বর ২০২৫	www.wbpsc.gov.in
স্কুল সার্ভিস (SLST) পরীক্ষা	সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে	www.westbengalssc.com
SSC কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল (CGL-2025) পরীক্ষা	১৩-৩০ আগস্ট, ২০২৫	www.ssc.nic.in
CAPF (Asstt. Commandant) ২০২৫ পরীক্ষা	৩ আগস্ট	www.upsconline.nic.in
NET-ARS, SMS, STO -2025	৪ সেপ্টেম্বর	www.asrb.org.in
সেন্ট্রাল ব্যাঙ্কে অ্যাপ্রেন্টিস	জুলাইয়ের প্রথম সপ্তাহে	www.nats.education.gov.in
SSC স্টেনো গ্রেড-সি ও ডি	৬-১১ আগস্ট, ২০২৫	www.ssc.nic.in
SSC ট্রান্সলেটর	১২ আগস্ট, ২০২৫	www.ssc.nic.in
SBI-এর Circle Based Officer পদের অনলাইন টেস্ট হবে	জুলাইয়ে	https://bank.sbi/careers
এয়ারফোর্সে (AFCAT) পরীক্ষা	২৩-২৫ আগস্ট, ২০২৫	https//afcat.cdac.in
UGC-CSIR NET পরীক্ষা	২৭-২৮ জুলাই, ২০২৫	www.nta.ac.in
AWES-OST পরীক্ষা	২০-২১ সেপ্টেম্বর, ২০২৫	www.awesindia.com
SSC-Phase-XIII পরীক্ষা	২৪ জুলাই-৪ আগস্ট, ২০২৫	www.ssc.gov.in
UPSC NDA&NA (II), 2025 পরীক্ষা	১৪ সেপ্টেম্বর, ২০২৫	www.upsconline.nic.in
UPSC CDS (II), 2025 পরীক্ষা	১৪ সেপ্টেম্বর, ২০২৫	www.upsconline.nic.in
SSC কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল	৮-১৮ সেপ্টেম্বর, ২০২৫	www.ssc.nic.in
SSC এম.টি.এস. পরীক্ষা	২০ সেপ্টেম্বর -১৪ অক্টোবর	www.ssc.nic.in
Rail-NTPC (আন্ডার গ্র্যাজুয়েট)	৭ আগস্ট -৮ সেপ্টেম্বর	সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে বছর কয়েকের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই ?

চটপট চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

কেরিয়ার ফেয়ার

১৮ ও ১৯ জুলাই (শুক্রবার ও শনিবার) সকাল ১০টা থেকে বিকাল ৫টা

দ্যা গ্র্যান্ড আরিয়ানস হোটেল, কল্যাণী স্টেডিয়াম, কল্যাণী

উপস্থাপনায় :

স্পট অ্যাডমিশনে পাবেন বিশেষ ছাড়

কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Sponsored by : ncsm
NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

In Gracious Presence

JIS GROUP Educational Initiatives | TECHNO INDIA GROUP | SANSKARAM UNIVERSITY | CHITKARA UNIVERSITY | SMIT SIKKIM MANIPAL UNIVERSITY | RICE EDUCATION

GSCE digital | GEORGE TELEGRAPH SINCE 1920 www.georgetelegraph.com | DESUN ACADEMY Get Placed by Skills | Reliable | BNG Hotel Management Institute

LIBERTY FOUNDATION | Web skillers ACADEMY A National Award Winning Company | NMS | YIMT | ENDEAVOUR | ICA KALYANI

Excel Mediskills Health care career Institute | CIT Uluberia | Expert Guidance

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

গত সপ্তাহের পর

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

১৬এপ্রিল : আইসিসি পুরুষ ক্রিকেট কমিটির চেয়ারম্যান হিসাবে পুনর্নির্বাচিত হলেন সৌরভ গঙ্গোপাধ্যায়।

□ এবছরের জন্য মর্যাদাপূর্ণ 'ভার্চোল দলিত সাহিত্য পুরস্কার'এ সম্মানিত হলেন বিশিষ্ট তামিল লেখক ও সমাজকর্মী পি.শিবকামি। দলিত সাহিত্যে তাঁর অসামান্য অবদান আর লেখনীর মাধ্যমে সামাজিক ন্যায়বিচারের প্রতি তাঁর অটল অঙ্গীকারের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। চেন্নাইয়ে, এই পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ১ লাখ টাকার নগদ পুরস্কার দেওয়া হয় তাঁকে।

□ এবছর চিনে, 'ম্যাকাও আন্তর্জাতিক কমেডি উৎসব'এ 'মাস্টার হিউমার পুরস্কার' পেলেন বলিউড অভিনেতা আমির খান। বিশ্বব্যাপী চলচ্চিত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি।

১৭এপ্রিল : রাজস্থানের উদয়পুরের 'পারাস হেলথ হসপিটাল'এ ২১ বছর বয়সি এক মহিলার আপার স্পাইনাল কর্ড থেকে ১৭ সেন্টিমিটার লম্বা একটি ইন্ট্রামেডুলারি এপেনডিমোমা টিউমার সফলভাবে অপসারণ করে নিউরোসার্জারিতে একটি বিশ্ব রেকর্ড স্থাপন করলেন প্রখ্যাত নিউরোসার্জন ড.অজিত সিং। টিউমারটি দ্বিতীয় সার্ভিক্যাল ভার্টিব্রা (C2) থেকে পঞ্চম থোরাসিক ভার্টিব্রা (T5) পর্যন্ত প্রসারিত হয়েছিল, যা মেরুদণ্ডের প্রায় এক-তৃতীয়াংশকে প্রভাবিত করে। এই বিরল ও অত্যন্ত জটিল অস্ত্রোপচারটি এখন 'আপার স্পাইন থেকে দীর্ঘতম স্পাইনাল এপেনডিমোমা অপসারণ' হিসাবে 'ইন্টারন্যাশনাল বুক অফ রেকর্ডস'এ স্থান পেয়েছে।

১৮ এপ্রিল : প্রথম ভারতীয় হিসাবে, বিশ্বখ্যাত ফ্যাশন সংস্থা 'শ্যানেল'এর প্রচারদূত হলেন বলিউড অভিনেত্রী অনন্যা পাণ্ডে।

স্পেনে জিব্রাল্টার প্রণালী জয় করে ইতিহাস গড়লেন বাংলার মেয়ে সায়নী দাস। সেইসঙ্গে প্রথম ভারতীয় মহিলা হিসাবে ষষ্ঠ সিন্ধু (নর্থ চ্যানেল, ইংলিশ চ্যানেল, ক্যাটালিনা চ্যানেল, মলোকাই আর কুক প্রণালীর পর এবার জিব্রাল্টার প্রণালী) পার করে নজির গড়লেন তিনি। জিব্রাল্টার প্রণালী জয় করতে তাঁর সময় লেগেছে ৩ ঘন্টা ৫১ মিনিট। এদিন, স্পেনের সময় বেলা ১টা ৪৫ মিনিটে আর ভারতীয় সময় ভোর ৪টে ৪৫ মিনিটে জিব্রাল্টার প্রণালী জয়ের লক্ষ্যে যাত্রা শুরু করেন তিনি। এই চ্যানেলের দূরত্ব ছিল ১৪.২ কিলোমিটার।

□ বিশ্বের দরবারে এক অনন্য সম্মান পেল ভারত। ইউনেস্কোর 'মেমোরি অফ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার'এ অন্তর্ভুক্ত হল 'ভাগবত গীতা' আর ভরত মুনির 'নাট্যশাস্ত্র'। ইউনেস্কোর 'মেমোরি অফ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার' সারা বিশ্বের প্রাচীন ঐতিহাসিক লেখা, পাণ্ডুলিপির মতো বিষয়গুলিকে স্বীকৃতি দেয়। যেসব বই প্রজন্মের পর প্রজন্ম ধরে সমাজকে প্রভাবিত করেছে, সেসব লেখাই রাষ্ট্রপুঞ্জের এই নথিতে স্থান পায়। গীতা ও নাট্যশাস্ত্রের অন্তর্ভুক্তির ফলে, এখন ভারতের মোট ১৪টি নিদর্শন ইউনেস্কোর মর্যাদাপূর্ণ 'মেমোরি অফ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার'এ স্থান পেয়েছে।

□ এবছর কথাসাহিত্যের জন্য 'বঙ্কিম পুরস্কার'এ ভূষিত হলেন সম্মাত্রানন্দ। 'বঙ্কিম পুরস্কার' হল বাংলা কথাসাহিত্যে অবদানের জন্য পশ্চিমবঙ্গের সর্বোচ্চ পুরস্কার। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এই পুরস্কার দেন।

□ পঙ্কজ আদবানি'কে হারিয়ে, এবছর আইবিএসএফ 'বিশ্ব বিলিয়ার্ডস চ্যাম্পিয়নশিপ' জিতলেন সৌরভ কোঠারি।

১৯ এপ্রিল : চেন্নাই বিচ-চেঙ্গালপাট্টু করিডোরে শুরু হল দক্ষিণ ভারতের প্রথম শীতাতপ নিয়ন্ত্রিত ইলেক্ট্রিক মাল্টিপল ইউনিট ট্রেন পরিষেবা। দক্ষিণ রেলওয়ের চেন্নাই বিভাগ এই পরিষেবাটি পরিচালনা করে। দক্ষিণ রেলওয়ের যাত্রীদের তীব্র গরমে যে অস্বস্তির সম্মুখীন হতে হয়, তা থেকে মুক্তি দেওয়ার লক্ষ্যে এই পরিষেবা চালু করা হয়েছে। এটি চেন্নাইয়ের শহরতলির রেল নেটওয়ার্কের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। ট্রেনটি প্রচলিত ইএমইউ রেকের তুলনায় আরও অত্যাধুনিক বৈশিষ্ট্যে সজ্জিত, যার মধ্যে রয়েছে স্বয়ংক্রিয় দরজা আর যাত্রী তথ্য ব্যবস্থা, যা আরও আরামদায়ক আর আধুনিক ভ্রমণ অভিজ্ঞতা প্রদান করে।

২২ এপ্রিল : ভারতের ২৩ তম আইন কমিশনের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন বিচারপতি দীনেশ মহেশ্বরী।

□ মহারাষ্ট্র সরকারের তরফ থেকে, ২০২২-'২৩ সালের জন্য মর্যাদাপূর্ণ 'শিব ছত্রপতি রাজ্য ক্রীড়া পুরস্কার' পেলেন বিখ্যাত পর্বতারোহী কৃষ্ণ ঢোকলে। এটি ভূমি-ভিত্তিক অ্যাডভেঞ্চার স্পোর্টসের ক্ষেত্রে সর্বোচ্চ রাজ্য স্তরের স্বীকৃতি। রাজ্যের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ তাঁকে এই পুরস্কার দিয়েছেন।

□ 'ভারতীয় ভারোত্তোলন ফেডারেশন'এর অ্যাথলিটস কমিশনের চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন সাইখোম মীরাবাই চানু।

□ এবছর অসমের কোকরাঝারে, মর্যাদাপূর্ণ 'গুরুদেব কালীচরণ ব্রহ্ম পুরস্কার'এ ভূষিত হলেন 'KIIT and KISS'এর প্রতিষ্ঠাতা অচ্যুত সামন্ত। শিক্ষা আর সামাজিক ক্ষমতায়নের মাধ্যমে সমাজে তাঁর উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি।

২৩ এপ্রিল : এবছর 'ওয়ার্ল্ড প্রেস ফটো অফ দ্য ইয়ার' জিতলেন কাতার-ভিত্তিক প্যালেস্তাইনি আলোকচিত্রী সামার আবু এলৌফ। গাজা যুদ্ধে দু'হাত হারানো একটি কিশোরের ছবি তুলে এই পুরস্কার জিতলেন তিনি। ছবিটি গাজার ৯ বছর বয়সি বালক মাহমুদ আজুর'এর, যে ২০২৪ সালের মার্চে গাজায়, ইজরায়েলের বিমান হামলায় দু'টি হাতই হারায়। এরপর সে গাজা থেকে কাতারে চলে যায়। 'নিউ ইয়র্ক টাইমস'এ ছাপানোর জন্য ছবিটি তোলেন এলৌফ।

এবছর 'লরিয়াস বিশ্ব ক্রীড়া পুরস্কার'এ পুরুষ আর মহিলাদের বিভাগে বর্ষসেরার সম্মান পেলেন যথাক্রমে সুইডিশ পোল ভল্টার আর্মান্দ দুপ্লান্তিস আর মার্কিন যুক্তরাষ্ট্রের আর্টিস্টিক জিমন্যাস্ট সিমোনে বাইলস। তিনবার এই পুরস্কারের জন্য মনোনীত হওয়ার পর, এবছর এই সম্মান পেলেন দুপ্লান্তিস। তিনি হলেন প্রথম ক্রীড়াবিদ, যিনি অলিম্পিকে পরপর দু'টি সোনার পদক জিতেছেন। অন্যদিকে, এই পুরস্কারে 'জীবনকৃতি সম্মান' পেয়েছেন মার্কিনি সার্ফার কেলি স্লেটার। বর্ষসেরা দলের খেতাব পেয়েছে স্প্যানিশ ফুটবল ক্লাব 'রিয়াল মাদ্রিদ'। এছাড়াও, 'স্পোর্টিং আইকন পুরস্কার' পেয়েছেন স্প্যানিশ প্রাক্তন পেশাদার টেনিস খেলোয়াড় রাফায়েল নাদাল।

২৪ এপ্রিল : এবছর 'ইন্ডিয়া অডিও সামিট অ্যান্ড অ্যাওয়ার্ডস'এ বিভিন্ন বিভাগে মোট ৬টি পুরস্কার জিতল 'আকাশবাণী'। রেডিও আর অডিও কন্টেন্ট প্রযোজনায় উৎকর্ষতার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার দেওয়া হয়। সেরা পুরস্কারের মধ্যে রয়েছে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি'র অনুষ্ঠান 'নয়ি সোচ নয়ি কাহানি-এ রেডিও জার্নি উইথ স্মৃতি ইরানি', যেটি রেডিওতে 'বর্ষসেরা সিরিজ' হিসাবে সম্মানিত হয়েছে। ১৩ পর্বের এই সিরিজটি নারীদের সাহস আর দৃঢ়তার অবিশ্বাস্য কাহিনি। অন্যান্য পুরস্কারপ্রাপ্ত অনুষ্ঠানের মধ্যে রয়েছে 'ছায়াগীত', যা 'সেরা লেট নাইট শো' বিভাগে পুরস্কৃত হয়েছে, 'উজালে উনকি ইয়াদো কে' 'সেরা সেলিব্রিটি শো অন এয়ার' নির্বাচিত হয়েছে, 'সাফারকাস্ট', যা 'সেরা ভ্রমণ অনুষ্ঠান'এর জন্য পুরস্কৃত হয়েছে, 'পাব্লিক স্পিক' (স্বাস্থ্য আর ফিটনেস বিভাগ) 'সেরা প্রযোজিত অডিও স্ট্রিমিং প্রোগ্রাম' হিসাবে পুরস্কৃত হয়েছে। অন্যদিকে, স্বল্প-আকৃতির অডিও কন্টেন্টে নিজেদের সৃজনশীল উৎকর্ষতা প্রদর্শন করে 'সেরা ইন্টারস্টিশিয়াল'এর পুরস্কারও জিতেছে আকাশবাণী।

২৫ এপ্রিল : চিকিৎসাগত কারণে ১ বছরের জন্য কাঁচা ডিম থেকে তৈরি মেয়োনিজ তৈরি, বিক্রি আর সংরক্ষণ নিষিদ্ধ করল তামিলনাড়ু সরকার। জনস্বাস্থ্যের জন্য এই পদক্ষেপ নেওয়া হয়েছে। কারণ, এই ধরনের মেয়োনিজকে 'উচ্চ-ঝুঁকিপূর্ণ খাবার' হিসাবে বিবেচনা করা হয়, যা খাদ্যে বিষক্রিয়ার কারণ হতে পারে। ৮ এপ্রিল থেকে ১ বছরের জন্য এই নিষেধাজ্ঞা কার্যকর হয়েছে।

□ ২০১১-'১২ সাল থেকে ২০২২-'২৩ সালের মধ্যে ভারত ১৭ কোটি ১০ লাখেরও বেশি মানুষকে চরম দারিদ্রতা থেকে বের করে এনেছে বলে জানালো 'বিশ্বব্যাঙ্ক'। ভারতের ওপর প্রকাশিত বিশ্বব্যাঙ্কের 'পভার্টি অ্যান্ড ইক্যুইটি ব্রিফ'এ বলা হয়েছে, পশ্চিমবঙ্গ, উত্তর প্রদেশ, মহারাষ্ট্র, বিহার আর মধ্য প্রদেশ চরম দারিদ্রের সামগ্রিক হ্রাসের দুই-তৃতীয়াংশের জন্য দায়ী। তারা আরও জানিয়েছে, গ্রামীণ এলাকায় চরম দারিদ্র ১৮.৪% থেকে ২.৮ শতাংশে নেমে এসেছে আর শহরাঞ্চলে ১০.৭% থেকে তা ১.১ শতাংশে নেমে এসেছে। এর ফলে, গ্রাম-শহর দারিদ্রের ব্যবধান ৭.৭% থেকে ১.৭% পয়েন্টে নেমেছে - যা প্রতি বছর ১৬% হারে কমেছে।

২৬ এপ্রিল : কেরলে, 'জন্মভূমি দৈনিক' আয়োজিত এক মর্যাদাপূর্ণ অনুষ্ঠানে 'উদ্যোগ বিকাশ পুরস্কার' পেল 'ন্যাশনাল ইন্ডাস্ট্রিয়াল করিডোর ডেভেলপমেন্ট কর্পোরেশন'। শিল্প উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল তারা। এই পুরস্কারটি ভারতের শিল্প ভবিষ্যৎ গঠনে, বিশেষত 'পালাক্কাদ ইন্ডাস্ট্রিয়াল স্মার্ট সিটি'র উন্নয়নের মাধ্যমে 'ন্যাশনাল ইন্ডাস্ট্রিয়াল করিডোর ডেভেলপমেন্ট কর্পোরেশন'এর গুরুত্বপূর্ণ ভূমিকাকে স্বীকৃতি দেয়। প্রসঙ্গত উল্লেখ্য, ১,৭১০ একর আয়তনের 'পালাক্কাদ ইন্ডাস্ট্রিয়াল স্মার্ট সিটি' সড়ক, রেল আর আকাশপথে চমৎকার যোগাযোগ ব্যবস্থা প্রদান করে, যা এটিকে দক্ষিণ ভারতের জন্য একটি গুরুত্বপূর্ণ শিল্প কেন্দ্র করে তোলে আর বিনিয়োগ, কর্মসংস্থান ও আঞ্চলিক উদ্ভাবনকে উৎসাহিত করে।

□ 'রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড'এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন অনন্ত আম্বানি।

□ আফগান-ই-স্তানে ৪.৮ টন টিকা পাঠালো ভারত। এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছে আফগান স্বাস্থ্য মন্ত্রক। জলাতঙ্ক, টিটেনাস, হেপাটাইটিস বি আর ইনফ্লুয়েঞ্জার মতো গুরুতর রোগ প্রতিরোধে এইসব টিকা ব্যবহার করা হবে। এই সহায়তার ফলে দেশটির হাজার হাজার নাগরিকের জীবন রক্ষা করা সম্ভব হবে।

□ সর্বোচ্চ ভোট পেয়ে ২০২৭ সালে দশম ফিফা মহিলা বিশ্বকাপ আয়োজক হওয়ার দরপত্র জিতল ব্রাজিল। ফলে, এই প্রথমবারের মতো দক্ষিণ আমেরিকার কোনো দেশ ফিফা মহিলা বিশ্বকাপ আয়োজন করছে। ২০২৩ সালে যৌথভাবে নবম ফিফা মহিলা বিশ্বকাপ আয়োজন করেছিল অস্ট্রেলিয়া আর নিউজিল্যান্ড। প্রসঙ্গত উল্লেখ্য, ব্রাজিল এর আগে ১৯৫০ সাল আর ২০১৪ সালে ফিফা পুরুষদের বিশ্বকাপ আয়োজন করেছিল।

□ ২০২৪-'২৫ সালে পুণে ফিডে মহিলাদের গ্র্যান্ড প্রিক্স' জিতলেন ভারতীয় গ্র্যান্ডমাস্টার কোনেরু হাম্পি।

□ রিয়াল মাদ্রিদ'কে ৩-২ ব্যবধানে হারিয়ে, 'কোপা দেল রে' চ্যাম্পিয়ন হল বার্সেলোনা।

এবছর মর্যাদাপূর্ণ 'লতা দীনানাথ মঙ্গেশকর পুরস্কার'এ ভূষিত হলেন 'আদিত্য বিড়লা গ্রুপ'এর চেয়ারম্যান কুমার মঙ্গলম বিড়লা। তাঁর দূরদর্শী নেতৃত্ব আর ভারতের অর্থনৈতিক উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। মুম্বইয়ে, আরএসএস প্রধান মোহন ভাগবত তাঁকে এই পুরস্কার দিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, প্রয়াত কিংবদন্তি গায়িকা লতা মঙ্গেশকরের স্মরণে ২০২২ সালে এই পুরস্কার চালু করা হয়।

২৭ এপ্রিল : এবছরের ৭৮ তম 'কান চলচ্চিত্র উৎসব'এ মর্যাদাপূর্ণ 'লা সিনেফ' বিভাগে নির্বাচিত হল কলকাতার 'সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট'এর ছাত্রদের তৈরি চলচ্চিত্র 'এ ডল মেড আপ অফ ক্লে', যা ভারতীয় চলচ্চিত্র শিক্ষা ক্ষেত্রে একটি ঐতিহাসিক মুহূর্ত। কোকোব টেসফে পরিচালিত আর সাহিল ইন্দেল প্রযোজিত এই ছাত্র চলচ্চিত্রটি 'লা সিনেফ' (যা বিশ্ব জুড়ে ফিল্ম স্কুলের ছাত্রছাত্রীদের কাজ প্রদর্শনের জন্য পরিচিত) বিভাগে একমাত্র ভারতীয় এন্ট্রি। ২৩ মিনিটের এই পরীক্ষামূলক চলচ্চিত্রটি একজন তরুণ নাইজেরিয়ান ক্রীড়াবিদের গল্প বলে।

□ 'অসম রাইফেলস'এর প্রথম মহিলা ডগ হ্যান্ডলার হিসাবে নিযুক্ত হলেন শ্রীলক্ষ্মী পিভি।

□ স্মার্ট হোম অ্যাপ্লায়েন্স ব্র্যান্ড 'ড্রিম টেকনোলজি'র প্রথম ভারতীয় প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন বলিউড অভিনেত্রী কৃতী শ্যানন।

□ ২০২৪ সালে 'কান চলচ্চিত্র উৎসব'এ গ্রাঁ প্রি জিতে নিয়েছিল ভারতীয় চলচ্চিত্র পরিচালক পায়েল কাপাডিয়া পরিচালিত চলচ্চিত্র 'অল উই ইমাজিন অ্যাজ লাইট'। এরপর ওই 'কান চলচ্চিত্র উৎসব'এরই মূল প্রতিযোগিতা বিভাগের বিচারক হিসাবে নির্বাচিত হলেন পায়েল। ফরাসি অভিনেত্রী জুলিয়েট বিনোশে'র নেতৃত্বাধীন এই জুরি টিমে পায়েল ছাড়াও রয়েছেন আরও সাতজন ব্যক্তিত্ব।

□ অযোধ্যায় তীর্থযাত্রীদের সুবিধা বাড়ানোর জন্য, ভারতে এই প্রথম 'সরযূ' নদীতে একটি ভাসমান স্নানকুণ্ড তৈরির সিদ্ধান্ত নিল 'অযোধ্যা উন্নয়ন কর্তৃপক্ষ'। আধুনিক সুযোগ-সুবিধা দিয়ে সাজানো এই ভাসমান স্নানকুণ্ডটিতে একসঙ্গে ৩০০ জন ভক্তের জন্য স্নানের ব্যবস্থা থাকবে। বিশেষত, বৃহৎ মেলা আর ধর্মীয় সমাবেশের সময় ভক্তরা এখানে নিরাপদ আর সুবিধাজনক স্নানের সুবিধা পাবেন। কুণ্ডটি এমন একটি কাঠামোর হবে, যা জলের ওপর ভাসবে। এটি পন্টুন, ফাইবার-রিইনফোর্সড প্লাস্টিক বা স্টিলের ফ্রেমের মতো হালকা আর টেকসই উপকরণ ব্যবহার করে তৈরি করা হবে। এই ভাসমান স্নানের কুণ্ডে থাকবে নিরাপত্তার ব্যবস্থা, রেলিং, পোশাক পরিবর্তনের ঘর, বেঞ্চ, সৌর আলো, জরুরি সহায়তাকারী নৌকা, কেনাকাটার সুবিধা-সহ প্রভৃতি ব্যবস্থা।

□ ৪৭ তম 'মস্কো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ দু'টি পুরস্কার পেলেন মেঘালয়ের চলচ্চিত্র পরিচালক প্রদীপ কুরবাহ। তাঁর পরিচালিত চলচ্চিত্র 'হা লিংখা বেনং' 'সেরা চলচ্চিত্র'এর সম্মান পেল। আর অন্যদিকে, তিনি নিজেই পেলেন 'সেরা পরিচালক'এর পুরস্কার। 'নেটওয়ার্ক ফর প্রোমোশন অফ এশিয়ান সিনেমা'র তরফ থেকে এই পুরস্কার দেওয়া হয়।

□ টটেনহ্যাম হটস্পার'কে ৫-১ ব্যবধানে হারিয়ে, রেকর্ড ২০ বার প্রিমিয়র লিগ খেতাব জিতল লিভারপুল।

এরপর ১২ পাতায়

বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

সাধারণ বিজ্ঞান

১। কোন বিজ্ঞানী প্রথম 'ভিটামিন' শব্দটি প্রয়োগ করেন — ক্যাসিমির ফাঙ্ক।

২। ক্যান্সার সৃষ্টিকারী জিনকে কী বলে — অঙ্কোজিন।

৩। কোন জীবাণু থেকে 'হাম' রোগ হয় — রুবেওলা।

৪। মহাকর্ষীয় তরঙ্গের প্রবক্তা কে — অ্যালবার্ট আইনস্টাইন।

৫। 'সোরা'র রাসায়নিক নাম কী — পটাশিয়াম নাইট্রেট (ফর্মূলা - KNO_3)।

৬। 'ফায়ারি আইস' কাকে বলে — মিথেন হাইড্রেট।

৭। কোন জ্বালানি পোড়ালে প্রধানত সালফার ডাই অক্সাইড গ্যাস বাতাসে আসে — ডিজেল।

৮। রক্তচাপ মাপার জন্য কোন যন্ত্র ব্যবহার করা হয় — স্ফিগমোম্যানোমিটার।

ইতিহাস

৯। কে ইংরিজিতে প্রথম ভারতীয় কাব্যগ্রন্থ রচনা করেছিলেন — কাশীপ্রসাদ ঘোষ (১৮৩০ সালে প্রকাশিত হয় 'The Shair and Other Poems' কাব্যগ্রন্থ)।

১০। মহাত্মা গান্ধী ভারতে তাঁর প্রথম সত্যাগ্রহ কোন স্থান থেকে শুরু করেছিলেন — বিহারের চম্পারণ (১৯১৭ সালে)।

১১। প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধের প্রেক্ষাপটে, 'লাহোর চুক্তি' (১৮৪৬ সাল) স্বাক্ষরিত হলে ভারতের গভর্নর জেনারেল কে ছিলেন — প্রথম লর্ড হার্ডিঞ্জ।

১২। বৌদ্ধ ঐতিহ্য অনুসারে, বুদ্ধের সারথি কে ছিলেন — চান্না।

১৩। কোন গুপ্ত সম্রাট একজন বিশেষজ্ঞ বীণাবাদক ছিলেন — সমুদ্রগুপ্ত।

১৪। 'গঙ্গাইকোন্ডা চোলাপুরম' নির্মাণ করেন কে — প্রথম রাজেন্দ্র চোল।

১৫। কোন মোগল শাসক 'সতী' প্রথার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছিলেন — আকবর।

১৬। কোন মোগল সম্রাট 'আলি গওহর' নামেও পরিচিত ছিলেন — দ্বিতীয় শাহ আলম।

ভূগোল

১৭। 'কাচিন' পাহাড় ভারত ও কোন প্রতিবেশী দেশের মধ্যে সীমানা তৈরি করে — মায়ানমার।

১৮। আরাবল্লী পর্বতের পুষ্কর উপত্যকা থেকে উৎপন্ন 'লুনী' নদী কোথায় শেষ হয়েছে — গুজরাতের কচ্ছের রাণ।

১৯। ভারতে প্রথম কোন বন্দরটি পাব্লিক কোম্পানি হিসাবে স্বীকৃতি পেয়েছে — এন্নোর বন্দর (এটি ২০০১ সালে চালু হয়)।

২০। ভারতে সবথেকে সাধারণ ধরনের বন হল — গ্রীষ্মমণ্ডলীয় পর্ণমোচী।

২১। রাজস্থানের 'ঝামারকোত্রা খনি' কোন খনিজ পদার্থের জন্য সবথেকে বেশি পরিচিত — রক ফসফেট।

২২। ভারতের বৃহত্তম ম্যানগ্রোভ বনগুলির মধ্যে একটি 'পিচাভারম' ম্যানগ্রোভ বন ভারতের কোন রাজ্যে অবস্থিত — তামিলনাড়ু।

২৩। 'দানা পানি' আর 'আইএনএস হামলা' ভারতের কোন সমুদ্র সৈকতের অংশ — আকসা সমুদ্র সৈকত।

২৪। কোন পাহাড়ে পূর্বঘাট পর্বতমালা, পশ্চিমঘাট পর্বতমালার সঙ্গে মিলিত হয়েছে — নীলগিরি পাহাড়।

অর্থনীতি

২৫। লন্ডনের 'সেন্ট্রাল ব্যাঙ্কিং'এর তরফ থেকে, এবছর 'ডিজিটাল ট্রান্সফর্মেশন পুরস্কার' পেল কোন সংস্থা — ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (নিজেদের ডিজিটাল উদ্যোগ 'সারথি' ও 'প্রবাহ'এর জন্য এই পুরস্কার জিতেছে তারা)।

২৬। 'কানাড়া ব্যাঙ্ক'এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — এস.কে.মজুমদার।

২৭। বিশ্বের সবথেকে মূল্যবান ইস্পাত প্রস্তুতকারক সংস্থায় পরিণত হয়ে উল্লেখযোগ্য মাইলফলক অর্জন করল কারা — সজ্জন জিন্দাল'এর নেতৃত্বাধীন ভারতীয় সংস্থা 'জেএসডব্লু স্টিল' (এই ভারতীয় সংস্থা এখন ৩০.৩১ বিলিয়ন ডলারের বাজার মূলধন অর্জন করেছে)।

২৮। 'ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশন'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — এসবিআই প্রধান চাল্লা শ্রীনিবাসলু শেট্টি।

২৯। যৌথভাবে ৫০০টি উচ্চ-প্রবৃদ্ধিসম্পন্ন এশিয়া-প্যাসিফিক কোম্পানির সপ্তম বার্ষিক র‍্যাঙ্কিং প্রকাশ করল যুক্তরাজ্যের 'ফিনান্সিয়াল টাইমস' ও জার্মানির 'স্ট্যাটিস্টা'। এই র‍্যাঙ্কিংয়ে শীর্ষ স্থানে রয়েছে কোন সংস্থা — নয়া দিল্লির পিয়ার-টু-পিয়ার নন-ব্যাঙ্কিং আর্থিক সংস্থা 'লেন্ডবক্স'।

রাষ্ট্রনীতি

৩০। ভারতীয় সংবিধানের ৭৩ তম সংশোধনী কোন বিষয়ের সঙ্গে সম্পর্কিত — পঞ্চায়েতিরাজ।

৩১। ভারতীয় বন আইন কত সালে প্রণীত হয় — ১৯২৭।

৩২। একজন সাংসদ অনুমতি ছাড়া সর্বোচ্চ কত সময় ধরে সংসদে অনুপস্থিত থাকতে পারেন — ২ মাস।

৩৩। ভারতের প্রধান নির্বাচন কমিশনার নিযুক্ত করেন কে — রাষ্ট্রপতি।

৩৪। ১৯৫৩ সালে কার সভাপতিত্বে প্রথম অনগ্রসর শ্রেণি কমিশন নিযুক্ত করা হয় — কাকা কালেলকর।

৩৫। ১৯৯০ সালে কোন কমিশনের সুপারিশ অনুসারে আন্তঃরাজ্য পরিষদ প্রতিষ্ঠিত হয় — সারকারিয়া কমিশন (১৯৮৩-'৮৭)।

সাম্প্রতিক ঘটনা

৩৬। আইসল্যান্ডের সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী কে — ক্রিস্টরূন ফ্রোস্টাদোত্তির (৩৬ বছর বয়সি)।

৩৭। একসঙ্গে ৫৬৭ জনকে ভার্মাম থেরাপি দেওয়ার জন্য, 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল কোন সংস্থা — চেন্নাইয়ের তাম্বারামের 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ সিদ্ধা' (ভার্মাম থেরাপি স্নায়বিক ব্যাধি, পেশির ব্যাথা, স্ট্রোক ও আর্থ্রাইটিসের মতো দীর্ঘস্থায়ী রোগের চিকিৎসার জন্য অত্যন্ত কার্যকর)।

৩৮। কোন বিশিষ্ট ভারতীয় পরিবেশবিদকে জীবনকৃতি সম্মানে ভূষিত করল 'ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম' — মাধব গাডগিল (এটি রাষ্ট্রসঙ্ঘের সর্বোচ্চ পরিবেশগত সম্মান)।

৩৯। কাকে হোয়াইট হাউজের কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ক সিনিয়র নীতি উপদেষ্টা হিসাবে নিয়োগ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প — ভারতীয়-মার্কিনি উদ্যোক্তা শ্রীরাম কৃষ্ণণ।

৪০। 'জাতীয় কৃষক দিবস' কবে পালিত হয় — ২৩ ডিসেম্বর।

৪১। নয়াদিল্লিতে, 'রাষ্ট্রপর্ব' ওয়েবসাইট ও মোবাইল অ্যাপ চালু করলেন কে — কেন্দ্রীয় প্রতিরক্ষা সচিব রাজেশ সিং (প্রজাতন্ত্র দিবস, স্বাধীনতা দিবস-সহ প্রভৃতি জাতীয় উৎসবগুলি সম্পর্কে তথ্য দেবে এই ওয়েবসাইট)।

৪২। কোন ভারতীয় শিক্ষাবিদকে রাজকীয় সম্মানে ভূষিত করলেন ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক — অরুণ কাপুর

(তাঁকে মর্যাদাপূর্ণ 'লাল স্কার্ফ' ও 'দাশো' উপাধিতে ভূষিত করা হয়)।

৪৩। ২০২৫ সালের ১ জানুয়ারি থেকে ভিক্ষা নিষিদ্ধ করেছে ভারতের কোন শহর — মধ্য প্রদেশের ইন্দোর।

৪৪। সম্প্রতি প্রয়াত আদিবাসী পরিবেশকর্মী তুলসী গৌড়া (৮০ বছর) কোন সর্বোচ্চ বেসামরিক পুরস্কারে ভূষিত হয়েছিলেন — পদ্মশ্রী (২০২০ সালে এই পুরস্কার পান তিনি)।

৪৫। প্রথম রূপান্তরকামী ব্যক্তি হিসাবে, কর্ণাটকের একটি বিশ্ববিদ্যালয়ে গেস্ট লেকচারার হিসাবে নিযুক্ত হলেন কে — কে.এন.রেণুকা পূজার ('বিজয়নগর শ্রী কৃষ্ণদেবরায় বিশ্ববিদ্যালয়'এর নন্দিহাল্লি ক্যাম্পাসে কন্নড় বিভাগে যোগ দিয়েছেন তিনি)।

৪৬। কোন দেশের ঐতিহ্যবাহী প্রেমের গান 'সেভদালিঙ্কা' ('বলকান ব্লুজ' নামেও পরিচিত) ইউনেস্কোর স্বীকৃতি পেল — বসনিয়া অ্যান্ড হার্জেগোভিনা।

৪৭। ২০২৩-'২৪ আর্থিক বছরে ভারত তার সর্বোচ্চ কত মিলিয়ন টন কয়লা উৎপাদন করে রেকর্ড গড়েছে — ৯৯৭.৮২৬ মিলিয়ন টন।

৪৮। সূর্যের সবথেকে কাছাকাছি গিয়ে সফলভাবে ফিরে এসে ইতিহাস গড়ল কোন মহাকাশ সংস্থার একটি মহাকাশযান 'পার্কার সোলার প্রোব' — নাসা (মহাকাশযানটি সূর্যের পৃষ্ঠ থেকে মাত্র ৩.৮ মিলিয়ন মাইল (৬.১ মিলিয়ন কিলোমিটার) দূর থেকে অতিক্রম করার পরও অক্ষত রয়েছে)।

৪৯। ২৫০ বছর পর, মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় পাখি হিসাবে আনুষ্ঠানিকভাবে কোন পাখিকে নির্বাচন করা হয়েছে — বাল্ড বা, টাক ঈগল।

৫০। মণিপুরের রাজ্যপাল এখন কে — অজয় কুমার ভাল্লা।

৫১। ভারতে 'বীর বাল দিবস' কবে পালিত হয় — ২৬ ডিসেম্বর।

৫২। 'অয়েল ইন্ডিয়া লিমিটেড'এর চিফ ফিনান্সিয়াল অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — অভিজিৎ মজুমদার।

৫৩। 'তেলেঙ্গানা স্টেট ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — তেলুগু চলচ্চিত্র প্রযোজক দিল রাজু।

৫৪। 'সাউথ ইন্ডিয়ান এডুকেশন সোসাইটি'র তরফ থেকে, জননেতৃত্বের জন্য 'শ্রী চন্দ্রশেখরেন্দ্র সরস্বতী ন্যাশনাল এমিনেন্স পুরস্কার'এ ভূষিত হলেন কে — কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস.জয়শঙ্কর।

৫৫। সম্প্রতি প্রয়াত ড.মনমোহন সিং (৯২ বছর) কে ছিলেন — ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী (২০২৪ সালের ২৬ ডিসেম্বর মারা যান তিনি)।

৫৬। বিহারের রাজ্যপাল এখন কে — আরিফ মহম্মদ খান।

৫৭। কেন্দ্রের রাজস্ব সচিব হিসাবে নিযুক্ত হলেন কে — অরুনীশ চাওলা।

৫৮। 'আন্তর্জাতিক অতিমারি প্রস্তুতি দিবস' কবে পালিত হয় — ২৭ ডিসেম্বর।

৫৯। তিব্বতে বিশ্বের বৃহত্তম জলবিদ্যুৎ বাঁধ তৈরি করবে কোন দেশ — চিন।

৬০। ২০২৪ সালে কতজন শিশুকে 'প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার' প্রদান করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু — ১৭ জন।

৬১। ওড়িশার রাজ্যপাল এখন কে — হরি বাবু কাম্ভমপতি।

৬২। ভারতের প্রথম জিরো-ওয়েস্ট বিমানবন্দর কোনটি — মধ্য প্রদেশের ইন্দোরের 'দেবী অহিল্যাবাই হোলকার বিমানবন্দর'।

৬৩। কোথায় রাজ্যের প্রথম ওয়াইন উৎপাদন ইউনিট চালু করল উত্তরাখণ্ড সরকার — কোটদ্বার।

৬৪। মানবতার প্রতি অসামান্য সেবার স্বীকৃতি হিসাবে, 'এশিয়া প্যাসিফিক ভাস্কুলার সোসাইটি'র তরফ থেকে মরণোত্তর জীবনকৃতি সম্মান পেলেন

কে — ড.বিশাখা ত্রিপাঠী (তিনি ছিলেন একজন ভারতীয় আধ্যাত্মিক নেত্রী তথা 'জগদগুরু কৃপালু পরিষদ'এর সভাপতি)।

৬৫। মলদোভা'র প্রেসিডেন্ট এখন কে — মাইয়া সান্দু।

৬৬। মৃত্যুদণ্ডের বিধান বাতিল করল কোন দেশ — জিম্বাবোয়ে।

৬৭। আনুষ্ঠানিকভাবে 'ইউরোপীয় ইউনিয়ন'এর পাসপোর্টমুক্ত অবাধ চলাচলের শেনজেন অঞ্চলে পূর্ণ সদস্য হিসাবে যোগ দিল কোন দুই দেশ — রোমানিয়া ও বুলগেরিয়া।

৬৮। ১ জানুয়ারি থেকে, বোরখা-সহ মুখ ঢেকে রাখে এমন পোশাকের ওপর নিষেধাজ্ঞা জারি করল কোন দেশ — সুইৎজারল্যান্ড।

৬৯। 'ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে দায়িত্ব নিলেন কে — ভুবনেশ কুমার।

৭০। সর্বসম্মতিক্রমে কোন সালকে 'সংস্কারের বছর' হিসাবে পালন করার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক — ২০২৫।

৭১। 'সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — ভিতুল কুমার।

৭২। ২০২৫ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের জানুয়ারি সময়ের জন্য, 'ভারতের গ্রেট প্লেস টু ওয়ার্ক ইনস্টিটিউট'এর তরফ থেকে মর্যাদাপূর্ণ 'গ্রেট প্লেস টু ওয়ার্ক' (কাজের জন্য দুর্দান্ত জায়গা) তকমা পেল কোন সংস্থা — স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড।

৭৩। বিশ্বের দ্রুততম বুলেট ট্রেনের প্রোটোটাইপ উন্মোচন করল কোন দেশ — চিন ('CR450' নামের এই ট্রেনটি পরীক্ষামূলক যাত্রায় প্রতি ঘন্টায় ৪৫০ কিলোমিটার বেগে চলতে সক্ষম)।

৭৪। এই প্রথমবার দেশের তৈরি সার্জিক্যাল রোবট ইনস্টল করা হল মহারাষ্ট্রের পুণের 'নোবেল হসপিটালস অ্যান্ড রিসার্চ সেন্টার'এ। যন্ত্রটির নাম কী — এসআইএস মন্ত্র।

৭৫। অন্ধ্র প্রদেশের নতুন মুখ্য সচিব হিসাবে নিযুক্ত হলেন কে — কে.বিজয়ানন্দ।

৭৬। কোথায় কৃত্রিম বরফ তৈরির জন্য একটি মেশিন তৈরি করা হয়েছে — কার্গিল (মেশিনটি মাত্র এক ঘন্টার মধ্যে ১৫ ফুট লম্বা ও ৫ ফুট চওড়া এলাকায় এক ইঞ্চি পুরু বরফের স্তর তৈরি করতে পারে)।

খেলাধুলা

৭৭। ২০২৪ সালে 'বেস্ট ফিফা ফুটবল পুরস্কার'এ মহিলা ক্রীড়াবিদের সম্মান পেলেন কে — বার্সেলোনার ফুটবলার আইতানা বোনমাতি।

৭৮। সম্প্রতি সব ফরম্যাটের আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন কোন দেশের ক্রিকেটার রবিচন্দ্রন অশ্বিন — ভারত।

৭৯। 'দিল্লি ডিস্ট্রিক্ট অ্যান্ড ক্রিকেট অ্যাসোসিয়েশন'এর প্রেসিডেন্ট পদে পুনর্নির্বাচিত হলেন কে — রোহন জেটলি।

৮০। তৃতীয় 'বিশ্ব টেনিস লিগ' টুর্নামেন্ট কোথায় হয়েছে — আবুধাবি।

৮১। স্লোভেনিয়ায়, ফিডে বিশ্ব অনূর্ধ্ব-১৮ যুব র‍্যাপিড ও ব্লিৎজ শিরোপা জিতে ইতিহাস গড়লেন কে — ভারতীয় দাবা গ্র্যান্ডমাস্টার প্রণব ভেঙ্কটেশ (র‍্যাপিড বিভাগে ৯.৫ পয়েন্ট ও ব্লিৎজ বিভাগে এক রাউন্ড বাকি থাকতে ১৯.৫ পয়েন্ট অর্জন করে সোনার পদক জিতেছেন তিনি)।

৮২। ২০২৪ সালে 'বেস্ট ফিফা ফুটবল পুরস্কার'এ পুরুষ ক্রীড়াবিদের সম্মান

পেলেন কে — ব্রাজিলিয়ান স্ট্রাইকার ভিনিসিয়াস জুনিয়র।

৮৩। ২০২৪ সালে 'ফিফা ইন্টারকন্টিনেন্টাল কাপ' জিতল কোন দল — রিয়াল মাদ্রিদ (মেক্সিকোর ক্লাব 'পাচুকা'কে ৩-০ ব্যবধানে হারিয়ে)।

৮৪। ২০২৫ সালে ৩৮ তম 'ন্যাশনাল গেমস'এর মাসকটের নাম কী — মৌলি (উত্তরাখণ্ডের রাজ্য পাখি 'মোনাল' থেকে অনুপ্রাণিত)।

৮৫। ভোপালে, ৬৭ তম 'জাতীয় শ্যুটিং চ্যাম্পিয়নশিপ'এ, পুরুষদের ১০ মিটার এয়ার রাইফেল প্রতিযোগিতায় সোনার পদক পেলেন কে — সাহু তুষার মানে (ধনুশ শ্রীকান্ত'কে হারিয়ে)।

৮৬। ২০২৫ সালের 'অনূর্ধ্ব-১৯ টোয়েন্টি-২০ বিশ্বকাপ'এ দলকে নেতৃত্ব দেবেন কে — নিক্কি প্রসাদ।

৮৭। ডোপিংয়ের জন্য নিষিদ্ধ হওয়া ড্যানিল সাভেলেভ কোন দেশের টেনিস খেলোয়াড় — রাশিয়া।

৮৮। ২০২৫ সালে 'মহিলাদের কাবাডি বিশ্বকাপ' কোথায় হবে — বিহার (মার্চে হবে, এই বিশ্বকাপ)।

৮৯। ২০২৫ সালে প্রথমবারের মতো আইএসএসএফ জুনিয়র বিশ্বকাপ আয়োজন করবে কোন দেশ — ভারত।

৯০। উদ্বোধনী 'মহিলাদের অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপ' জিতল কোন দল — ভারত (বাংলাদেশকে ৪১ রানে হারিয়ে)।

৯১। চতুর্থ 'এশিয়ান রোল বল চ্যাম্পিয়নশিপ' কোথায় হয়েছে — গোয়া।

সঙ্কলক : পলি দেওয়ান

পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে

ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স করে প্রচুর সরকারি বেসরকারি চাকরির সুযোগসহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীরা ২ বছরের এই ডিপ্লোমা কোর্সটি করে ১০০% গ্যারান্টেড ও সুনিশ্চিত কেরিয়ার গড়ে তুলতে পারেন স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে বিভিন্ন হসপিটাল, নার্সিংহোম, ডায়াগনস্টিক সেন্টারে ম্যানেজমেন্ট স্টাফ হিসাবে। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরনো এবং স্বনামধন্য একটি কলেজ যার হাজার হাজার পাশ করা ছাত্রছাত্রীরা আজ কলেজ থেকে ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে চাকরি পেয়ে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্রছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজে রয়েছে অত্যাধুনিক ল্যাব, অভিজ্ঞ ও প্রাজ্ঞ সেরা প্রফেসরদের কাছে শিক্ষা লাভের সুযোগ। প্রথম সেমিস্টার থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন হসপিটাল ও স্বাস্থ্যক্ষেত্রে হাতে-কলমে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং (অন দ্য জব ট্রেনিং) যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে আছে ইন্টার্নশিপ ও কোর্স শেষে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা স্বাস্থ্যক্ষেত্রের সংস্থাতে চাকরির অ্যাপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতেই হসপিটাল ম্যানেজমেন্টে ডিপ্লোমা পাশ করা কয়েক হাজার স্কিল্ড ম্যানেজার দরকার হসপিটালগুলিতে। যা আগামী দিনে আরো কয়েক গুণ বাড়বে। তাই স্বাস্থ্যক্ষেত্রে নিজের জীবন ও সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন — গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা- ১৪৫। ফোন : 7059918186, 8981611881. ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

১০ পাতার পর

২৮ এপ্রিল : ২৬টি রাফাল মেরিন বিমান কিনতে ফ্রান্সের সঙ্গে নতুন চুক্তি স্বাক্ষর করল ভারত। এই চুক্তির আওতায়, ফ্রান্স থেকে ২২টি একক আসনের বিমান আর ৪টি দুই আসনবিশিষ্ট বিমান কিনবে ভারত। এই সব বিমান পারমাণবিক বোমা নিক্ষেপ ক্ষমতাসম্পন্ন হবে। ফ্রান্সের সঙ্গে এই চুক্তির মূল্য প্রায় ৬৩ হাজার কোটি টাকা। অস্ত্র কেনার ক্ষেত্রে এটি ফ্রান্সের সঙ্গে ভারতের এখনও পর্যন্ত সবথেকে বড় চুক্তি। এইসব বিমানের সরবরাহ ২০২৮-'২৯ সালে শুরু হবে আর ২০৩১-'৩২ সালের মধ্যে সব বিমান ভারতে পৌঁছে যাবে বলে মনে করা হচ্ছে।

ফরাসি সরকারের কাছ থেকে মর্যাদাপূর্ণ 'অফিসার অফ দ্য অর্ডার অফ আর্টস অ্যান্ড লেটারস' (শিল্প ও সাহিত্যের ক্ষেত্রে ফ্রান্সের সর্বোচ্চ বেসামরিক সম্মান) পেলেন ভারতীয় চলচ্চিত্র পরিচালক পায়েল কাপাডিয়া। বিশ্ব চলচ্চিত্রে অসামান্য অবদান আর ভারত-ফ্রান্স সাংস্কৃতিক সহযোগিতা ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে। মুম্বইয়ে, ফরাসি বাসভবনে আয়োজিত এক অনুষ্ঠানে, মুম্বইয়ে ফ্রান্সের কনসাল জেনারেল জঁ-মার্ক সেরে-শার্লেট তাঁকে এই পুরস্কার দেন।

❑ রাজ্যের ময়ূরভঞ্জ জেলায় অবস্থিত 'সিমিলিপাল টাইগার রিজার্ভ'কে আনুষ্ঠানিকভাবে 'জাতীয় উদ্যান'এর মর্যাদা দিল ওড়িশা সরকার। এর ফলে, 'সিমিলিপাল টাইগার রিজার্ভ' হল ভারতের ১০৭ তম জাতীয় উদ্যান আর 'ভিতরকণিকা'র পর, (যেটিকে ১৯৯৮ সালে জাতীয় উদ্যান ঘোষণা করা হয়েছিল) ওড়িশার দ্বিতীয় সংরক্ষিত অঞ্চল, যেটিকে জাতীয় উদ্যান ঘোষণা করা হয়েছে। এই নতুন ঘোষিত জাতীয় উদ্যানটি এখন ওড়িশার বৃহত্তম জাতীয় উদ্যান, যা ৮৪৫.৭০ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত।

❑ আইপিএলে নতুন ইতিহাস গড়লেন 'রাজস্থান রয়্যালস'এর তরুণ ক্রিকেটার ১৪ বছর বয়সি বৈভব সূর্যবংশী। এদিন, 'গুজরাত টাইটান্স'এর বিরুদ্ধে খেলতে নেমে মাত্র ৩৫ বলে শতরান করে এই নজির গড়েন তিনি। এর ফলে, আইপিএলের ইতিহাসে দ্বিতীয় দ্রুততম শতরান করলেন তিনি। বৈভব তাঁর শতরান পূর্ণ করেন রাশিদ খানের বলকে মিড উইকেটের ওপর দিয়ে ছয় মেরে। তার আগে, করিম জানাতের একটি ওভারে ৩০ রান নেন তিনি। এই ম্যাচে বৈভব ৩৮ বলে ১০১ রান করেন, যেখানে ৯৪ রানই এসেছে বাউন্ডারি থেকে। তিনি মোট ১১টি ছয় হাঁকান, যা আইপিএলে কোনো ভারতীয়র এক ইনিংসে সর্বাধিক ছয়ের রেকর্ডের সঙ্গে সমান। এতদিন এই রেকর্ড ছিল ইউসুফ পাঠান'এর (২০১০ সালে 'মুম্বই ইন্ডিয়ান্স'এর বিরুদ্ধে ৩৭ বলে শতরান) দখলে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছেন ক্রিস গেইল, যিনি ২০১৩ সালে 'রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরু'র হয়ে, 'পুণে ওয়ারিয়র্স'এর বিরুদ্ধে ৩০ বলে শতরান করেছিলেন।

২৯ এপ্রিল : বয়স্ক নাগরিকদের জন্য 'আয়ুষ্মান ভায়া বন্দনা যোজনা' চালু করল দিল্লি সরকার। এই প্রকল্পের আওতায় প্রবীণ নাগরিকরা বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পাবেন। প্রকল্পটির আওতায়, বার্ষিক ৫ লাখ টাকার চিকিৎসা সহায়তা বিনামূল্যে প্রদান করা হবে। এছাড়াও, দিল্লি সরকারের এই প্রকল্পের অধীনে ৫ লাখ টাকার স্বাস্থ্য বিমা প্রদান করা হবে, যার ফলে মোট স্বাস্থ্য বিমা হবে ১০ লাখ টাকা। ৭০ বছর বা তার বেশি বয়সি নাগরিকদের জন্য ১০ লাখ টাকা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসা প্রদান করা হবে। এই প্রকল্পের আওতায় দিল্লির ১০০টিরও বেশি হাসপাতালে চিকিৎসা পরিষেবা পাওয়া যাবে।

❑ ফিজি'র সর্বোচ্চ সম্মান 'কম্প্যানিয়ন অফ দ্য অর্ডার অফ ফিজি' পেলেন কর্ণাটকের মানবতাবাদী নেতা মধুসূদন সাই। স্বাস্থ্যসেবা ক্ষেত্রে তাঁর অসামান্য অবদান, বিশেষত ফিজিতে, 'শ্রী সত্য সাই সঞ্জীবনী শিশু হাসপাতাল' প্রতিষ্ঠায় তাঁর অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে। ফিজি'র প্রেসিডেন্ট রাতু নাইকামা লালাবালাভু তাঁকে এই পুরস্কার দিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, জাতির কল্যাণে অসামান্য অবদান রাখা ব্যক্তিদের এই সম্মান দেওয়া হয়।

❑ বিশ্বের প্রথম দেশ হিসাবে ১০ গিগাবিট নেটওয়ার্ক চালু করল চিন। দেশটির তথ্যপ্রযুক্তি সংস্থা 'হুয়াই' আর 'চায়না ইউনিকম'এর যৌথ উদ্যোগে এই পরিষেবা চালু করল চিন। দেশটির হেবেই প্রদেশের সুনান কাউন্টিতে এই দ্রুততম ১০জি নেটওয়ার্ক চালু করা হয়েছে। এই প্রযুক্তিতে প্রতি সেকেন্ডে ১০ গিগাবিট তথ্য আদানপ্রদান সম্ভব। এই নেটওয়ার্কটির গতিবেগ প্রতি সেকেন্ডে ৯,৮৩৪ মেগাবিট আর ফাইল আপলোডের গতি প্রায় ১,০০৮ মেগাবিট আর এর 'নেটওয়ার্ক ল্যাটেন্সি' ৩ মিলিসেকেন্ডে নামিয়ে আনা হয়েছে। ১ জিবিপিএস সংযোগে একটি পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্র (প্রায় ২০ জিবি আকারের) ডাউনলোড করতে সাধারণত ৭-১০ মিনিট সময় লাগে। কিন্তু এই নতুন ১০জি ব্রডব্যান্ড নেটওয়ার্কের মাধ্যমে একই চলচ্চিত্র ২০ সেকেন্ডেরও কম সময়ে ডাউনলোড করা যাবে বলে দাবি করা হয়েছে।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

এয়ারপোর্টে ৩৪

১ পাতার পর

জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (সিভিল) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ২টি।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৫টি।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন) : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ২টি।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (সিভিল) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ৪টি।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ৪টি।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন) : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ৪টি।

আই.টি.আই. ট্রেড অ্যাপ্রেন্টিস (কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড মেকানিক) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিক্যাল, মেকানিক বা, ইলেক্ট্রনিক্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিক্যাল ৩টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড মেকানিক্সে ২টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্টে ৮টি।

সব ক্ষেত্রে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ২০২৩ বা, তারপর। বয়স হতে হবে ৩০-৭-২০২৫'এর হিসাবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর আর ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2025/AAC/Apprentice-Graduate/Diploma/ITI (Trade)/AAI - NSCBI Airport.

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের ইন্টারভিউ বা, সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে।

আগ্রহী প্রার্থীদের অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ৩০ জুলাইয়ের মধ্যে। গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসদের বেলায় নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in আই.টি.আই. অ্যাপ্রেন্টিসদের বেলায় এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.org তখন পাশপোর্ট মাপের ফটো, আধার কার্ড, ব্যাঙ্ক ডিটেলস, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র ইত্যাদি স্ক্যান করে নেবেন।

প্রতিরক্ষা সংস্থায় ১,০৯৭

১ পাতার পর

ওয়ার্কশপ), চার্জম্যান (মেকানিক), চার্জম্যান (অ্যামিউনিশন অ্যান্ড এক্সপ্লোসিভ), চার্জম্যান (ইলেক্ট্রিক্যাল), চার্জম্যান (ইলেক্ট্রনিক্স অ্যান্ড গাইরো), চার্জম্যান (ওয়েপন ইলেক্ট্রনিক্স), চার্জম্যান (ইন্সট্রুমেন্ট), চার্জম্যান (মেকানিক্যাল), চার্জম্যান (হিট ইঞ্জিন), চার্জম্যান (মেকানিক্যাল সিস্টেম), চার্জম্যান (মেটাল), চার্জম্যান (শিপ বিল্ডিং), চার্জম্যান (মিলরাইট), চার্জম্যান (অক্সিলিয়ারি), চার্জম্যান (রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি.), চার্জম্যান (মেকাট্রনিক্স), চার্জম্যান (সিভিল ওয়ার্কস), চার্জম্যান (প্ল্যানিং, প্রোডাকশন, কন্ট্রোল), মাল্টি টাস্কিং স্টাফ, ফায়ার অপারেটর, ফায়ার ইঞ্জিন ড্রাইভার পদে ১,০৯৭ জন লোক নিচ্ছে। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, গ্র্যাজুয়েট প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে (পদ অনুযায়ী)। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স ও শূন্যপদ ইত্যাদি ওয়েবসাইটে পাবেন। সব পদের বেলায় বয়স হতে হবে ১৮-৭-২০২৫'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ওবিসি'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাই হবে ভারতীয় নৌবাহিনীর 'Indian Navy Civilian Entrance Test- INCET' পরীক্ষার মাধ্যমে। কম্পিউটার বেসড টেস্ট পরীক্ষা হবে প্রতিটি রাজ্যেই। ৯০ মিনিটের অবজেক্টিভ টাইপের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ২৫ নম্বর, (খ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ২৫ নম্বর, (গ) জেনারেল ইংলিশ - ২৫ নম্বর, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ২৫ নম্বর। কবে, কোথায় পরীক্ষা হবে তা ই-মেল করে বা, এস.এম.এস. করে পাঠানো হবে। এছাড়াও বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা। এই পদের বিজ্ঞপ্তি নং : INCET-01/2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in, www.indiannavy.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০ থেকে ৫০ কেবির মধ্যে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ২৯৫ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইউ.পি.আই.'তে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

৫২ জার্নিম্যান

১ পাতার পর

থেকে স্ট্রাকচারাল ফিটার, ফ্যাব্রিকেটর, শীট মেটাল ওয়ার্ক, ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

জার্নিম্যান (ফিটার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ওয়েপন ফিটার বা, এম.এম.টি.এম. ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

জার্নিম্যান (ক্রেন অপারেটর) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

জার্নিম্যান (মেশিন অপারেটর) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে মিলরাইট মেকানিক বা, এম.এম.টি.এম. ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

জার্নিম্যান (মেশিনিষ্ট) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে মেশিনিষ্ট, টার্নার, মেশিনিষ্ট (গ্রাইন্ডার) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

জার্নিম্যান (পাইপ ফিটার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে পাইপ ফিটার বা, প্লাম্বিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

জার্নিম্যান (রিগার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে রিগার বা, কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

জার্নিম্যান (ড্রাইভার মেটেরিয়াল হ্যান্ডলিং) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ডিজেল মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। শূন্যপদ: ৩টি (জেনাঃ১, তঃজাঃ১, ও.বি.সি.১)।

জার্নিম্যান (ইলেক্ট্রনিক মেকানিক) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

জার্নিম্যান (ডিজেল মেকানিক) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ডিজেল মেকানিক, মেকানিক ডিজেল বা, মেকানিক (মেরিন ডিজেল) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৭-২০২৫'এর হিসাবে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম বছর মাসে ২৪,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ২৬,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ১৯,৯০০-৬৯,৬৫০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা ও রাঁচীতে। লিখিত পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে থাকবে ৮০ নম্বর আর দ্বিতীয় পার্টে ২০ নম্বর থাকবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ, জেনারেল অ্যাপ্টিটিউড, রিজনিং, মেন্টাল এবিলিটি, নিউমেরিক্যাল এবিলিটি। সময় থাকবে ২ ঘণ্টা। এরপর হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.grse.in, https://jobapply.in/grse2025 এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৪৭২ (তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

রেলের গ্রুপ 'ডি'

রেলে গ্রুপ-ডি পদে ৩২,৪৩৮টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাইয়ে কম্পিউটার বেসড পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষায় বিশেষজ্ঞ **বিজয় হালদার**।

1. নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি শস্য উৎপাদনের ক্ষেত্রে উল্লেখযোগ্য খরচ হিসাবে বিবেচিত হয় না?

(A) সারের খরচ (B) কীটনাশকের খরচ

(C) পশুখাদ্য খরচ (D) বীজের খরচ

2. 2021 সালে প্রথম গ্রিন হাইড্রোজেন মাইক্রোগ্রিড প্রকল্প কোথায় শুরু হয়েছিল?

(A) অন্ধ্র প্রদেশ (B) মহারাষ্ট্র (C) তামিলনাড়ু (D) কেরালা

3. নিম্নলিখিতগুলির মধ্যে কোন রেচন পদার্থ উদ্ভিদের পুরানো জাইলেমে সঞ্চিত থাকে?

(A) সাইট্রিক অ্যাসিড (B) মরফিন (C) রেজিন (D) কার্বন ডাই-অক্সাইড

4. 15 cm ফোকাস দৈর্ঘ্য বিশিষ্ট একটি অবতল দর্পণের সামনে একটি বস্তুকে 30 cm দূরত্বে রাখা হল। গঠিত প্রতিবিম্বটি হবে —

(A) সদ্ এবং অবশীর্ষ (B) অসদ্ এবং সমশীর্ষ

(C) অসদ্ এবং অবশীর্ষ (D) সদ্ এবং সমশীর্ষ

5. A থেকে B মাধ্যমে যাওয়ার সময় আলোর রশ্মির অভিলম্বের দিকে বেঁকে যায়। নিম্নের কোন বিবৃতিটিগুলি সঠিক?

(a) A মাধ্যম B মাধ্যমের থেকে বেশি আলোকীয় ঘনত্বযুক্ত।

(b) A মাধ্যমে B মাধ্যমের থেকে আলোর দ্রুতি বেশি।

(c) B মাধ্যমের প্রতিসরাঙ্ক A মাধ্যমের প্রতিসরাঙ্কের থেকে বেশি।

(A) A, B ও C (B) B ও C উভয়ই

(C) A ও B উভয়ই (D) A ও C উভয়ই

6. ক্লোরিন গ্যাস পটাসিয়াম আয়োডাইড দ্রবণের সাথে বিক্রিয়া করে পটাসিয়াম ক্লোরাইড ও আয়োডিন তৈরি করে। এই বিক্রিয়াটি একটি ____ এর উদাহরণ।

(A) দ্বি-প্রতিস্থাপন বিক্রিয়া (B) বিয়োজন বিক্রিয়া

(C) প্রতিস্থাপন বিক্রিয়া (D) সংযোজন বিক্রিয়া

7. কার্বনের কোন রূপটি শুষ্ক লুব্রিক্যান্ট (lubricant) হিসাবে ব্যবহৃত হয়?

(A) কয়লা (B) গ্রাফাইট (C) কোক (D) হীরে

8. আধুনিক পর্যায় সারণীতে ____টি শ্রেণী ____টি পর্যায় আছে।

(A) 18, 7 (B) 18, 5 (C) 18, 6 (D) 17, 8

9. 12 cm ফোকাস দৈর্ঘ্যের একটি উত্তল লেন্সের মুখ্য অক্ষের ওপর। 18 cm দূরত্বে একটি বস্তুকে রাখা হল। লেন্স দ্বারা সৃষ্ট বিবর্ধন হবে ____ এবং প্রতিবিম্বটি হবে ____।

(A) 1 এর বেশি, সমশীর্ষ (B) 1 এর কম, অবশীর্ষ

(C) 1 এর কম, সমশীর্ষ (D) 1 এর বেশি, অবশীর্ষ

10. একটা সমগণীয় শ্রেণির পরবর্তী সদস্যের একটি কঠিন পরমাণুর সঙ্গে কতগুলি হাইড্রোজেন পরমাণ যুক্ত হবে?

(A) 3 (B) 2 (C) 1 (D) 4

11. 60 টাকায় একটি ঘড়ি বিক্রয় করলে 15% ক্ষতি হয়। 2% লাভ করতে হলে ঘড়িটিকে বিক্রয় করতে হবে —

(A) 70 টাকায় (B) 72 টাকায় (C) 75 টাকায় (D) 85 টাকায়

12. 4000 এবং 5000 এর মধ্যবর্তী 12, 19, 21 ও 32 দ্বারা বিভাজ্য হল —

(A) 4203 (B) 4023 (C) 4032 (D) 4302

13. কোনো দ্রব্যের ওপর ট্যাক্স 20% বাড়ানোর ফলে দ্রব্যটির ব্যবহার 20% কমে গেল। এর ফলে দ্রব্যটির থেকে প্রাপ্ত মোট ট্যাক্সের পরিমাণ —

(A) একই থাকে (B) 4% বাড়ে (C) 4% কমে (D) 5% কমে

14. A একা একটি কাজ 35 দিনে এবং B একা একটি কাজ 14 দিনে সম্পন্ন করতে পারে। যদি তারা একসঙ্গে 5 দিন কাজ করে থাকে, কত অংশ বাকি থাকবে?

(A) $\frac{1}{3}$ (B) $\frac{1}{4}$ (C) $\frac{1}{2}$ (D) $\frac{3}{4}$

15. একটি 473 মিটার দীর্ঘ সেতুর প্রান্তে অবস্থিত একটি সিগন্যাল পেরোতে একটি ট্রেনের 21 সেকেন্ড সময় লাগে। যদি ট্রেনটি সেতু পেরোতে 64 সেকেন্ড সময় নেয়, তাহলে ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার?

(A) 231 মিটার (B) 241 মিটার (C) 251 মিটার (D) 261 মিটার

16. পরপর দুই বছরে একটি বিদ্যালয়ে মাধ্যমিক শিক্ষার্থীর সংখ্যা ছিল 80 জন ও 60 জন যাদের মধ্যে 60% ও 80% পরীক্ষায় উত্তীর্ণ হয়। গড় পাশের হার কত ছিল?

(A) 68% (B) $68\frac{4}{7}$% (C) 63% (D) 65%

17. দুই মিশ্রণে জল ও সিরাপের অনুপাত যথাক্রমে 5 : 3 আর 5 : 11. এই দুটি মিশ্রণ থেকে কী অনুপাতে মেশালে, নতুন মিশ্রণে জল ও সিরাপের পরিমাণ সমান হবে?

(A) 1 : 2 (B) 3 : 2 (C) 2 : 3 (D) 2 : 1

18. একটি কাজ 20 দিনে শেষ করার কথা ছিল। কিন্তু প্রথম দিন থেকে 16 জন লোক কাজে যোগ দেয়নি। বাকি লোকেরা 36 দিনে কাজটি শেষ করল। কতজন লোকের কাজে যোগ দেওয়ার কথা ছিল?

(A) 32 (B) 28 (C) 24 (D) 36

19. কোনো চিড়িয়াখানায় কিছু সংখ্যক খরগোশ ও পায়রা আছে। মাথা গুনলে 200টি আর পা গুনলে 580টি পাওয়া যায়। তাহলে কতগুলি পায়রা আছে?

(A) 90 (B) 100 (C) 110 (D) 150

20. $[(7^{-1} - 8^{-1})^{-1} - (3^{-1} - 4^{-1})^{-1}]$ এর মান কত?

(A) 44 (B) 45 (C) 48 (D) 51

21. একটি কুকুর একটি বিড়ালকে তাড়া করল। বিড়াল যে সময়ে 5টি পদক্ষেপ ফেলে কুকুর সে সময়ে 4টি পদক্ষেপ ফেলে। কিন্তু কুকুরের 3টি পদক্ষেপ বিড়ালের 4টি পদক্ষেপের সমান। কুকুর ও বিড়ালের গতিবেগের অনুপাত কত?

(A) 5 : 4 (B) 16 : 15 (C) 6 : 7 (D) 4 : 5

22. $\frac{2}{3} \div \frac{4}{9}$ of $7\frac{1}{2} + 999\frac{494}{495} \times 99$

(A) 990 (B) 9900 (C) 99000 (D) 990000

23. কোনো বর্গাকার ক্ষেত্রের বাহুর পরিমাণ দ্বিগুণ করলে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

(A) 100% (B) 200% (C) 300% (D) 400%

24. 14669 থেকে কোন ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?

(A) 28 (B) 36 (C) 44 (D) 52

25. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের 3 গুণ আর তার ক্ষেত্রফল 432 বর্গমিটার। আয়তক্ষেত্রটির পরিসীমা কত?

(A) 76 মিটার (B) 82 মিটার

(C) 92 মিটার (D) 96 মিটার

26.

কতগুলি বর্গ রয়েছে?

(A) 30 (B) 35 (C) 40 (D) 45

27.



5 বিপরীতে কে থাকবে?

(A) 1 (B) 2 (C) 3 (D) 6

28. পরবর্তী সংখ্যাটি নির্ণয় করুন :

8, 9, 10, 12, 12, 15, 14, 18, ?

(A) 15 (B) 16 (C) 17 (D) 18

29. লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন :

5, ?, 15, 75, 525, 4725

(A) 5 (B) 10 (C) 8 (D) 6

30. 2Z5, 7Y7, 14X9, 23W11, 34V13, ?

(A) 34S17 (B) 45T19 (C) 47U15 (D) 51X75

31. D _ _ N _ _ NNDM _ N

(A) MMDMN (B) MNMDN

(C) MNDMN (D) MMDNM

32. মায়ানমার : কিয়াত : : রাশিয়া : ?

(A) ইউরো (B) পাউন্ড (C) পেসো (D) রুবেল

33. বেমানান শব্দটি চিহ্নিত করুন :

(A) সংগীত (B) গায়ক (C) পরিচালক (D) অভিনেতা

34. একটি সারিতে বামদিক থেকে A এর স্থান 5 তম আর ডানদিক থেকে B এর স্থান ৪তম। যদি C, A থেকে 6তম স্থান পরে থাকে আর ঠিক A ও B এর মাঝখানে হয়, তবে ওই শ্রেণিতে মোট কতজন আছে?

(A) 18 জন (B) 20 জন (C) 22 জন (D) 24 জন

35. কোনো নিয়ম অনুযায়ী, 'who are you'-কে লেখা হয় '432', 'they is you'-কে লেখা হয় '485' আর 'they are dangerous'-কে লেখা হয় '295', তাহলে 'dangerous' সংকেত কী?

(A) 2 (B) 4 (C) 5 (D) 9

36. কোনো নিয়মে AND-কে লেখা হয় 'C-LP-F' আর NOR-কে লেখা হয় 'P-MQ-T'। ওই নিয়মে 'BUT'-কে কী লেখা হয়?

(A) C-SU-V (B) D-SW-V

(C) C-TV-W (D) D-SW-U

37. স্কেল : দৈর্ঘ্য : : স্ক্রুগেজ : ?

(A) উচ্চতা (B) বেধ (C) তীব্রতা (D) টান

38. (i) 'A × B' মানে 'B হল A এর পুত্র'

(ii) 'A + B' মানে 'A হল B এর মা'

(iii) 'A – B' মানে 'A হল B এর ভাই'।

'P + Q – R × S' দ্বারা কোন সম্পর্কটি প্রদর্শিত হয়?

(A) 'R হল P এর কন্যা' (B) 'S হল P এর নাতনি'

(C) 'S হল Q এর ভাইপো' (D) 'P হল R এর মা'

39. বিবৃতি

I. সমস্ত A হল Z

II. সমস্ত Z হল X

III. সমস্ত Y হল A

সিদ্ধান্ত

1. সমস্ত A হল Y

2. সমস্ত Y হল X

(A) শুধুমাত্র 1 সত্য

(B) শুধুমাত্র 2 সত্য

(C) যে কোনো একটি সিদ্ধান্ত সত্য

(D) কোনোটিই সত্য নয়.

40. বিবৃতি

I. কিছু জল হল ঠান্ডা

II. কোনো ঠান্ডা দুধ নয়

III. কিছু দুধ হল জল

সিদ্ধান্ত

1. কিছু জল দুধ নয়

2. কিছু জল ঠান্ডা নয়

(A) শুধুমাত্র 1 সত্য (B) শুধুমাত্র 2 সত্য

(C) যেকোনো একটি সত্য (D) দুটি সিদ্ধান্তই সত্য

41. 1983 সালে ক্রিকেট বিশ্বকাপে ভারত, ওয়েস্ট ইন্ডিজকে কত রানে হারিয়েছিল?

(A) 40 (B) 41 (C) 42 (D) 43

42. ব্রিসবেন ক্রিকেট গ্রাউন্ড কোথায় অবস্থিত?

(A) অস্ট্রেলিয়া (B) নিউজিল্যান্ড (C) দক্ষিণ আফ্রিকা (D) ইংল্যান্ড

43. ভারতের প্রধানমন্ত্রী হতে গেলে কমপক্ষে কত বছর বয়স হতে হবে?

(A) 25 বছর (B) 30 বছর (C) 35 বছর (D) 40 বছর

44. ভারতে সর্বপ্রথম সাধারণ নির্বাচন কবে হয়েছিল?

(A) 1950 সালে (B) 1952 সালে (C) 1954 সালে (D) 1956 সালে

45. ভারতে জাতীয় জরুরী অবস্থা মোট কতবার হয়?

(A) 2 বার (B) 3 বার (C) 4 বার (D) 5 বার

46. ভারতে হস্তী প্রকল্প চালু হয় কবে?

(A) 1988 সালে (B) 1990 সালে (C) 1992 সালে (D) 1994 সালে

47. ভুটানের সঙ্গে ভারতের ক'টি রাজ্যের সীমানা রয়েছে?

(A) 2টি (B) 3টি (C) 4টি (D) 5টি

48. ভারতের কোন প্রাক্তন রাষ্ট্রপতি 'ন্যাশনাল ফুড সিকিউরিটি অ্যাক্ট' চালু করেছিলেন?

(A) রামনাথ কোবিন্দ (B) দ্রৌপদী মুর্মু

(C) প্রতিভা দেবী সিং পাটিল (D) প্রণব মুখার্জী

49. সাবানের বুদবুদের আয়নীভবন ঘটালে আয়তন —

(A) বেড়ে যায় (B) কমে যায়

(C) একই থাকে (D) বাড়তেও পারে আবার কমতেও পারে

50. কোয়াশিওকর রোগ প্রতিরোধ করার জন্য দায়ী —

(A) প্রোটিন (B) ভিটামিন (C) শর্করা (D) খনিজ পদার্থ

চটপট উত্তরের কৌশল

1(C). 2(A) 3(C). 4(A). 5(B). 6(C). 7(B). 8(A). 9(D). 10(B).

11(B). ক্রয়মূল্য ক্ষতির ক্ষেত্রে

$= \frac{100}{100 - \text{শতকরা ক্ষতি}} \times$ বিক্রয়মূল্য

$= \frac{100}{100-15} \times 60 = \frac{100 \times 60}{85} = \frac{1200}{17}$

∴ ঘড়িটির বিক্রয়মূল্য হবে

$= \frac{100 + \text{শতকরা লাভ}}{100} \times$ ক্রয়মূল্য

$= \frac{100+2}{100} \times \frac{1200}{17} = \frac{102}{100} \times \frac{1200}{17} = 72$ টাকা

12(C). ল.সা.গু. 12, 18, 21 ও 32 = 2036

4000-5000 এর মধ্যবর্তী সংখ্যা = 4032.

13(C). $(20-20) - \frac{20 \times 20}{100} = 0 - 4 = -4$

∴ 4% কমবে।

14(C). (A + B) 1 দিনে কাজ করে

$= \frac{1}{35} + \frac{1}{14} = \frac{2+5}{70} = \frac{7}{70} = \frac{1}{10}$

∴ (A + B) 5 দিনে কাজ করে $= \frac{1}{10} \times 5 = \frac{1}{2}$

∴ বাকি কাজ থাকবে $= 1 - \frac{1}{2} = \frac{1}{2}$ অংশ।

15(D). ধরি, ট্রেনের দৈর্ঘ্য = x মিটার।

∴ x মিটার যায় 21 সেকেন্ডে আর (x + 473) মিটার যায় 64 সেকেন্ডে।

∴ 473 মিটার যায় = (64 – 21) সেকেন্ড = 43 সেকেন্ড।

∴ 43 সেকেন্ডে যায় 473 মিটার

1 সেকেন্ডে যায় $= \frac{473}{43}$ মিটার।

21 সেকেন্ডে যায় $= \frac{473 \times 21}{43} = 231$ মিটার।

16(B). পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা

$= \frac{80 \times 60}{100} + \frac{60 \times 80}{100} = 48 + 48 = 96$

∴ মোট পরীক্ষার্থীর সংখ্যা = (80 + 60) জন = 140 জন।

∴ পাশের হার $= \left(\frac{96}{140} \times 100\right)\% = \frac{480}{7}\% = 68\frac{4}{7}\%$ ∴nC

17(B). নতুন মিশ্রণে জল ও সিরাপের অনুপাত = 1 : 1

$\frac{5}{8}$ $\frac{5}{16}$

$\frac{1}{2}$

$\frac{3}{16}$ $\frac{1}{8}$

$\frac{3}{16} : \frac{1}{8} = \frac{3}{16} \times 8 : \frac{1}{8} \times 8$

$= \frac{3}{2} : 1 = \frac{3}{2} \times 2 : 1 \times 2 = 3 : 2$

18(D). ধরি, x জন লোক কাজ করার কথা ছিল।

$20 \times x = (x - 16) \times 36$

বা, $20x = 36x - 576$

বা, $20x - 36x = -576$

বা, $-16x = -576$

বা, $x = \frac{576}{16}$

$\therefore x = 36$

19(C). খরগোশের সংখ্যা = $\frac{L}{2} - H$ (যেখানে, L = পা, H = মাথা)

$= \frac{580}{2} - 200 = 290 - 200 = 90$টি।

$\therefore$ পায়রার সংখ্যা = 200 − 90 = 110টি।

20(A). $[(7^{-1} - 8^{-1})^{-1} - (3^{-1} - 4^{-1})^{-1}]$

$= \left[\left(\frac{1}{7} - \frac{1}{8}\right)^{-1} - \left(\frac{1}{3} - \frac{1}{4}\right)^{-1}\right]$

$= \left[\left(\frac{1}{56}\right)^{-1} - \left(\frac{1}{12}\right)^{-1}\right]$

$= [56 - 12] = 44.$

21(B). কুকুরের 3টি পদক্ষেপ = বিড়ালের 4টি পদক্ষেপ

কুকুরের 1টি পদক্ষেপ

= বিড়ালের $\frac{4}{3}$ টি পদক্ষেপ

কুকুরের 4টি পদক্ষেপ

= বিড়ালের $\frac{4 \times 4}{3} = \frac{16}{3}$ টি পদক্ষেপ।

$\therefore$ কুকুরের গতিবেগ : বিড়ালের গতিবেগ।

$= \frac{16}{3} : 5 = \frac{16}{3} \times 3 : 5 \times 3 = 16 : 15.$

22(C). $\frac{2}{3} \div \frac{4}{9}$ of $7\frac{1}{2} +$

$999\frac{494}{495} \times 99$

$= \frac{2}{3} \div \frac{4}{9}$ of $\frac{15}{2} +$

$\left\{\left(1000 - \frac{1}{495}\right) \times 99\right\}$

$= \frac{2}{3} \div \frac{10}{3} + 99000 - \frac{99}{495} = \frac{2}{3} \times \frac{3}{10} + 99000 - \frac{1}{5}$

$= \frac{1}{5} + 99000 - \frac{1}{5} = 99000$

23(C). মনে করি, বর্গাকার ক্ষেত্রের বাহু = x মিটার।

$\therefore$ বর্গাকার ক্ষেত্রের ক্ষেত্রফল হবে

= বাহু² বর্গ একক = x^2 বর্গ একক

আবার, বর্গাকার ক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ করলে ক্ষেত্রফল হবে

= বাহু² বর্গএকক = $(2x)^2$ বর্গএকক

= $4x^2$ বর্গএকক।

$\therefore$ বর্গাকার ক্ষেত্রফল বৃদ্ধি পাবে

$= \left(\frac{4x^2 - x^2}{x^2} \times 100\right)\%$

$= \left(\frac{3x^2}{x^2} \times 100\right)\% = 300\%$

24(A).

```
     14669 | 121
     1
  22 | 46
     | 44
 241 | 269
     | 241
        28
```

$\therefore$14669 সংখ্যা থেকে 28 বিয়োগ করলে সংখ্যাটি পূর্ণবর্গ হবে।

25(D). দৈর্ঘ্য = 3 × প্রস্থ

$\therefore$ ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = 3 × প্রস্থ × প্রস্থ

= 3 × প্রস্থ²

কিন্তু ক্ষেত্রফল = 432 বর্গমিটার।

প্রশ্নানুসারে,

3 × প্রস্থ² = 432

বা, প্রস্থ² = $\frac{432}{3}$

বা, প্রস্থ² = 144

বা, প্রস্থ = $\sqrt{144}$

বা, প্রস্থ = $\sqrt{12 \times 12}$

বা, প্রস্থ = 12

$\therefore$ আয়তক্ষেত্রটির প্রস্থ

= 12 মিটার এবং দৈর্ঘ্য

= 3 × প্রস্থ = 3 × 12 = 36 মিটার।

$\therefore$ আয়তক্ষেত্রটির পরিসীমা

= 2 × (দৈর্ঘ্য + প্রস্থ) একক

= 2 × (36 + 12) মিটার

= 2 × 48 মিটার = 96 মিটার।

26(A).



বর্গক্ষেত্রের সংখ্যা

$= 1 \times 1 + 2 \times 2 + 3 \times 3 + 4 \times 4$

$= 1 + 4 + 9 + 16 = 30$

27(D).



28(B). 8 9 10 12 12 15 14 18 (16)

(+2, +2, +2, +2 ; +3, +3, +3)

29(A). 5 (5) 15 75 525 4725

×1 ×3 ×5 ×7 ×9

30(C).

$2 \xrightarrow{+5} 7 \xrightarrow{+7} 14 \xrightarrow{+9} 23 \xrightarrow{+11} 34 \xrightarrow{+13} (47)$

$Z \xrightarrow{-1} Y \xrightarrow{-1} X \xrightarrow{-1} W \xrightarrow{-1} V \xrightarrow{-1} (U)$

$5 \xrightarrow{+2} 7 \xrightarrow{+2} 9 \xrightarrow{+2} 11 \xrightarrow{+2} 13 \xrightarrow{+2} (15)$

$\therefore$শূন্যস্থানে বসবে 47U15

31(C). শ্রেণিটি হল —

D M N N / D M N N / D M N N (DMNN তিনবার বসছে।

32(D).

33(A). সংগীত ছাড়া বাকি তিনটি ব্যক্তি দ্বারা পরিচালিত হয়।

34(D). 4 + A + 5 + C + 5 + B + 7 = 24

35(D). who are you = 432

they is you = 485

they are dangerous = 295

dangerous = 9

36(B). A N D → C L P F (+2, −2, +2, +2)

37(B).

38(D). A × B → B হল A এর পুত্র।

× ⇒ পুত্র, + ⇒ মা, − ⇒ ভাই

P + Q − R × S

P ←মা— Q ←ভাই— R ←পুত্র— S

(মহিলা) (পুরুষ) (পুরুষ) (পুরুষ)

39(B).



40(D)



41(D). 42(A). 43(A). 44(B). 45(B). 46(C). 47(C). 48(D). 49(A). 50(A).

বিমানবাহিনীতে এয়ারম্যান ৬ পাতার পর

অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে ৪৫ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পাবেন তাঁদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড়তে হবে। এছাড়াও ২০ বার ওঠবোস, ১০ বার সিট আপ ও ১০ বার পুশআপ দিতে হবে। এরপর অ্যাডাপটাবিলিটি টেস্ট-।। দিতে হবে। তারপর হবে ডাক্তারি পরীক্ষা। ওইদিন খেলার সরঞ্জাম আর এইচ.বি. পেন্সিল, ইরেজার, সার্পনার, আঠা, স্টেপলার, কালো বা, নীল কালির বল পয়েন্ট পেন নিয়ে যাবেন। সফল হলে ইন্টারভিউ / ডাক্তারি পরীক্ষা। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যাবেন। মোট ২-৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যাবেন। থাকার ব্যবস্থা প্রার্থীরই।

সব পরীক্ষায় পাওয়া নম্বর দেখে সর্বভারতীয় ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে এই ওয়েবসাইটে : www.airmenselection.cdac.in পরীক্ষার দিন জুতো, প্যান্ট ইত্যাদি সরঞ্জাম নিয়ে যাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://agnipathvayu.cdac.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে) (ফটো তোলার সময় বুকের কাছে কালো স্লেটে নাম ও জন্ম-তারিখ লিখবেন), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) ১৮ বছরের নিচে বয়স হলে পিতা-মাতা বা, অভিভাবকের সই, (ঙ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং-এ জমা দেবেন। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 020-25503105 /25503106.

রেলে ৩৭৪ অ্যাপ্রেন্টিস ১ পাতার পর

পেইন্টার (জেনারেল), মেশিনিস্ট, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা 'নন-আই.টি.আই' হিসাবে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৫ থেকে ২২ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে ফিটার, কার্পেন্টার, পেইন্টার (জেনারেল), মেশিনিস্ট, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৫ থেকে ২৪ (তবে ওয়েল্ডার ট্রেডের বেলায় বয়স হতে হবে ২২) বছরের মধ্যে। সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ৫-৭-২০২৫'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। শূন্যপদ : ৩৭৪টি। এর মধ্যে নন-আই.টি.আই.দের জন্য ৭৪টি। এর মধ্যে ফিটার ৩০টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২)। মেশিনিস্ট ১৫টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ১১টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রিশিয়ান ১৮টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)।

আই.টি.আই.'দের জন্য ৩০০টি। এর মধ্যে ফিটার ১০৭টি (জেনাঃ ৪৩, ই.ডব্লু.এস. ১১, ও.বি.সি. ২৯, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৮)। কার্পেন্টার ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। পেইন্টার (জেনারেল) ৭টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। মেশিনিস্ট ৬৭টি (জেনাঃ ২৭, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৮, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ৪৫টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৪)। ইলেক্ট্রিশিয়ান ৭১টি (জেনাঃ ২৯, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৯, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৫)।

এই পদের বিজ্ঞপ্তি নং : No. BLW/Rectt/Act. Apprentice / 47th Batch / ITI & Non ITI / 24-25, Dated: 05-07-2025.

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই।

মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.blw.indianrailways.gov.in, www.blwactapprentice.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী আর মহিলাদের ফী লাগবে না। দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কেরিয়ার ফেয়ার ১ পাতার পর

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো মাইনের চাকরি পাওয়া যায়। এছাড়াও, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষের সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

কর্মসংস্থান ও Appointment & Career News-এর উদ্যোগে ১৮ ও ১৯ জুলাই, শুক্র ও শনিবার নদিয়া জেলার কল্যাণী শহরের দ্য গ্র্যান্ড আরিয়ান হোটেলে (কল্যাণী স্টেডিয়াম) এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

১৮ ও ১৯ জুন কল্যাণীতে অনুষ্ঠিত 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে : (১) এন.সি.এস.এম (টাইটেল স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (২) চিৎকারা ইউনিভার্সিটি, চন্ডীগড়, (৩) রাইস এডুকেশন, (৪) জে.আই.এস গ্রুপ, (৫) টেকনো ইন্ডিয়া গ্রুপ, (৬) সংস্করম ইউনিভার্সিটি, (৭) এন্ডেভার, (৮) দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট (জি.টি.টি.আই.), (৯) জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সাম (জি.এস.সি.ই ডিজিটাল), (১০) সীকম স্কিল ইউনিভার্সিটি, (১১) ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট স্টাডিজ, (১২) ক্যালকাটা ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১৩) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (১৪) সেন্ট্রাল ইনস্টিটিউট অফ হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট কলেজ (সি.আই.এইচ.এম.), (১৫) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (১৬) সুশ্রীজো ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যাগ্রিকালচারাল সায়েন্স টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, (১৭) ডিসান অ্যাকাডেমি, (১৮) Webskitters Academy, (১৯) জে.এন.এম.এস এডুকেশনাল হাব, (২০) কল্যাণী রিলায়েবল, (২১) রিজেন্ট গ্রুপ অফ রিসার্চ ফাউন্ডেশন, (২২) ম্যাজিকাল স্টুডিও, (২৩) কল্যাণী প্রাইভেট আই.টি.আই, (২৪) এক্সপার্ট গাইডেন্স, (২৫) এক্সেল মেডিস্কিল, (২৬) নৈহাটি প্রাইভেট আই.টি.আই, (২৭) বিদ্যাবিকাশ এডুকেশনাল ট্রাস্ট (চুঁচুড়া গ্রুপ অফ কলেজেস), (২৮) লিবার্টি ফাউন্ডেশন, (২৯) চাকরিজীবী, (৩০) এস.এস.কে.এম কলেজ অফ ফার্মাসি, (৩১) ভি.আই.এম.টি, (৩২) আই.সি.এ (কল্যাণী), (৩৩) সিকিম মণিপাল ইনস্টিটিউটঅফ টেকনোলজি, (৩৪) এম.এস.এম.ই, (৩৫) জেনা ইনস্টিটিউট অফ স্কিল ডেভেলপমেন্ট, (৩৬) সঞ্জয় মেমোরিয়াল আকাদেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ, (৩৭) বারাসাত কলেজ অফ ফার্মাসিউটিক্যাল সায়েন্স অ্যান্ড রিসার্চ সেন্টার।

স্কুল সার্ভিসে দরখাস্ত করার শেষ তারিখ

১ পাতার পর

সংরক্ষণ সমস্যার জন্য কয়েকদিন অনলাইন প্রক্রিয়া বন্ধ ছিল। তাই দরখাস্ত করার শেষ তারিখ বাড়ানো হয়েছে।

স্কুল সার্ভিস কমিশন সূত্রে জানা গেছে, এবার শুধুমাত্র বি.এড পাশরা দরখাস্ত করতে পারবেন বলে দরখাস্তকারীর সংখ্যা গতবারের চেয়ে কম। এ পর্যন্ত প্রায় ৫ লাখের কাছাকাছি দরখাস্ত জমা পড়েছে। অন্যদিকে, অনেক প্রার্থী দরখাস্তে ভুলভ্রান্তি করেছেন। তাই তাঁদের সুবিধার জন্য 'এডিট অপশন' দেওয়া হবে। প্রার্থী বাছাই পরীক্ষা হবে সেপ্টেম্বরের প্রথমে।

কোন ক্যাটেগরিতে কী শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার ও কোন-কোন বিষয়ের প্রার্থীরা যোগ্য তা দেওয়া হল :

নবম থেকে দশম শ্রেণির সহ-শিক্ষক ও সহ-শিক্ষিকা পদের জন্য : নেওয়া হবে এইসব বিষয়ের জন্য : বাংলা, ইংরিজি, হিন্দি, উর্দু, নেপালী, তেলুগু, অঙ্ক, ইতিহাস, ভূগোল, জীবন বিজ্ঞান, ভৌতবিজ্ঞান।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের বেলায় অর্থাৎ তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থীরা নম্বরে ৫% ছাড় পাবেন। পাস বা, অনার্স ডিগ্রি কোর্সে যাঁদের ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও আবেদনের যোগ্য। এন সি টি ই-র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৪ বছরের বি এড বা, বি এসসি এড কোর্স পাশ হলেও আবেদন করতে পারবেন।

ওপরের সব বিষয়ের ক্ষেত্রেই ন্যাশনাল কাউন্সিল ফর টিচার্স এডুকেশন (এন.সি.টি.ই.)'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি.এড. (ব্যাচেলর অফ এডুকেশন) কোর্স পাশ হতে হবে। তবে যাঁদের বি.এড. কোর্স পাশ নেই, তাঁরা আবেদনের যোগ্য নন।

কোন কোন বিষয়ের বেলায় সংশ্লিষ্ট বিষয় ছাড়াও সমতুল যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন :

বাংলা বিষয়ের বেলায় — কম্পারেটিভ ইন্ডিয়ান ল্যাঙ্গোয়েজ অ্যান্ড লিটারেচার, ফোকলোর, কম্পারেটিভ ইন্ডিয়ান ল্যাঙ্গোয়েজ অ্যান্ড লিটারেচারের পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য।

লাইফ সায়েন্সের বেলায় — বটানি / জুলজি / ফিজিওলজি / মাইক্রোবায়োলজি / বায়ো-টেকনোলজি / সেরিকালচার / মলিকিউলার বায়োলজি / অ্যানথ্রোপলজি, জেনেটিক্স, এনভায়রণ মেন্টাল সায়েন্স (বটানি / জুলজি / মাইক্রোবায়োলজি / ফিজিওলজি কম্বিনেশন হিসাবে) বিষয়ের গ্র্যাজুয়েটরাও যোগ্য। অন্যদিকে, হিউম্যান ফিজিওলজি, অ্যানিম্যাল সায়েন্স (জুলজি), বটানি / জুলজি / ফিজিওলজি / মাইক্রোবায়োলজি / বায়ো-টেকনোলজি / সেরিকালচার / মলিকিউলার বায়োলজি / জেনেটিক্স / বটানির অনার্স-সহ ইকোলজির এম.এসসি., অ্যাগ্রিকালচার বটানি / প্ল্যান্ট ফিজিওলজি / জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং হর্টিকালচার বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য।

ভূগোল বিষয়ের বেলায় — রিমোট সেন্সিং অ্যান্ড জি.আই.এস., জিওইনফর্মেটিক্স, রুরাল ডেভেলপমেন্ট'এর পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য।

ইতিহাস বিষয়ের বেলায় — আর্কিওলজির পোস্ট-গ্র্যাজুয়েট (ইতিহাস অনার্স-সহ) কোর্স পাশরাও যোগ্য।

অঙ্কের বেলায় — ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা, স্ট্যাটিস্টিক্সের এম.এসসি. বা, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্সের এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য।

ফিজিক্যাল সায়েন্সের বেলায় — কেমিস্ট্রি, ফিজিক্স, ইলেক্ট্রনিক্স, বায়ো-কেমিস্ট্রি, এনভায়রণ মেন্টাল সায়েন্স (কেমিস্ট্রি, ফিজিক্স বা, অঙ্ক কম্বিনেশন) গ্র্যাজুয়েটরা যোগ্য। অন্যদিকে, কেমিস্ট্রি, ফিজিক্স, ইলেক্ট্রনিক্স, বায়ো-কেমিস্ট্রি, এনভায়রণ মেন্টাল সায়েন্স (কেমিস্ট্রি, ফিজিক্স, অঙ্ক ডিগ্রি কোর্সে)'এর পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য।

ব্যাচেলর অফ এডুকেশন (বি.এড.)'এর বেলায় — বি.এড. ডিস্ট্যান্স এডুকেশন, বি.এড. (শিক্ষা শাস্ত্রী), ডিপ্লোমা ইন এডুকেশন পাশরাও যোগ্য।

একাদশ থেকে দ্বাদশ শ্রেণির সহ-শিক্ষক-শিক্ষিকা পদের জন্য : নেওয়া হবে এইসব বিষয়ের জন্য : বাংলা, ইংরিজি, হিন্দি, সাঁওতাড়, উর্দু, ভূগোল, ইতিহাস, পলিটিক্যাল সায়েন্স, অঙ্ক, স্ট্যাটিস্টিক্স, ফিজিক্স, বায়োলজিক্যাল সায়েন্স, কেমিস্ট্রি, কমার্স, সংস্কৃত, এডুকেশন, ইকনমিক্স, এনভারনমেন্ট স্টাডিজ, ফিলোজফি, ফিজিক্যাল এডুকেশন, ফিজিওলজি, সোশিওলজি, অ্যাকাউন্ট্যান্সি, অ্যাগ্রিকালচার, অ্যাগ্রোনমি, অ্যানথ্রোপলজি, আরবি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স, হোম ম্যানেজমেন্ট অ্যান্ড হোম নার্সিং, হোম সায়েন্স, নেপালী, নিউট্রিশন, পার্সি, ভিশুয়াল আর্টস।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের বেলায় অর্থাৎ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থীরা নম্বরে ৫% ছাড় পাবেন।

ওপরের সব বিষয়ের ক্ষেত্রেই ন্যাশনাল কাউন্সিল ফর টিচার্স এডুকেশন (এন.সি.টি.ই.)'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি.এড. (ব্যাচেলর অফ এডুকেশন) কোর্স পাশ হতে হবে। তবে যাঁদের বি.এড. কোর্স পাশ নেই, তাঁরা আবেদনের যোগ্য নন।

কোন কোন বিষয়ের বেলায় সংশ্লিষ্ট বিষয় ছাড়াও সমতুল যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন :

বাংলা বিষয়ের বেলায় — কম্পারেটিভ ইন্ডিয়ান ল্যাঙ্গোয়েজ অ্যান্ড লিটারেচার, ফোকলোর, কম্পারেটিভ ইন্ডিয়ান ল্যাঙ্গোয়েজ অ্যান্ড লিটারেচারের পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য।

বায়োলজিক্যাল সায়েন্সের বেলায় — হিউম্যান ফিজিওলজি, অ্যানিম্যাল সায়েন্স (জুলজি), বটানি / জুলজি / ফিজিওলজি / মাইক্রোবায়োলজি / বায়ো-টেকনোলজি / সেরিকালচার / মলিকিউলার বায়োলজি / জেনেটিক্সবটানির অনার্স-সহ ইকোলজির এম.এসসি, অ্যাগ্রিকালচার বটানি / প্ল্যান্ট ফিজিওলজি / জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং হর্টিকালচার বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য। বটানি / জুলজি / ফিজিওলজির অনার্স সহ এনভায়রণ মেন্টাল সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য।

কেমিস্ট্রি বিষয়ের বেলায় — অ্যাগ্রিকালচার অ্যান্ড সয়েল কেমিস্ট্রির পোস্ট-গ্র্যাজুয়েট (কেমিস্ট্রির অনার্স সহ), বায়ো কেমিস্ট্রির পোস্ট-গ্র্যাজুয়েট কিংবা প্লাস্টিক অ্যান্ড রবার টেকনোলজির বি.টেক বা, এম.টেক. (কেমিস্ট্রির অনার্স-সহ) কোর্স পাশরা যোগ্য। পলিমার সায়েন্স অ্যান্ড টেকনোলজি বা, কেমিক্যাল টেকনোলজি কিংবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের বি.টেক. কোর্স পাশরাও যোগ্য। অ্যাপ্লায়েড কেমিস্ট্রির পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য।

কম্পিউটার অ্যাপ্লিকেশনের বেলায় এম.সি.এ. কোর্স পাশরা যোগ্য।

কম্পিউটার সায়েন্সের বেলায় — কম্পিউটার সায়েন্সের অনার্স কোর্স পাশরা কম্পিউটার সায়েন্সের বি.টেক. কোর্স পাশ হলে, কম্পিউটার টেকনোলজির এম.এসসি., ইনফর্মেশন টেকনোলজির এম.টেক., ইনফর্মেশন টেকনোলজির এম.এসসি., কম্পিউটার সায়েন্সের অনার্স-সহ অ্যাপ্লায়েড কম্পিউটার সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েট, এম.সি.এ., কম্পিউটার সায়েন্সের এম.সি.এ. কোর্স পাশরাও যোগ্য।

কমার্সের বেলায় — বি.কম. অনার্স গ্র্যাজুয়েটরা এম.বি.এ. (ফিনান্স) কোর্স পাশ হলেও যোগ্য।

এডুকেশনের বেলায় — এম.এড. কোর্স পাশ হলেও যোগ্য।

ভূগোলের বেলায় — রিমোট সেন্সিং অ্যান্ড জি.আই.এস., জিওইনফর্মেটিক্স বা, রুরাল ডেভেলপমেন্ট (ভূগোলের অনার্স-সহ)'এর পোস্ট-গ্র্যাজুয়েট হলেও যোগ্য।

ইতিহাস বিষয়ের বেলায় — ইতিহাসের অনার্স গ্র্যাজুয়েট-সহ আর্কিওলজির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য।

অঙ্কের বেলায় — ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা, স্ট্যাটিস্টিক্সের এম.এসসি. বা, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্সের এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য।

মিউজিকের বেলায় — ইন্সট্রুমেন্টাল মিউজিক (পার্কাসান), ইন্সট্রুমেন্টাল মিউজিকের এম.এ., এম. মিউজ., মিউজিওলজির এম.এ., রবীন্দ্র সঙ্গীতের এম.এ., ভোকাল মিউজিকের এম.এ. কোর্স পাশরাও যোগ্য।

নিউট্রিশন বিষয়ের বেলায় — ডায়াটেটিক্স অ্যান্ড কমিউনিটি নিউট্রিশন অ্যান্ড ম্যানেজমেন্টের এম.এসসি., ফুড প্রসেসিং অ্যান্ড নিউট্রিশন সায়েন্সের এম.এসসি. (বি.এসসি.-সহ) কোর্স পাশরাও যোগ্য।

ফিজিক্স বিষয়ের বেলায় — বায়ো-ফিজিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট, ইলেক্ট্রনিক সায়েন্সের এম.এসসি., অপটিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্সের এম.টেক., অ্যাটমোস্ফিয়ারিক সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েট, ইলেক্ট্রনিক্সের এম.এসসি., অ্যাপ্লায়েড ফিজিক্সের এম.এসসি. কোর্স পাশ কিংবা রেডিও ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্সের বি.টেক (ফিজিক্স অনার্স-সহ) কোর্স পাশরাও যোগ্য।

পলিটিক্যাল সায়েন্সের বেলায় — ইন্টারন্যাশনাল রিলেশন্স বা, পাব্লিক অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরাও যোগ্য।

বি.এড.'এর বেলায় — শিক্ষা শাস্ত্রী (সংস্কৃত), বি.টি., পি.জি.বি.টি. বা, পি.জি.টি. পাশরাও যোগ্য।

সংস্কৃত বিষয়ের বেলায় — আচার্য (এম.এ.) পাশ হলেও যোগ্য।

ভিশুয়াল আর্টসের বেলায় — ফাইন আর্টস কিংবা ডিজাইনের মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য।

ফিজিক্যাল এডুকেশনের বেলায় — এম.পি.এড. কোর্স পাশরাও যোগ্য।

হোম সায়েন্স বিষয়ের বেলায় — হোম সায়েন্স (হিউম্যান ডেভেলপমেন্ট)'এর পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য।

হোম ম্যানেজমেন্ট অ্যান্ড হোম নার্সিংয়ের বেলায় — হিউম্যান ডেভেলপমেন্ট অ্যান্ড ফ্যামিলি রিসোর্স ম্যানেজমেন্ট / হোম সায়েন্স (হিউম্যান ডেভেলপমেন্ট)'এর পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য।

এনভায়রণমেন্টাল স্টাডিজ বিষয়ের বেলায় — এনভায়রণমেন্ট সায়েন্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য।

অ্যাকাউন্ট্যান্সি বিষয়ের বেলায় — এম.কম. বা, এম.বি.এ. (ফিনান্স) কোর্স পাশরাও যোগ্য।

অ্যাগ্রোনমি বিষয়ের বেলায় — অ্যাগ্রিকালচারে এম.এসসি. (অ্যাগ্রোনমি-সহ) কোর্স পাশরাও যোগ্য।

অনলাইনে দরখাস্ত করতে পারবেন ২১ জুলাই বেলা ৫টা পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.westbengalssc.com আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে

১ পাতার পর

মার্কেটিংয়ে। এই পরিসংখ্যান থেকেই স্পষ্ট, আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের ডিজিটাল মার্কেটিংয়ে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৫,০০০ থেকে ৬,০০০ জনের চাকরি হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ১৫০ থেকে ২০০ জনের চাকরি হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৬ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গিয়েছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও তথা ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানান, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার হল এখনও অনেক বেকার ছেলেমেয়েই এব্যাপারে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা অজানা। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে AI বেসড ডিজিটাল মার্কেটিং মন দিয়ে শেখে, তাহলে এখানের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই।' ডিজিটাল মার্কেটিংয়ে মূলত এই ৩টি পদে লোক নেওয়া হয়— **(i) SEO (Search Engine Optimization), (ii) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই চাকরি হয় SEO ও SMO-তে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে চাকরি হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৩০ থেকে ৪০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে।' তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে ডিজিটাল মার্কেটিংয়ে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য দত্ত বলেন, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিরই ডিজিটাল মার্কেটিংয়ের দরকার। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি 'ই সার্চিং'এর একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলারের (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) মাধ্যমে কোম্পানির সোশাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়।' এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য দত্ত বলেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর ওপর ৬ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ডিজিটাল মার্কেটিং-এর ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং-এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য **SEMrush** বা **Google Keyword Planner** বা **Ubersuggest**-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৩) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৪) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৫) প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকলে আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায়। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সঙ্গে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানের ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়, যা অন্য কোথাও হয় না। (৬) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকেন না। বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা, যা ২ বছর পর বেড়ে মাসে ৩৫,০০০ থেকে ৬০,০০০ টাকা হয়। (৭) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানের ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৮) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানের কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানের ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারেন ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পান। (৯) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয়, যা চাকরির বাজারে এখানের ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১০) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে, যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১১) এখানের কোর্স ফী ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদের প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, DN-10, Sector-V, Salt Lake, 700091

২,১০৯ শিক্ষক, ওয়ার্ডার

১ পাতার পর

৩৭টি (জেলাঃ ১৮, ও.বি.সি.৯, তঃজাঃ৫, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩)।

পোস্ট কোড 02/25 : আয়ুর্বেদিক ফার্মাসিস্ট : মাধ্যমিক পাশরা আয়ুর্বেদিক কম্পাউন্ডারে ট্রেন্ড থাকলে যোগ্য। আয়ুর্বেদিক ফার্মাসি স্বীকৃত প্রতিষ্ঠানে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেলাঃ৩, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

পোস্ট কোড 05/25 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার -ইংলিশ (মেল) : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ইংরিজির মাস্টার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। বি.এ. বি.এড., বি.এসসি. বি.এড. বা, ৩ বছরের বি.এড. -এম.এড. কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। শূন্যপদ :৬৪টি (জেলাঃ ৪৬, ও.বি.সি. ২, তঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ৭)।

পোস্ট কোড 06/25 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার -ইংলিশ (ফিমেল) : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ইংরিজির মাস্টার ডিগ্রি কোর্স পাশ মহিলারা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। বি.এ. বি.এড., বি.এসসি. বি.এড. বা. ৩ বছরের বি.এড. -এম.এড. কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে: ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। শূন্যপদ : ২৯টি (জেলাঃ ১২, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৫)।

পোস্ট কোড 07/25 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার -সংস্কৃত (মেল) : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে সংস্কৃত বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। বি.এ. বি.এড., বি.এসসি. বি.এড. বা, ৩ বছরের বি.এড.-এম.এড. কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেলাঃ ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)।

পোস্ট কোড 08/25 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার -সংস্কৃত (ফিমেল) : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে সংস্কৃত বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশ মহিলারা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। বি.এ. বি.এড., বি.এসসি. বি.এড. বা, ৩ বছরের বি.এড. -এম.এড. কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। শূন্যপদ : ১৯টি (জেলাঃ ১৩, ও.বি.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

পোস্ট কোড 10/25 : পোস্ট গ্র্যাজুয়েট টিচার -অ্যাগ্রিকালচার (মেল) : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে অ্যাগ্রিকালচার বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। বি.এ. বি.এড., বি.এসসি. বি.এড. বা, ৩ বছরের বি.এড.-এম.এড. কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেলাঃ২, ও.বি.সি.১, তঃজাঃ১, ই.ডব্লু.এস. ১)।

পোস্ট কোড 11/25 : ডোমেস্টিক সায়েন্স টিচার : ডোমেস্টিক সায়েন্স বা, হোম সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা ডোমেস্টিক সায়েন্স বা, হোম সায়েন্সের বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে :৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। শূন্যপদ : ২৬টি (জেলাঃ ৮, ও.বি.সি. ৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৩)।

পোস্ট কোড 12/25 : অ্যাসিস্ট্যান্ট (অপারেশন থিয়েটার / সি.টি.এস., / নিউরো সার্জারি / গ্যাস্ট্রো সার্জারি, সি.এস.এস.ডি. / অ্যানাস্থেশিয়া / গ্যাস প্ল্যান্ট / অ্যানাস্থেশিয়া ওয়ার্কশপ / আই.সি.ইউ সার্জিক্যাল / রেজুসিটেশন) : বিজ্ঞান বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অপারেশন রুম অ্যাসিস্ট্যান্ট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ১২০টি (জেলাঃ ৫১, ও.বি. সি. ৩২, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ১১)।

পোস্ট কোড 13/25 : টেকনিশিয়ান (অপারেশন থিয়েটার / সি.টি.এস., / নিউরো সার্জারি / গ্যাস্ট্রো সার্জারি, সি.এস.এস.ডি. / অ্যানাস্থেশিয়া / গ্যাস প্ল্যান্ট / অ্যানাস্থেশিয়া ওয়ার্কশপ / আই.সি.ইউ সার্জিক্যাল / রেজুসিটেশন) : বিজ্ঞান বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অপারেশন রুম অ্যাসিস্ট্যান্ট কোর্স পাশ হলে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ও.টি. অ্যাসিস্ট্যান্ট হিসাবে অন্তত ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৭০টি (জেলাঃ ৩০, ও.বি.সি. ১৮, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ই.ডব্লু.এস. ৭)।

পোস্ট কোড 14/25 : ফার্মাসিস্ট (আয়ুর্বেদ) : মাধ্যমিক পাশরা আপভেধ, ভেষজ কল্পক-এর ২ বছরের ট্রেনিং করে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : ১৯টি (জেলাঃ ১২, ও.বি.সি. ৫, তঃজাঃ ২)।

পোস্ট কোর্ড 15/25 : ওয়ার্ডার (মেল) : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা যোগ্য। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৭০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ সেমি থেকে ৮৫ সেমি আর অন্তত ৫ সেমি ফোলানোর দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ১,৬৭৬টি (জেলাঃ ৬৮০, ও.বি.সি. ৪৫২, তঃজাঃ ২৫২, তঃউঃজাঃ ১২৫, ই.ডব্লু.এস. ১৬৭)।

পোস্ট কোড 16/25 : ল্যাবরেটরি টেকনিশিয়ান : কেমিস্ট্রি নিয়ে সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশরা কোনো কেমিক্যাল ল্যাবরেটরিতে অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : ৩০টি (জেলাঃ ১৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ৭-৮-২০২৫'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

বিজ্ঞপ্তি নং : 01/2025.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে দু'টি সেকশনে। প্রথম সেকশনে থাকবে ১০০ নম্বর। প্রশ্ন হবে এইসব বিষয়ে : মেন্টাল এবিলিটি অ্যান্ড রিজনিং এবিলিটি, জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন, হিন্দি ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড অ্যান্ড ডাটা ইন্টারপ্রিটেশন।

দ্বিতীয় সেকশনে থাকবে ২০০ নম্বর। প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা যাবে। সময় থাকবে ৩ ঘন্টা।

পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.dsssb.delhi.govt.in

সফল হলে স্কিল টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ আগস্টপর্যন্ত। এই ওয়েবসাইটে : http://dsssbonline.nic.in, www://dsssb.delhigovt.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ফী পেমেন্ট চালান প্রিন্ট করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। এবার স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com